

পৌরাণিক ইতিবৃত্ত।

প্রথম খণ্ড।

কলিকাতা।

শ্রীযুত ঈশ্বরচন্দ্র বস্থ কোং বছবাজ্ঞারস্থ ২৪৯ সংখ্যক ভবনে ফ্যান্ছোপ্ যন্ত্রে মুদ্রিত ও গ্রন্থকর্ত্তাকর্ত্বক প্রকাশিত।

मन ১২११ माल।

[All rights reserved.]



বিজ্ঞাপন।

ইতিপূর্ব্বে আমি অভিধান-প্রণালী অনুসারে এই পৌরাপিক ইতির্ভ ইংরাজী ভাষায় প্রস্তুত করিতে উদ্যুত হই।
পরে কতিপয় মিত্র আমার সেই সঙ্কপ্প অবগত হইয়া অপ্রে
বঙ্গভাষায় এই পুস্তুক প্রচার করিতে অনুরোধ করেন।
আমিও বিবেচনা করিয়া দেখিলাম এ প্রকার পুস্তুক অদ্যাপি
বঙ্গভাষায় প্রকাশ পায় নাই, অভএব এই কার্য্যে প্রবৃত্ত
হইলাম। পুরাণ, উপপুরাণ এবং পুতিতদেশীয় অপরাপর
প্রাচীন প্রাচীন প্রস্তুত্ব কি কি উপাখ্যান প্রভৃত্তি লিখিত
আছে তাহা জানিতে সকলেই আকাজ্ফী। পরস্তু গ্রন্থাভাব,
অবকাশাভাব ইত্যাদি নানা কারণবশতঃ তাঁহাদিগের সেই
আকাজ্ফা সহজে সফল হওয়া স্বক্টিন। স্বতরাং এই পুস্তুক
প্রচারে তাঁহাদিগের উপকার দর্শিতে পারিবে। এতং
পাঠে কোন্ পুরাণে কি বিষয় কিরপে লিখিত আছে তাহা
তাঁহাদিগের অনায়াসে হ্বয়ঙ্গম হইবে।

এরপ পুস্তক প্রণয়নে কি পর্যান্ত পরিপ্রাম স্বীকার করিতে
হইয়াছে তাহা বিদ্যানুরাগী মহোদরগণ পুস্তক পাঠে পরিচর
পাইবেন, তদ্বিষয় কিছু বলা বাহুল্য মাত্র। পৌরানিক
ইতিরত্ত রচনাকার্য্যে এতদ্দেশীয় প্রাচীন প্রাচীন স্বনেক গ্রন্থের
সমালোচনা করা হইয়াছে; তন্তির সংস্কৃত ভাষায় সমীচীন
ব্যুৎপত্র উইলসন, উইলফোর্ড, কোলক্রক প্রভৃতি মহাত্মগণের
বিরচিত গ্রন্থের, এবং রাজা রাধাকান্ত দেব প্রকাশিত শব্দকম্পক্রমের সাহায্য স্ববশ্বন করা হইয়াছে।

ইহাও বক্তব্য, পুস্তক প্রণয়নে প্রায়ুত রামনারায়ণ তর্ক-রত্নেরও সাহায্য গ্রহণ করা হইয়াছে। এক্ষণে কতদূর কত-কার্য্য হইলাম বলিতে পারি না।

পোরাণিক ইতিবৃত্ত একেবারে সমুদয় প্রকাশ করা বহুকাল সাধ্য ও বহু বায় সাপেক্ষ্য, এই হেতু খণ্ডে খণ্ডে প্রকাশ
করা নাইবে ৷ এই প্রথম খণ্ড ৷ এই খণ্ডে অকারাদি শন্দের
বাহুল্য প্রযুক্ত কেবল অকারাদি শন্দই নিবদ্ধ হইল ৷ দ্বিতীয়
খণ্ডে 'আ' প্রভৃতি স্বরবর্ণাদি শন্দ সমুদয় সংযোজিত হইবে,
পরে ককারাদি শন্দ আরম্ভ করা বাইবে ৷

এই হুরহ ব্যাপারে বিশ্বৃতিক্রমে যদি কোন জমপ্রমাদ ঘটিয়া থাকে, পাঠকগণ তাহা ক্ষমা করিবেন, এবং তদ্বির লিখিয়া পাঠাইয়া গ্রন্থকর্ত্তাকে বাধিত করিবেন।

ইটালী পদাপুকুর, তাং ১৫ই আগন্ট, ১৮৭০। তুরু অব্রাএন স্মিথ।

পৌরাণিক ইতিবৃত্ত।

আ। প্রথম স্বরবর্ণ। ইহার লক্ষণ এই, 'অ' শরৎ-কালের চন্দ্রের মত উজ্জ্বল। ইহার পাঁচটী কোণ আছে। ইহা শিব, তুর্গা, সূর্য্য, বিষ্ণু ও গণেশ এই পঞ্চ দেবতাময়। তিনটী শক্তিযুক্ত, নির্গুণ অথচ ত্রিগুণাত্মক, স্বয়ং কৈবল্য অর্থাৎ মুক্তি স্বরূপ। এই বর্ণের অবয়ব অম্পামাত্র এবং ইহা স্বয়ং প্রকৃতিরূপ।—কামধেষ্ঠ তন্ত্র।

অ। বিঞ্র নামান্তর।—-মেদিনী তথা স্থৃতি। অপের বিষয় "ওঁ" শব্দে দুষ্টব্য।

অ°শ। কশ্যপের পুজ্জ, অদিতির গর্ভে জাত। ইনি দ্বাদশাদিত্যের মধ্যে একাদশ। আদিত্যগণ সকলই চাক্ষ্য ময়ন্তরে তু্ষিত নামে খ্যাত ছিলেন, পরে বৈবস্বত ময়-ন্তরে আদিত্য নাম প্রাপ্ত হন।—বিষ্ণুপুরাণ।

অণ্ট। ইনি পুরুহোতের পুত্র।—বিষ্ণুপুরাণ। পরস্ত কুর্মপুরাণে কথিত আছে, রাজা অংশু, অনুর পুত্র। ভাগবতে আবার পুরুহোতের পুত্তের নাম আয়ু বলিয়া নির্দ্দিউ হইয়াছে।

অণ্ডমান্। স্থ্যবংশীর রাজা বিশেষ। ইনি অস-মঞ্জার পুত্র ও সগররাজার পোত্র। অংশুমান্ অতি শান্ত শিষ্ট ছিলেন। ভাঁহার পিতামহ মহারাজ সগর শত অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠান করেন। ক্রমে ১৯টী অশ্বমেধ निर्कित्य ममाश्र इंशल शूनकीत जात वकी कतिवात নিমিত্ত অর্থ ছাড়িয়া দেন, সৈন্য সামস্ত ও ষ্ঠি সহত্র সগর-সন্তান তাহার রক্ষার্থে নিযুক্ত হয়। ইন্দ্র দেখিলেন সগর-রাজা নির্বিরোধে এই অবশিষ্ট যজ্ঞটী সমাপন করিতে পারিলেই শতক্রতু হইয়া তাঁহার ইক্রত্ব গ্রহণ করেন। অতএব তিনি সেই অশ্বটী হরণ করিয়া পাতালে রাখিয়া পলায়ন করিলেন। সগর-সন্থানেরা নানা স্থানে অশ্বের অনুসন্ধান করিল, পরিশেষে অখের পদচিহ্ন ধরিয়া পৃথিবী খননপূৰ্বক পাতালে প্ৰবিষ্ট হইয়া দেখে মহা-যোগী কপিল ধ্যান করিতেছেন, ভাঁহার নিকটে অশ্বটী চরিতেছে। তাহাতে সগর-সন্থানেরা বিবেচনা করিল, এই যোগীই আমাদিগের অশ্ব অপহরণ করিয়াছে, এই ব্যক্তিই চোর, ইহা ভাবিয়া তাহারা কপিল মহর্ষিকে প্রহার করিতে প্রবন্ত হইলে কপিলের ক্রোধানলে তৎক্ষণাৎ সকলেই ভন্ম হইল। রাজা সগর যজ্ঞ পরিসমাপন হয় ना मिथिश के यथ यानशनार्थ निक यूविनी उ मिरे शील অংশুমানকে কপিলের নিকট পাঠাইলেন। অংশুমান পাভালপুরে প্রবেশ করিয়া মহর্ষি কপিলকে নানাবিধ স্তুতি বিনতি করিলেন। মহর্ষি তাহাতে পরিতুট হইয়া কহিলেন, অংশুমান ৷ এই অশ্ব লইয়া গিয়া ভোমার পিতা-মহের যজ্ঞ পূর্ণ কর, আর আমি তোমার স্তবে দাতিশয়

পরিতুষ্ট হইয়াছি কোন রূপ বর প্রার্থনা কর। খংশুমান্ ঐ ভস্মীরুত ষ্টিসহত্র পিতৃব্যদিগের স্বর্গপ্রাপ্তি প্রার্থনা করিলেন। কপিল কহিলেন ঐ সকল হুর্বভেরা ত্রন্ধকোপা-नटल पक्ष इरेशांट्स, भन्ना वाजीज रेशिप्तित जेनात কিছুতেই নাই; স্বৰ্গ হইতে গলা পৃথিবীতে আগমন করিলে তাঁহারই জলম্পর্শে উহারা উদ্ধার হইবে, অতএব বর প্রদান করিতেছি, তোমার পোল স্বর্গ হইতে পৃথি-বীতে গঙ্গা আনয়ন করিবেন, ইহা কহিয়া ভাঁহাকে বিদায় করিলেন। অংশুমান্ অশ্ব লইয়া আসিয়া পিতা-মহকে প্রদান করিলে, রাজা সগর যজ্ঞ সমাপন করত অংশুমান্কে রাজ্যাভিষিক্ত করিয়া স্বর্গে যাত্রা করিলেন। অংশুমান বহুদিন রাজ্য করিয়া স্বপুত্রকে রাজ্য প্রদান-পূর্বক গঙ্গানয়নার্থ স্বয়ং তপস্থাতে গমন করিলেন, কিছু দিনের পর সেই তপোবনেই **ভাঁহার দেহাতিপাত হইল।** অন্যান্য কথা 'ভগীরথ' শব্দে দ্রুষ্টব্য ৷—রামায়ণ তথা বিষ্ণু-পুরাণ।

ভাগবতেও অংশুমানের বিষয় এই একই রূপ, কিন্তু সগর-সন্তানদিগের ভন্ম হইবার বিষয়ে ভাগবতে ইহা লিখিত আছে যে তাহারা কপিল কোপানলে ভন্ম হয় নাই,ইক্স তাহাদিগের শক্তি আকর্ষণ করাতে তাহারা স্বস্থ শরীরের তেকেই ভন্ম হইয়াছিল, যেহেতু জগৎ পরিজ্ঞ-কারী সত্তগাবলম্বী সহর্ষি কপিলে রজোঞ্চণ কি প্রকারে সন্তবে, যাঁহার সাংখ্যাশান্তরূপ নৌকাতে লোক ভবার্ব উত্তীর্ণ হয়, সেই সাক্ষাৎ বিষ্ণু কপিলে ক্রোধের উদয় কদাচ হইতে পারে না।

অণ্শুমান্। সুর্য্যের নামান্তর।—তিকাও শেষ। অণ্শুমালী। সুর্য্যের নামান্তর।—তিকাও শেষ। অণ্শুহস্তঃ সুর্য্যের নামান্তর।—জ্টাধর।

অকায়। রাহু, তাহার শরীর নাই বলিয়া অকায় এই নাম হইয়াছে। ইহার সবিশেষ রাহুশব্দে দুফব্য।

व्यक्शात । मञ्चलत नामास्त्र।-व्यवस्वाय।

অকৃতত্ত্রণ। একজন মুনি, কশ্যপবংশে ইহাঁর জন্ম। ইনি পরশুরামের অতিপ্রিয় বন্ধু এবং রোমহর্ষণ নামক সূত গোস্বামির শিষ্য, তাঁহার নিকটে বিদ্যাধ্যয়ন করিয়া অন্যান্যদিগের পুরাণশান্ত্রের উপদেশক হন। ইনি যে এক খানি সংহিতা প্রণয়ন করেন তাহা বিষ্ণুপুরাণের ভাবার্থ অনুসারে রচিত।—মহাভারত তথা বিষ্ণুপুরাণ।

অকৃশাশ্ব। সুর্য্যবংশীয় সংহতাখের পুত্র।
অক্র । যহবংশীয়, সফল্কের ঔরসে গাল্ধিনীগর্তে
ইহাঁর জন্ম, ইহাতে ইনি গাল্ধিনীস্থত নামেও খ্যাত,
পরস্ত ক্ষের পিতৃত্য বলিয়া লোকে পরিচিত। রাজা
কংস ধর্মপ্রজ্জেলে নিজশক্ত রামক্ষের বিনাশ চেন্টায়
স্বীয় রাজধানীতে তাঁহাদিগের আনয়নার্থ এই অক্রবক
নন্দালয়ে দূত করিয়া পাঠান, অক্রর তথায় গমন করিয়া
তাঁহাদিগকে সঙ্গে লইয়া মধুরাতে প্রত্যাগমন করিয়া
ছিলেন। অক্রকে একবার চার-কার্য্যও করিতে হয়;

কং নবধের পর কৃষ্ণ পঞ্চপাওবের প্রতি ধৃতরাধ্রের মেহ কিরপ ইহা জানিতে হস্তিনাপুরে অক্রুরকে পাঠান। তিনি গিয়া জানিলেন পাওবদিনের উপর ধৃতরাধ্রের বিষম বিদেষ বুদ্ধিই আছে, অক্রুর প্রত্যাগ্রত হইয়া কৃষ্ণকে তাহা অবগত করিয়াছিলেন।

অক্ররের অপর একটা নাম দানপতি। দানপতি নাম হইবার কারণ, ক্লফ যখন মথুরা ত্যাপ করিয়া সপরি-বাবে ও জ্ঞাতি বান্ধবের সহিত ছারকাতে বাস করেন, তৎকালে এই এক ঘটনা ঘটে :--ক্লফের পত্নী সত্যভামার পিতা সত্রজিতের স্যামন্তক মণি* ছিল। শতধ্যা নামে এক ব্যক্তি রজনীযোগে ঐ সত্রজিৎকে বিনাশ করিয়া মণি হরণ করে। কৃষ্ণ সত্যভামার নিকটে সেই সমাদ শুনিয়া শতধন্বাকে বিনাশ করিতে উদুযোগ করাতে শতধন্বা অক্রুরের হস্তে 🔄 মণি ন্যস্ত রাখিয়া পলায়ন করে। কৃষ্ণ তাহার পশ্চাৎ ধাবমান হইয়া মিথিলার উপবনে তাহাকে বিনাশ করেন, কিন্তু মণি পান না। এদিগে অক্র के भिंग लहेशा क्रत्यक जाता कामीटिक शमन कतिशाहितनने, ঐ মণি প্রচুর স্বর্ণ প্রসব করিত,অক্রর তাহাদারা তথায় নানাপ্রকার যাগ যজ্ঞ দানাদি কার্য্য করায় দানপতি নামে বিখ্যাত হন, এবং অত্যন্ত ধনাঢ্যৱপে কাল্যাপন করেন। অক্র যখন দারকাতে + অবস্থিত ছিলেন, তন্তা-

^{*} गामखक मगित छण दिवत मामखक नाटक छहेवा।

[†] অকুর কাশী হইতে ছারকাতে কোনু সময়ে প্রভাগত হন ওছিবর কিছু নিশ্চর নাই।

ৰৎ কাল ঐ স্যমন্তক মধির প্রভাবে তথায় কোন প্রকার উপদ্ৰৰ ঘটে নাই। তদনন্তর সত্যত্ততের প্রপোত্ত শক্তম ভোজদিগের কর্ত্ব হত इहेटल ভোজের। সকলে ভারকা हरेट श्रष्टान कतिलन, अकृत ७ ७९ मम्बिगाहारत यान, তদব্যি দারকাতে হর্ভিক, মহামারী, সর্পভয় প্রভৃতি নানা আপদ্ সংঘটিত হইতে আরম্ভ হইল। কি জন্য একণে এককালে এত আপদ্বিপদ্ ঘটিতেছে, ইহার কারণাতুসন্ধান করিতে এক সভা আহ্বান করিলেন। সভামধ্যে অন্ধক বক্তৃতা করিয়া কহিলেন, '' সফল্ক যেখায় যথন থাকিতেন দেখানে তথন হুর্ভিক্ষ, মহামারী প্রভৃতি কোন আপদ্ উপদ্ৰব কলাচ ঘটিত না, অক্র সেই সফ-ল্কের পুত্র, বিশেষতঃ ইনি গান্ধিনীর গর্ভজাত। গান্ধিনী প্রত্যহ্ ত্রাহ্মণদিগকে গোদান করিতেন, এমন ব্যক্তিদিগের পুত্র অকুর, সেই অকুর নগরী পরিত্যাগ করায় অবশ্যই এই সমস্ত অমঙ্গল ঘটিতেছে, অতএব তাঁহাকে এন্থানে পুনরানয়ন করা যাউক। " অন্ধানের এই পরামশানুসারে যাদবেরা কেশব, বলভদ্র ও উগ্রসেনকে অক্রের নিক্ট প্রেরণ করিয়া তাঁহাকে দারকাতে পুনর্কার আনয়ন করি-त्वन, छाहार छेरे मकल छेरा जब भारित हरेल। क्रिक मरन मत्म विष्ठांत कतिरानन, अकृत मकान्कत भूख ও গাঞ্জिनीत गर्डकाठ रटिन किंद्र ठारा बिनाइर कि रेराँद्र आंगमत इर्जिक महामाती निवृद्धि इरेट्ड शादत, अमन नट्ट, डेट्रांत নিকটে সামন্তক মণি আছেই, তাহারই প্রভাবে সর্ব্ব

প্রকার অমঙ্গল দুরীভূত ইইল সন্দেহ নাই। মনে মনে ইহা ছির করিয়া একদা নিজালয়ে যহবংশীয় ঘাবদীয় ব্যক্তিকে নিমন্ত্রণ করিয়া আনিলেন। অকুর আসিলে তৎসহ নানা রহস্যালাপাদির প্রসঙ্গে কহিলেন, "অকুর, তুমি যথার্থ দানপতি, কিন্তু আমরা জানিতে পারিয়াছি যে শতধরা স্যমন্তক মনি হরণ করিয়া তোমারি হস্তে দিয়া যায়, তাহা তোমার নিকটেই আছে, অতএব সে মনিটী একবার আমাদিগকে দেখাও।" অকুর সন্ত্রান্ত হইয়া মনে মনে ভাবিলেন যদি স্বীকার না করি পরিধেয় বক্ত্র অবেষণ করিলেই মনি বাহির হইয়া পড়িবে, তাহা হইললেই অপ্রন্তত হইব, ইহা ভাবিয়া স্বীয় বক্তে আবদ্ধ স্বর্ণময় এক কোটাতে লুকায়িত ঐ মনি বাহির করিয়া দেখাইললেন। মনি বাহির করিলেই তাহার আভাতে গৃহ আলোকসময় হইয়া উঠিল।

শতধহাকে বধ করিয়া রুঞ্চই সেই মণি আত্মসাৎ করিরাছেন বলিয়া বলদেব প্রভৃতির যে ভ্রম ছিল সে ভ্রম এইক্ষণে দূর হইল। বলদেব মণি দেখিয়া তৎ-ক্ষণাৎ আপনার বলিয়া তাহা গ্রহণ করিতে উদ্যত হই-লেন। সত্যভামাও কহিলেন, স্যমন্তক মণি আমার পিতৃধন, উহাতে আমারই অধিকার। রুঞ্জের উভয় সঙ্কট উপস্থিত, কি করেন, পরে বিবেচনা পূর্বাক সভাস্থ সমস্ত লোকের নিকটে কহিলেন, আমারই অপবাদ দূরী-করণার্থ মণি বাহির ক্রাইয়া দেখান হইল, এই মণিতে

আমার ও বলভদ্রের তুল্য অধিকার, সত্যভামারও পিতৃংন স্তরাং উহারও ইহাতে স্বত্ব আছে, কিন্তু এই মণি যাহার रुख थारक म रूथमरश्चागविद्येन, किर्छान्ति । अ धर्मिके না হইলে ঐ মণি ভাহার মন্সলের কারণ না হইয়া বরং তাহার হত্যুকেই আহ্বান করে। আমরা জিতেন্দ্রিয় নহি, আমারতো ১৬০০০ টী স্ত্রী, স্বতরাং আমি ইহার গ্রহণ যোগ্য কিরুপে হইব। বলভদ্র মদ্যপায়ী ও সুখ-मरखांगी, पूज्रां इनिंख मिन शहरांत्र जरगांगा, जात সত্যভাষাও যে সুখসডোগে বিষুখ থাকিবেন ইহাও বোধ হইতেছে না, অতএব বলভদ্র, সত্যভামা, আমি আমাদের সকলেরই অভিপ্রায় এবং অন্যান্য যাদবদিগেরও অভিমত, অক্র, সকলের মঙ্গলের নিমিত্ত তোমার নিক-টেই মণি থাক্। তথন অক্র আহলাদপূর্বক সেই সুর্য্যতুল্য দেদীপ্যমান স্থামন্তক মণি প্রকাশ্চরপে নিজ भलारमा श्रीतथान कतिरलन ।--जागवज, महाजातज, वागू-পুরাণ, মৎস্পপুরাণ, ব্রহ্মপুরাণ, বিষ্ণুপুরাণ, তথা হরিবংশ।

অকোধন। কুরুবংশীয় রাজকুমার, ইনি অযুতা-য়ুদের পুত্র।—বিষ্ণুপুরাণ।

আগদ। ধরন্তরি-প্রণীত আয়ুর্কেদের অইভাগের মধ্যে ষষ্ঠভাগ (অগদ যাহাতে পীড়া নিবারণ হয়)।— বিষ্ণুরাণ।

অগস্ত্য । ঋষি বিশেষ। ইনি মিত্রাবরুণের পুত্র। উর্বেশী ইহাঁর মাজা কুডমধ্যে ইহাঁর উৎপত্তি,

তাছাতে ইহাঁর নাম কুজনত্তব হয় তাহার স্বিশেব • কুজ-সম্ভব । শবে ত্রকবা। অগন্তা অভ্যন্ত তপস্থী ও পরম প্রতাপান্থিত ছিলেন। সমুদ্রকৈ এক মুমুকে পান করেন। ইহাঁর পত্নীর নাম লোপাযুদ্ধা, তিমি বিমর্ভ রাজার কর্মান অগন্ত্য, লোপামুদ্রাকে বিবাহ করিয়া আশ্রমে আনিবা মাত্র ঐ নববধু নিজ পিতৃদত্ত বস্তালস্কারাদি পরিত্যাপ পূর্বক তপস্থিনীবেশ ধারণ করিয়া থাকিলেন। কিছু দিন পরে অগল্ডাকে কহিলেম, প্রভো ৷ তুমি আমার পিতার তুলা ঐশ্ব্যসম্পন্ন হইতে চেন্টা কর। অপস্ত্য কহিলেন আমি তপঃপ্রভাবে তোমার পিতার অপেকাও ঐশ্বর্যাশালী হইতে পারি কিন্তু তাহাতে তপদ্যা নষ্ট হয়: সুতরাং তুচ্ছ কণধংসি বিষয়ের নিমিত্ত মিথ্যা তপস্তা কয় করিতে ইচ্ছা করি না। ভাল, তোমার কথানুসারে ভিকা করিয়া অধিক ঐশ্বৰ্য্য আনিতেছি, ইহা কহিয়া অগল্ভ্য অনেক त्रारका भगन कतिरानन, किन्छ क्यांथाया कि शाहिरानन ना. কারণ, দেখিলেন কোথায় আর ব্যয় সমান, কোথায় আর অপেকা ব্যয় অধিক, স্বতরাং পরপীড়ার আশঙ্কার ডাহাঁর ভিকা করা হইল না। ভ্রমণ করত শুনিলেন, অনুরক্তাতি ইবল ও বাতাপি নামে হুই ভাতা বহুতর মনুষ্য হিংসা করিয়া অনেক ধন-সঞ্চয় করিয়াছে, তাছাদিপকে বিনাশ করিলে সর্বজনের হিত সাধন হয়, অতএব অপস্তা তাহা-তেই প্রবৃত ইইলেন। উক্ত সমুরের। এইরপে সমুরাহত্য। করিত, তাহারা ছলে আতিথেয়ী হইয়াছিল, কোন পথিক অভিথি হইলে জ্যেষ্ঠ ভ্ৰাতা ইৰল কনিষ্ঠ ৰাতাপিকে মেষ করিয়া তাহাকে বধপূর্বক তথাংস রন্ধন করত অতিথিকে ভক্ষণ করাইত। পরে ঐ বাতাপিকে আহ্বান করিলে মৃত-সঞ্জীবনী-বিদ্যার প্রভাবে সে জীবিত হইয়া অতিথির উদর বিদীর্ণ করিয়া বহির্গত হইত, তাহাতে অতিথির মৃত্যু হওয়ায় ঐ ভাতাদ্বয় তাহার মাংস ভক্ষণ ও তাহার ধন হরণ করিত। মহর্ষি অগস্ত্য উক্ত রাক্ষসদিগের নিকটে গিয়া অতিথি হইলেন। রাক্ষ্যেরা পূর্ব্বোক্তরূপে তাঁহাকে আতিথ্য প্রদান করিল,পরে অগস্ত্য মেষরূপধারি বাতাপির মাংস সমুদয় ভক্ষণ করিয়া তপঃপ্রভাবে জঠরানলে একে-বারে জীর্ণ করিয়া ফেলিলেন। ইম্বল পূর্ব্ববৎ বাতাপি বলিয়া **डि. किंदिल अविश्व किंदिलन, आमात किंदित स्म कीर्य हर्ड-**য়াছে,আর বাহির হইবে না ; তোমাদিগের হুরাত্মতা আজই দুরীক্তত হইল। রাক্ষ্ম তাহা শুনিয়া ক্রোধে তাহাঁকে বাহুবলে বিনাশ করিতে উদ্যত হইল,কিন্তু অগস্ত্যের হৃত্কার-ধনিতে সে অমনি ভশাবশৈষিত হইয়া গেল। পরে অগস্ত্য তাহাদিগের সঞ্চিত প্রচুর ধন গ্রহণপূর্ব্বক লোপামুদ্রাকে আনিয়া দিলেন। অগস্ত্য শ্ববি তাড়কার স্বামি সুন্দকেও কোন অপরাধে বিনাশ করিয়াছিলেন।

এই অগস্তা বিদ্যাগিরির ওক ছিলেন। বিদ্যা, বলে উন্মত হইয়া স্থানীর বিস্তার পূর্বক স্থাপথ অবরোধ করিলে সকল দেবতারা আসিয়া অগস্তার শ্রণাগত হন। তাহাতে অগস্তা বিদ্যোর নিকটে গমন করেন। শুরু সমাগত দেখিরা বিদ্ব্য ভূমিষ্ঠ হইরা প্রণাম করিল। অগস্ত্য অমনি কহিলেন বংস! তুমি এইরূপ থাক, আমি যত দিন প্রত্যাগত না হই তুমি মন্তক উন্নত করিও না। শুরুর আজ্ঞায় বিদ্ব্য তদবস্থ থাকিল। অগস্ত্য এইরূপ ছলে বিদ্ব্যকে দমন করিয়া দক্ষিণদিকে গমন করিলেন, আর প্রত্যারত হইলেন না। কিছুকাল পরে যোগে দেহ ত্যাগ করিয়া নক্ষত্রলোক প্রাপ্ত হইলেন।—মহাভারত ও রামারণ।

অগস্ত্যের দক্ষিণ দিগে গমন ভাদ্রমাসের প্রথম
দিবনে হইরাছিল। প্রথম দিনে হইরাছিল বলিয়া সকল
মাসেরই প্রথম দিনকে লোকে অগস্ত্যযাত্রা কহে, এবং সে
দিনে গমন করিলে আর কেহ ফিরে না বলিয়া, কেহই
মাসের প্রথম দিবসে কোথায় যায় না।

শরৎকাল সমাপত হইলে দক্ষিণদিগে ঐ অগস্ত্যনক্ষত্রের উদয় হয়। তাহার উদয়ে জল নির্মাল হয়
এমত প্রুতিতে কথিত আছে। দাক্ষিণাত্যেরা ভাত্রমানের ৪ দিন অগস্তাকে অর্থ প্রদান করিয়া থাকেন,
ভাহার বিধি ক্রেমবৈবর্তপুরাণে আছে। মৈত্রাবরণি
এটাও অগস্তাের নামান্তর । বিষ্ণপুরাণে লিখিত
আছে, পুলস্তাের ঔরনে প্রীতির গর্ত্তে দভোলির জল্প
হয়, ঐ দভোলিই প্রক্রিজন্মে স্বায়স্ত্রুব মহন্তরে অগস্তাঃ
নামে খ্যাত ছিলেন। পরস্ক বিষ্ণপুরাণের টীকাকার
রত্বপর্ত্তি বলেন অগস্তাই প্রক্রিদম্যে স্বায়স্তুর মহন্তরে

দক্তোলি নামে বিখ্যাত ছিলেন। স্থাবার ভাগবতে বর্ণিত স্থাছে, পুলস্ত্যের পত্নীর নাম হবির্ভূ, তাঁহার গর্ম্ভে পুলস্ত্যের ঔরসে অগস্ত্যের জন্ম, পূর্বজন্মে এই অগস্ত্যের নাম দহায়ি মর্থাৎ স্কঠরায়ি ছিল।

অশ্বি। দেবতাবিশেষ। একার মুখ হইতে ইহাঁর উৎপত্তি বেদে কথিত আছে। বিষ্ণুপুরাণেও ইনি ত্রন্মার জ্যেষ্ঠ পুত্র বলিয়া খ্যাত, পরস্ক পুরাণান্তরে দৃষ্ট হয় **धर्मत बन्धनाञ्ची পত्नीत शर्छ देशांत क्या। महारम्हर्वत** क्रजनात्य य मूर्जिविटभय, जाँशांतरे नाम व्यक्ति, देशांव অন্যান্য পুরাণে বর্ণিত; এবং ইহাও কথিত আছে ষ্ট্রি সকল দেবতার ও পিতৃলোকের মুখস্বরপ। মনু बरलन, अग्निटक म्रुकाङ्कि मिरल काश सूर्यारलारिक यांग्न, পরিণামে তাহাই রুটি স্বরূপে ভূমিতলে পতিত হয় এবং তাহা হইতেই শদ্যোৎপত্তি হইয়া থাকে। অগ্নি একজন फिक्शान : शूर्व-पिक्क त्कांगतक विषिक् करह, अधि তাহারই অধিপতি। বায়ুপুরাণ, একপুরাণ, পঅপুরাণ তথা ভাগৰতে অগ্নি পিতৃলোকের অধিপতি বলিয়া ব্যক্ত, পরস্ক বিষ্ণুপুরাণে লিখিত হইয়াছে, ষমই পিতৃলোকের শবিপতি। আদিত্যপুরাণে অগ্নির মূর্ত্তি এইরূপ বর্ণিত आदि स्था, देनि ब्रक्टवर्ग, देहाँत किन ७ हकू शिक्ष्य वर्ग, আৰু বিশেষতঃ জঠর অতি ছুল, হত্তে শক্তি ও অকস্তা। हैहाँ मधिविध व्यक्ति वर्षां शिक्षा अवः हेहाँत वाहन ছাগ। অগ্নির জীর নাম খাহা, তাহার গর্ভে পাবক,

প্রমান, ও শুচি নামে তিন্টী পুল্ল ক্ষমে, উহার। নিরতি-भन्न क्षेत्र्याभानी। शादक देवज्ञाजाधि, शदमान निर्मश (অর্থাৎ ঘর্ষণে উৎপন্ন) অগ্নি, এবং শুচি সৌরাগ্নি। পাৰকের পুত্র কব্যবাহন, তিনি পিতৃদিগের অগ্নি। শুচির পুত্র হব্যবাহন, তিনি দেবতাদিগের অগ্নি। প্রমানের शुख महत्रक, हैनि अन्द्रति तिश्व अधि। वटमाधाता नाटम অগ্নির অপর একটা স্ত্রী ছিল, তাহার গর্ভে দ্রবিণক প্রভৃতি অনেকগুলি পুল্ল জমে, তাহাদিগের পুল্ল পরস্পরায় ৪৫ জন অগ্নি হন, সুতরাং প্রথমোক্ত অগ্নি, এবং প্রমান, পাবক ও শুচি, আর এই ৪৫টা সর্বশুদ্ধ সংখ্যাতে ৪৯টা। বায়ুপুরাণে এই ৪৯টীর নাম এবং বাসন্থান বিস্তারিতরূপে বর্ণিত আছে, তত্তৎশব্দে ততাবৎ দ্রুটব্য। ভাগবতে লিখিত আছে, ৪৯টা অগ্নির প্রভেদ নছে, নাম মাত্র। ভিন্ন ভিন্ন হোমাদি কার্য্যে অগ্নির ভিন্ন ভিন্ন নাম ব্যব্হৃত অমরকোষ গ্রন্থে দক্ষিণ, গার্হপত্য ও আহবনীয়. অগ্নির এই ত্রিধামাত্র ভেদ দৃষ্ট হয়। অপিচ নৈয়ায়িকের। তাৰ্ণ ও অতাৰ্ণ ভেদে অগ্নি দ্বিধ বলিয়া পাকেন, ফলে অগ্নির বিষয়ে অনেক মতভেদ। ক্রশাসু, বহ্নি, ধনঞ্জয়, चनन, क्रक्षरर्ज्ञा, धनन ও रिक्शानत প্রভৃতি অগ্নির অনেক গুলি সাধারণ নাম প্রসিদ্ধ আছে, তত্তংশবে তাহার স্বিশেষ বর্ণিত হইবে।

অখি। নক্ষত্র বিশেষ। শিশুমার রামক রাশিনক্ষত্ত্তর পুক্তাণে ৪টা নক্ষত্র অবস্থিত, তমধ্যে অধি একটা, অপর ৩টী নক্ষত্রের নাম মহেন্দ্র, কশ্যপ ও ধুব, এই ৪টী নক্ষত্র কদাচ অন্তমিত হয় না। রজনীতে শিশুমার দর্শ-নের ফল দিনক্ষত পাপ ক্ষয়, এবং যে ব্যক্তি দর্শন করে সে ঐ রাশিনক্ষত্রে যত নক্ষত্র অথবা আকাশে যত নক্ষত্র আছে তৎসম সংখ্যক বা ততোধিক বৎসর জীবিত থাকে। শিশুমারের অপরাপর বিষয় 'শিশুমার' শক্ষে দ্রুইব্য।— বিষ্ণুপুরাণ, বায়ুপুরাণ, মংস্কুপুরাণ, লিক্ষপুরাণ, তথা ভাগবত।

व्यथिश्रतान । व्यक्तीनम श्रुतारनत मरश व्यक्तिश्रतान अछम। अधि, विश्वष्ठ मूनित निकटि এই পুরাণ প্রকাশ করেন, ইহাতে ইহার নাম অগ্নিপুরাণ অথবা আগ্নেয় পুরাণ হয়। বশিষ্ঠ মুনি, ব্যাসকে এই পুরাণের বিষয়ে তিনি আবার নৈমিষারণ্যে যফি সহত্র ঋষিদিগের নিকটে উহা ব্যাখ্যা করেন। অগ্রিপুরাণে ঈশান কল্পের র্তান্ত বর্ণিত আছে। ইহার শ্লোক সংখ্যার নির্ণয় করা সুকঠিন, কোন কোন পুঁথিতে ১৬০০০ কোন পুঁথিতে ১৫০০০ এবং কোন পুঁথিতে বা ১৪০০০ মাত্ৰ শ্লোক দৃষ্ট হয়। এই পুরাণে নিম্নলিখিত বিষয় সকল আছে: যথা, রামকৃষ্ণাদি দকল অবতারের বিবরণ, স্ফিপ্রকরণ, ত্রনাণ্ড নিরূপন, বিফু, অগ্নি, শালগ্রাম ও কুব্জিকা প্রভৃতির পূজাপ্রকরণ, দীক্ষাবিধি, প্রতিষ্ঠাবিধি, ছয় প্রকার ন্যাস-विधि, आफ्रकण्यविधि, मीयमानविधि, मक्काविधि, त्रन-े नीकाविधि, श्रमांसिकीर्थ, शक्रामाशिका, श्रक्तिंगा, बाहुर्त्वन, সাহিত্যশাস্ত্র, ছন্দঃশাস্ত্র, জ্যোতিঃশাস্ত্র, বোগশাস্ত্র, হোম বিধান, যুদ্ধ জয় করা, ত্রন্ধচর্য্য ধর্ম, নরক বর্ণন এবং ত্রন্মজ্ঞান নির্ণয় প্রভৃতি।

অধিবাহ । এক রাজকুমার, রাজা প্রিয়ত্ততের ভরদে কাম্যা নামী জ্ঞীর গর্ডে ইহাঁর জন্ম, ইনি রাজ্য-প্রার্থী ছিলেন না, যাবজ্জীবন ত্রন্ধচর্য্যাপ্রমেই কালাতি-পাত করিয়াছেন।—বিষ্ণুপুরাণ।

অথিবেশ। ঋষি বিশেষ। ইনি আত্রেয় মুনির
নিকটে আয়ুর্কেদ অধ্যয়ন করেন, ক্রমে উক্ত শাস্ত্রে
ব্যুৎপন্ন হইয়া যে আয়ুর্কেদ-সংহিতা নামে একখানি
বৈদ্যক গ্রন্থ রচনা করিয়াছিলেন, তদ্দর্শনে তাঁহার গুরু
আত্রেয় ও দেবঋষি এবং দেবতারা সকলেই অত্যন্ত সম্ভক্ত
হন। এবং তৎকার্যে তাঁহাকে সকলে সাধুবাদ প্রদানও
করিয়াছিলেন।
→ভাবপ্রকাশ।

অথিবেশ্য । মুনি বিশেষ। অগ্নিহইতে ইহাঁর জন্ম। ইনি ধসুর্বেদ বিদ্যায় অসাধারণ পারগ ছিলেন। জোণাচার্য্য ইহাঁরই নিকটে উক্ত বিদ্যা অধ্যয়ন করেন। এবং ইহাঁর নিকট হইতেই আগ্নোয়ান্ত প্রাপ্ত হয়েন।—দহাভারত।

অথিমাঠর। জনৈক ঋষি। ইনি ঋগ্বেদ শিক্ষক ছিলেন। বাক্ষলির নিকটে ইহাঁর বেদাধায়ন হয়। —বিষ্ণুপ্রাণ।

অথিমিত্র। রাজা বিশেষ। ইনি পুস্পমিত্তের পুত্র।
—বিকুপুরাণ। মহাকবি কালিদাস মালবিকাগ্নিমিত্র নামে

বে একখানি সংস্কৃত নাটক রচনা করেন তাহাতে অগ্নি-মিজের বিষয় লিখিত আছে, বিদিশা* নগরী অগ্নিমিজের রাজধানী ছিল, অগ্নিমিজ মালব (মালয়োয়া) দেশীয়া মালবিকা নামী একটা কুমারীকে বিবাহ করাতে তাহাঁর সোভাগ্যে তিনি সমুট্ হইয়া উঠেন।

चित्रवर्गः पूर्यादश्मीय ताकावित्मय। देनि महाताक पूर्मात्नत भूषा।—विकृभूतान, द्विवश्म उथा तामावन।

মহাকবি কালিদাস রঘুবংশ কাব্যে লিখিয়াছেন, রাজা
সুদর্শন অতীব প্রতাপায়িত ছিলেন, তিনি নিজ রাজ্য
সুশাসিত করিয়া পুলুকে ভোগার্থই প্রদান করিয়া যান্,
সুতরাং অগ্নিবর্ণকৈ যুদ্ধ বিগ্রহাদি কিছুই করিতে হয়
নাই। তিনি কোনরূপ পরিশ্রম করা ভাল বাসিতেন
না, ভোগস্থেই জীবন সমর্পণ করিয়াছিলেন। মন্তিরা
ঘাহা করিত তাহাই হইত, রাজা রাজকার্য্য কিছুই মনোবোপ করিতেন না, তিনি নিতান্ত ইন্দ্রির-পরতক্ত ছিলেন,
অন্তঃপুরে সর্বানা জীগণবেন্টিত থাকিয়াই কাল্যাপন
করিতেন। কোন প্রধান পুরুষ বা প্রজা রাজদর্শনাকাজ্যা
করত অত্যন্ত আকিঞ্চন জানাইলে রাজা সেই অন্তঃপুর
হুইভেই প্রাক্ষার দিয়া চরণ উভোলন করিয়া দিতেন।
রাজদর্শনাকাজ্যিরা অগত্যা তদ্দর্শনেই তৃষ্ট হইয়া প্রণাম
করিত। পিতৃপ্রভাবে বাহ্ন শক্রেরা তাহার রাজ্যাধি-

श्वीनातात्रा क्रियं किनिया नांदी धंक नगदी खाट्य धवर छत्राट्य धंक ननी व खाट्या विवृद्ध खेरेननम नाट्य दांश कटतम धरे विनियानगदी धकरण जिल्ली बाट्य खाउँ।

কারে প্রবিষ্ট হইতে পারে নাই, কিন্তু অধিক সুখভোগ করাতে রোগরিপু যৌবন সময়েই তাঁহার শরীরে প্রবেশ করিল। অনবরত রাত্রিজাগরণ, দিবানিদ্রা প্রভৃতি অতি অবৈধ আচরণে রাজ্যক্ষমা আসিয়া তাঁহাকে শীঘ্রই সংহার করিল।

অধিষ্টুব্। বৈরাজ নামক প্রজাপতির পুত্র। নরুলা নামী স্ত্রীর গর্ব্তে উক্ত প্রজাপতির যে ১০টী পুত্র জন্মে তাহার সপ্তমের নাম অগ্নিষ্টুব্।—হরিবংশ।

অথিপ্টোম। ঋষি বিশেষ, ইনি চাক্ষুষ নামক মনুর পুত্র। ইহাঁর জননীর নাম নবলা।—বিষ্ণুপুরাণ।

অথিপ্রোম । বজ্ঞ বিশেষ। এই বজ্ঞ ত্রন্ধার পূর্বাদিগের মুথহইতে গায়ত্রী, ঋগ্বেদ, ত্রির্থ-সংহিতা ও সামবেদের রথান্তর ভাগের সহিত উৎপন্ন হয়।—বিষ্ণুপুরাণ।

অধিষাত্ত। পিতৃগণ বিশেষ। পিতৃগণ মধ্যে অমূর্ত্ত মূর্ত্তভেদে সাতটা শ্রেণী আছে তন্মধ্যে অগ্নিষাত্ত প্রথম। ইহাঁরা মরীচির পুত্র, ব্রন্ধার পোত্র এবং দেবতা-দিগের পিতৃগণ, সোমলোক ইহাঁদিগের বাসস্থান। ইহাঁদিগেক অত্রে তপণি করিয়া পিতৃ মাতৃ তপণি করিতে হয়।—ময়, মংসাও পদ্মপুরাণ তথা হরিবংশ। পরস্ত বায়ুপুরাণে লিখিত আছে ইহাঁরা পুলস্ত্যের পুত্র, উপদেবতা ও অম্রেদিগের পিতৃগণ। ইহাঁরা বিরক্ষ লোকে বাস করেন। বিষ্পুরাণে কথিত আছে অগ্নিষ্টাত ব্রন্ধার পুত্র, ইহাঁরা অন্যা অর্থাৎ ইহাঁদের আগ্নিষ্টাত ব্রন্ধার পুত্র, ইহাঁরা অন্যা অর্থাৎ ইহাঁদের আগ্নিষ্টাত্র ক্রিষ্টাত্র ক্রিষ্টাত্র আগ্রাক্ষার পুত্র, ইহাঁরা অন্যা অর্থাৎ ইহাঁদের আগ্নিষ্টাত্র ক্রিষ্টাত্র ক্রিষ্টাত্র ক্রেমির স্থিত ব্রন্ধার প্রাক্রিষ্টাত্র ক্রিষ্টাত্র ক্রিষ

করণ নাই। ইহাঁরা অন্যা, ইহার কারণ শ্রুতিতে এইরপ ব্যক্ত আছে, যে সকল গৃহস্থেরা যজ্ঞ করে না তাহাদিগের পিতৃলোক হওয়াতে ইহাঁরা অন্যা হইয়া-ছেন। হরিবংশের টাকাকার অ্যাস্থাত শব্দের এইরপ অর্থ করেন, যথা—অগ্লিতে যাহাদের গ্রহণ। অপর বিষয় পিতৃ শব্দে দুষ্টব্য।

অথিসহায়। বায়ুর নামান্তর। —রাজনির্ঘন্ট।

অথিহোত্ত। যাগ বিশেষ। বেদ হইতে ইহার উৎপত্তি।—বিষ্ণুরাণ। এই যজ্ঞটা হুই প্রকারে বিভক্ত, একমাস সাধ্য এবং যাবজ্জীবন সাধ্য। যেটা যাবজ্জীবন সাধ্য তাহার বিধি এইরপ, বিবাহ করিয়া বসন্ত গ্রীয়া অথবা শর্ৎকালে অগ্নি স্থাপনপূর্ব্বক প্রত্যহ সায়ং ও প্রাতঃকালে হোম করিবে, পরে হোমকর্তার মৃত্যু হইলে সেই অগ্নিতে তাহার দাহ করিতে হইবে।—মৃতি।

্ অ**থীধু।** ইনি প্রিয়ত্তত রাজার জ্যেষ্ঠপুল, কাম্যার* গর্ভজাত। প্রিয়ত্তত সপ্তদ্বীপের রাজা ছিলেন। পরে

^{*} বিষ্ণুপুরাণে ও বায়ুপুরাণে কাম্যার পরিবর্তে কন্যা লিখিত আছে। বিষ্ণুপুরাণের দীকাকার জীধরস্থামিও লিখিরাছেন প্রিয়তত কর্দ্ধমের কন্যা নারী কন্যাকে বিবাহ করিয়াছিলেন। পরন্ত মার্কণ্ডের পুরাণে প্রিয়ত্রতের পত্নীর নাম কাম্যা, অধিকন্ত বারুপুরাণে কর্দ্ধমের কন্যার নাম কাম্যা লিখিত জ্লাছে। ছরিবংশে ও জন্মপুরাণের এক ছলে প্রিয়ত্রতের মাতার নাম কাম্যা জ্ঞানিচ জন্মপুরাণের অপর ছলে তাঁহার স্ত্রীর নাম কাম্যা দৃষ্ট হয়, তাগবত্তে আবার প্রিয়ত্রতের স্ত্রীর নাম বহিন্মতী, তিনি বিশ্বকর্ষার কন্যা এমতও লেখা জাছে।

সাতটা দ্বীপ সাত জন পুত্রকে বিভাগ করিয়া দেন। অগ্নীধের অংশে জব্দ্বীপ পড়িয়াছিল, ইনি তাহার অধীশ্বর হইয়া রাজ্যপালন করিতে লাগিলেন, তাহা দেখিয়া রাজা প্রিয়ত্তত বনগমন করিলেন। অগ্নীধ কিছুকাল রাজ্য করিয়াছিলেন, কিন্তু পুত্র জিমল না **এই इः १४ পু** ळ्कामनाग्न मन्द्रत शर्कर गमन शृक्तक তপস্যা করিতে লাগিলেন। ত্রন্ধা তাঁহার তপস্থাতে পরিতুষ্ট হইয়া পূর্ব্বচিত্তী নামে একটী স্ক্রপ। অপ্সরাকে তাঁছার নিকটে প্রেরণ করেন। অপ্সরার রূপ দর্শনে রাজা মুগ্ধ হইলেন ও তাহাকে বিবাহ করিয়া তাহার গর্ডে ক্রমে নাভি, কিম্পুরুষ, হরিবর্ষ, ইলারত, রম্যক, হিরণায়, কুরু, ভত্তাখ, ও কেতুমাল নামে নয়টা পুত্র উৎপত্ন করিলেন। পরে পুজেরা বয়ঃপ্রাপ্ত হইলে অগ্নীধ জমুদ্বীপ নয়খণ্ডে বিভক্ত করিয়া ঐ নয় পুত্রকে দিয়া স্বয়ং শালগ্রামতীর্থে গমনপূর্বক তপস্তা করিতে লাগি-লেন, কিয়দ্দিন পরে দেহত্যাগপুর্বক অপারালোক প্রাপ্ত हरेटलन ।--- विकुश्रां ७ जानवज् ।

অগুদানী । পতিত ত্রাহ্মণজাতি বিশেষ। শৃদ্রের
নিকটে অগ্রে দান গ্রহণ করাতে এবং প্রেতের উদ্দেশে যে
সকল দ্রব্য দান করে তাহা লোভপ্রযুক্ত গ্রহণ করাতে
ইহাদিগের নাম অগ্রদানী হইরাছে।—ব্রহ্মবৈর্ত্তপুরাণ।

^{• *} শালগ্রামতীর্থ কোথার তাহার কোন নির্দ্ধেশ নাই। শালগ্রাম নামক কিছু-বন্ধ গণ্ডকীনদীতে প্রাপ্ত হওরা যার জতএব অসুমান হর শালগ্রামতীর্থ ঐ নদীর নিকটে হইতে পারে।

স্থার বংশর বিষ্ণু কর্ম বাদ বিষ্ণু কর্ম বংশর কান আছে, তরিমিত এই মাদের নাম অগ্রহায়ণ হইয়াছে। এই মাদ হিমৠতু-ভুক্ত। ইহার অপর নাম মার্গশীর্ষ, সহস্ মার্গ, এবং আগ্রহায়ণিক।
— ম্মরকোষ। বিষ্ণুপুরাণেও ইহার নাম সহস্ লিখিত আছে।

অঘমর্ষণ । অতি প্রাচীন ঋষি বিশেষ। বৈদিক মত্ত্রেই কেবল ইহাঁর নাম প্রাপ্ত হওয়া যায়।

অ্যাসুর। অসুর বিশেষ। বকাসুর ও পৃতনার কনিষ্ঠ-ভ্রাতা এবং কংসের ভৃত্য। ক্লফ্ষ নন্দালয়ে শৈশব সময়ে যখন অবস্থান করেন, তখন তাহাঁর বিনাশার্থ রাজা কংসের আদেশে বকাসুর ও পৃতনা তথায় আসিয়াছিল, কিন্তু কুষ্ণকে বিনাশ করা দূরে থাকুক, কুষ্ণকর্তৃকই তাহার। विनक्षे इहेन, जाहाटज উहामिटा किन कि वार्य श्रीय ভ্রাতা ও ভগিনীর বিনাশকারী সেই কৃষ্ণকে বধ করিতে মায়াদারা অতিরহৎ অজগর শরীর ধারণ করিয়া মুখব্যাদান পূর্ব্বক পথে শয়ন করিয়া রহিল। পর্ব্বতগুহা মনে করিয়া কৃষ্ণসহচর গোপালগণ প্রথমতঃ তাহার মুখে প্রবিষ্ট হইল। ক্লফ্ড তদ্দর্শনে তাহার বিনাশ ও গোপালগণের রক্ষা করিতে আপনিও তাহার মুখে প্রবেশ পূর্বক भनरमर्भ भिया निजभतीत अगठ विखात कतिरनन य ্র অঘারেরের প্রাণবায়ু নিরোধ হইয়া মন্তক কাটিয়া বহির্গত হইল। তাহাতে তাহার মৃত্যু হইল, এবং

সেই বায়ুর সহিত কৃষ্ণ ও গোপালেরাও বাহির হইয়া পড়িলেন।—ভাগবত।

অ**ন্ত**় রাজা বিশেষ। ইনি অস্থরবংশে যে বুবলি জন্মেন তাহাঁর পুত্র।—ভাগবত।

আছা। সুর্যবেংশীয় রাজাবিশেষ। উরুর ঔরদে আথোয়ীর গর্ব্তে ইহাঁর জন্ম। ইহাঁর জীর নাম স্থনীতা ও পুল্রের নাম বেণ। —িবফুপুরাণ, ত্রহ্মপুরাণ, তথা হরিবংশ। পারস্ত পান্ধপুরাণের ভূমিখণ্ডে লিখিত আছে, অঙ্ক অতিবংশীয়।

আহ্ব। বলীর স্ত্রীর গর্ম্ভে দীর্ঘতমের যে পাঁচটী সস্তান হয়, তমধ্যে আহ্ব জ্যেষ্ঠ।—বিষ্ণুপুরাণ।

অক্সঃ এক উপদ্বীপ। তথার শ্রেচ্ছ জাতির বাস; পরস্তু ঐ শ্রেচেছ্রা হিন্তুদিগের দেবতা উপস্না করে। —বাযুপুরাণ।

আছে। দেশ বিশেষ।—বিষ্ণুপরাণ। ভাগলপুরের সন্নিহিত প্রদেশের নাম পূর্বের অঙ্গ ছিল,

উহার রাজধানী চম্পা।

ভারতে লিখিত আছে রাজা ধৃতরা দ্ব স্তপুত্র কর্ণকে আপনাদিগের দেনাপতিত্বে নিযুক্ত করিয়া ভৃতিপ্রদানার্থ এই অঙ্গ দেশের আধিপত্য তাহাঁকে প্রদান করেন, ইহাতে কর্ণ অঙ্গপতি ও চম্পাধিপতি নামেও বিখ্যাত।

অঙ্গজ । একার পুত্র।—ভাগরত, তথা মংস্পরাণ। অঙ্গদ ৷ বানরজাতি, বালি রাজার পুত্র, তারার

গর্ত্তজাত। অঙ্গদ যে মহাবল পরাক্রান্ত বীরচূড়ামণি রামরাবণের যুদ্ধে তাহা প্রকাশ আছে ।—অধ্যাত্ম রামায়ণ ও বাল্মীকি রামায়ণ। পরস্ত মহানাটক নামক সংস্কৃত নাটকে অ**স্**দৈর বলদর্প অতি অন্তুতরূপেই লিখিত হইয়াছে। রাম সমুদ্রপার হইয়া লঙ্কাতে শিবির সংস্থা-পিত করত প্রথমতঃ এই অঙ্গদকেই রাবণ সমীপে দে)ত্যকার্য্যে প্রেরণ করেন, অঙ্গদ গমন করিয়া রাক্ষম-সভামধ্যে সিংহাসনে উপবিষ্ট পরম প্রতাপান্থিত রাজা রাবণের নিকটে গিয়া বাসল। রাবণ বানরের তাদৃশ সাহস সন্দর্শনে আশ্চার্যান্থিত হইয়া জিজ্ঞাসিলেন, তুই কে ? অঙ্গদ কহিল, আমি ত্রিভুবনবিজয়ী জানকী-পতি 🖲রামের 'দূত। রাবণ উপেক্ষা করিয়া কহিলেন, রাম কে ? অঙ্গদ উত্তর করিল, যিনি তোমার ভাগিনী সুর্প-নথার নাসিকা ছেদন করিয়াছেন। রাবণ লজ্জিত ভাবে পুনর্জিজ্ঞাসা করিলেন, তোর নাম কি ? এবং তোর পিতার নাম কি ০ অঙ্গদ বলিল আমি বালিতনয়, আমার नाम जन्न। तावन जावात जिल्लामा कतिरानन, वानि কে ? কৈ আমিতো তাহাকে চিনি না, তখন অঙ্গদ হাস্ত করিয়া কহিল, যে মহাত্মা তোমাকে লাঞ্চলে বন্ধ করিয়া চতুঃসমুদ্রে সন্ধ্যা করিয়া বেড়াইয়া ছিলেন, এক্ষণে তাঁহাকে কি তুমি বিশ্বত হইয়াছ ? অঙ্গদের এই উত্তর শুনিয়া রাজা রাবণ অপ্রস্তুত হইয়া অধোবদনে রহিলেন। লোকিক প্রবাদ এরপ, এই অঙ্গদ দ্বাপর যুগে ব্যাধ

রূপে জন্মিয়া কৃষ্ণহস্তা হইয়াছিল। কৃষ্ণ যথন যহ্বংশ ধ্বংস করিয়া বিশ্রামার্থ এক রক্ষমূলে অবস্থিতি করেন, তথন ঐ ব্যাধরূপী অঙ্গদ হরিণ বোধে কৃষ্ণের প্রতি বাণক্ষেপ করিয়া ভাঁহার প্রাণবধ করিয়াছিল।

আছেদ। লক্ষ্মণের পুত্র, উর্মিলার গর্ত্তে ইহাঁর জন্ম।
লক্ষ্মণ, রামের আজ্ঞায় কারাপথ নামক প্রদেশের আধিপত্য ইহাঁকে প্রদান করেন।—রঘ্বংশ, বিষ্ণুপুরাণ, বায়ুপুরাণ তথা রামায়ণ। বায়ুপুরাণে কথিত আছে, অঙ্গদ
হিমালয়ের সন্নিহিত প্রদেশের অধিপতি, উহাঁর রাজধানীর নাম আঙ্গদী।

অঙ্গরাজ। কর্ণের নামান্তর।—মহাভারত। অঞ্গর। জাতিবিশেষ।—বিষ্ণুপুরাণ।

অস্থারক। এক জন রুদ্র। বায়ু এবং ত্রন্ধপুরাণে
লিখিত আছে, রুদ্রগণ কশ্যপের ঔরসে স্থরভীর গর্ম্থে
জন্মেন। পরস্ত ভাগবতে দৃষ্ট হয়, তাঁহারা ভূতের
ঔরসে স্থরপার গর্ম্থে জাত। মংস্থপুরাণ, পল্পপুরাণ
ও হরিবংশে আবার বর্ণিত আছে, ইহাঁরা ত্রন্ধার সন্তান
স্থরভীর গর্ম্ভাত।

অস্থারক। মঙ্গল গ্রহের নামান্তর, স্বিশেষ 'মঙ্গল' শব্দে জন্মব্য।

অবিরা। প্রজাপতি বিশেষ। ইনি এক্ষার পুত্র, ইহাঁর পত্নীর নাম শ্রদ্ধা। শ্রদ্ধার গর্বে ইহাঁর সিনীবালী, কুহু, রাকা ও অনুমতি নামে কন্যা চতুইয়, এবং রহ- স্পতি ও উতথ্য নামে হুই পুত্র হয়। পরস্ক বিষ্ণুপুরাণে একস্থানে লিখিত আছে অন্ধিরা দক্ষের ২৪টা কন্যার মধ্যে স্মৃতিকে বিবাহ করেন, অপরস্থলে লিখিত আছে দক্ষের ৬০ কন্যার মধ্যে হুইটা কন্যাকে বিবাহ করিয়া ছিলেন। অন্ধিরা যে একখানি ধর্মশাস্ত্র রচনা করেন তাহার নাম অন্ধিরঃসংহিতা। তাহাও অতিকুদ্র, তাহাতে প্রায়শিতত ও দ্রব্যুগুদ্ধির বিষয় কিঞ্চিৎ প্রাপ্ত হওয়া যায়।

অ**ক্টিরা ৷** উরুর পুত্র। আগ্নেয়ীর গর্ভে উরুর যে ছয়টী সন্তান হয় তাহার মধ্যে অঙ্গিরা পঞ্চম।—বিষ্ণুপুরাণ।

অচ্যুত। বিঞুর নামান্তর।—মহাভারত, বিঞুপুরাণ, তথা ক্ষপুরাণ। মহাভারতে একস্থানে অচ্যুত শব্দের অর্থ ক্ষরবিহীন, অন্যস্থানে চরম মুক্তি হইতে অভিন্ন, এইরূপ লিখিত আছে। বিঞুপুরাণের টীকাকার রত্নাকর ভট্টের মতে অচ্যুত শব্দের অর্থ স্থাই বস্তুর সহিত যাঁহার সংহার হয় না। পরস্তু ক্ষদ্পুরাণের টীকাকার এই শব্দের অর্থ, স্বীয় স্বভাব হইতে অবিচলিত বলিয়া লেখেন।

আছে। মরোবর বিশেষ। নির্মাণ জল বলিয়া তাহার এই নাম হইয়াছে। কিম্পুরুষ পর্বতের অদুরে এই মনোহর সরোবর, এবং ইহারই তটে মহাশ্বেতার আশ্রম ছিল।—কাদষরী।

অজ। জনৈক রুদ্র।—ভাগবত। পরস্ত বিষ্ণু, বায়ু, ও মৎস্যপুরাণে রুদ্রগণের মধ্যে অজের নাম দৃষ্ট হয় না। অজ। স্থাবংশীর রাজাবিশেষ। ইনি রঘুর পুত্র এবং দশরখের পিতা।—বিষ্ণু, বায়ু, লিঙ্ক ও কুর্মপুরাণ। পরস্কু ভাগবতে অজ পৃথুশ্রবার পুত্র বলিয়া লিখিত আছে। মৎস্তপুরাণে আবার অজকে দিলীপের পুত্র বলা হইয়াছে, এবং দশরথের পিতার নাম অজপাল বলিয়া নির্দ্দেশ আছে। বাল্মীকি রামারণের মতে অজ নাভাগার পুত্র, পরস্কু অধ্যাত্মরামায়ণে অজ রঘুর পুত্র উক্ত আছে।

রঘুবংশ কাব্যে এরূপ বর্ণিত আছে, যে দীপহইতে যেমন অন্য একটা দীপ প্রজ্বলিত হইয়া পূর্ব্ব দীপেরই অনুরূপ হয়, রঘু হইতে অজও সেইরূপ রঘুর তুল্য প্রবল প্রতাপান্বিত হইয়াছিলেন। রঘু দিখিজয় করিয়া পৃথিবী-স্থিত সমুদয় রাজলোক ও বীর-পুরুষদিগকে একান্ত বশীক্ত করিয়া যান, স্মৃতরাং অজ-রাজাকে পরে আর যুদ্ধ বিগ্রাহ করিতে হয় নাই। রঘু সত্ত্বে কেবল একবার তাঁহার রণপাণ্ডিত্য প্রকাশ পাইয়াছিল। যেকালে বিদর্ভদেশাধিপতির ভগিনী ইন্তুমতীর স্বয়ংবর হয়, অজ সেই সভাতে গিয়াছিলেন; ইন্দুমতী ভাঁহারই গলে বর-মাল্য প্রদান করে। অজ তাহাকে বিবাহ করিয়া স্বদেশা-ভিমুখে চলিলেন। সভাগত অপরাপর রাজার। ঈর্ষাপূর্ব্বক ইন্দুমতীকে হরণ করিয়া লইবার অভিপ্রায়ে অজকে পথিমধ্যে অবরোধ করে, কিন্তু তাহাদের দে অভিলাষ ক্রিদিদ্ধ হইল না, যুদ্ধ আরম্ভ হইলে রাজকুমার অজ একাকী অসাধারণ রণপাণ্ডিত্য প্রকাশ করিয়া শত্রুদিগের দৈন্য

সংহার করিতে লাগিলেন। পরে পরাজিতপ্রায় রাজারা সকলে একত্র হইয়া অন্যায়ক্সপে যুদ্ধ করত অজকে সংহার করিতে উদ্যত হইল। অজ তখন বিপদে পতিত হইলেন, কিন্তু সে বিপদ অধিক কাল থাকিল না। তিনি যখন স্বয়ম্বর-সমাজে আগমন করেন নর্মদা নদীতে প্রিয়ম্বদ নামক গন্ধর্ককুমার মতঙ্গমুনির শাপে হস্তিরূপে অবস্থিত ছিল, অজের সৈন্যশিবিরের প্রতি সে হঠাৎ আসিয়া দৌরাত্ম্য করে, পরে অজ বাণক্ষেপ পূর্ব্বক তাহার কুন্তদেশ বিদ্ধ করিয়াছিলেন, তাহাতে হস্তিরূপী গন্ধর্ক শাপ মুক্ত হওয়াতে হস্তিরূপ পরিত্যাগ পূর্ব্বক গন্ধবি শরীর প্রাপ্ত হইয়া অজকে মিত্র সম্বোধন করিয়াছিলেন এবং প্রস্থাপন নামে গান্ধর্ক অস্ত্রও প্রদান করিয়াছিলেন। সেই অস্ত্র অজের হস্তে ছিল, তাহা স্মরণ হওয়াতে অজ শত্রুগণের প্রতি তাহা ক্ষেপ করিলেন, অস্ত্র প্রভাবে সকল শত্রুদল অমনি চিত্রপটের ন্যায় অচৈতন্য হইয়া রণস্থলেই নিদ্রা যাইতে লাগিল। অজ তথন তাহাদিগের প্রধান প্রধান करत्रक ज्ञानत धुक्रशरि तनतरक निथिता मिरनन य রঘুনন্দন অজ তোমাদিগের বীরতা-গর্ব্ব থর্ব্ব করিলেন, cकवल महा कतिहा कीवत्न मातिरलन ना। **এ**ইक्ररश অঙ্গ অত্যন্ত বীরকার্য্য সম্পন্ন করিয়া ইন্দুমতীকে গৃহে আনয়ন করিয়াছিলেন। পরে পিতৃদত্ত রাজ্যে অভিষিক্ত হইয়া কিছুকাল রাজ্য করেন, অনন্তর তাঁহার ঔরসে रेन्द्रभञीत शर्द्ध मभत्रतथत जन्म रहा।

ইন্তুমতীপ্রতি অজের এতাদৃশ প্রণয় জিয়য়াছিল যে কিছু দিনের পর ইন্তুমতী দেহত্যাগ করিলে তিনি অতীব শোকার্ত্ত হইয়া উন্মত প্রায় রাজ্যসম্পতি সম্ভোগে একান্ত বিমুখ হইয়া পড়িলেন; তিনি কিয়দ্দিবস মাত্র অতি কটে প্রাণভার বহন করিয়াছিলেন বটে কিন্তু নিরন্তর অত্যন্ত শোকে তাঁহার শরীর সাতিশয় রুয় হইয়া পড়িল, তিনি বালকপুত্র দশরথকে রাজ্য দিয়া প্রায়োপবেশনে অর্থাৎ মরণেচ্ছায় আহার ত্যাগ করিয়া প্রাণ পরিত্যাগ করিবলেন।

আজ। ত্রন্ধা, বিজু, শিব ও কামদেবের নামান্তর।— হেমচন্দ্র।

অজক। রাজা বিশেষ। ইনি পুরুবংশীয় স্থমন্তর পুত্র এবং জহুর পৌত্র।—বিষ্ণুপুরাণ।

অজগব। মহাদেবের ধনু। ত্রান্ধণেরা বেণরাজার দক্ষিণ হস্ত মন্থন করাতে পৃথুর উৎপত্তি হয়। তৎকালে মহাদেবের এই ধনু স্বর্গ হইতে পতিত হইয়াছিল। এই ধনুকের অপর নাম পিনাক।—বিষ্ণুপুরাণ তথা অমরকোষ।

অজপা। প্রাণিদিগের স্বাভাবিক নিশাস প্রশ্বাস,
ইহাকে হংসমন্ত্র কহে। প্রাণি মাত্রই প্রায় প্রত্যহ
দিবারাত্র মধ্যে ২১৬০০ বার ঐ মন্ত্র জপ করে, অর্থাৎ
২১৬০০ বার নিশ্বাস প্রশ্বাস পরিত্যাগ করিয়া থাকে।
পীড়াদি কোন কারণ উপস্থিত হইলে উক্ত সংখ্যার
হ্রাস রদ্ধিরও সম্ভাবনা।—দক্ষিণামূর্ত্তি সংহিতা।

অজবীথি ৷ সূর্য্য এবং অপরাপর গ্রহগণের মার্গ তিন অবস্থানে বিভক্ত। উত্তর, দক্ষিণ, ও মধ্য। এই অবস্থান ত্রয়ের নাম ঐরাবত, জারদ্গব এবং বৈশ্বানর। এই তিন অবস্থান আবার তিন বীথিতে বিভক্ত, উত্তর তিন বীথির নাম নাগবীথি, গজবীথি এবং এরাবতী। মধ্যমের নাম আর্যভি, গোবীথি এবং জারদাবী। দক্ষিণের নাম অজ-বীথি, মৃগবীথি ও বৈশ্বানরী। এই তিন বীথির প্রত্যেকে তিন তিন নক্ষত্র আছে। নাগবীথিতে অশ্বিনী, ভরণী, কুত্তিকা; গজবীথিতে রোহিণী, মৃগশিরা, আর্দ্রা; ঐরা-ৰতীতে পুনৰ্ব্বস্থ, পুষ্যা, অশ্লেষা; আৰ্ষভিতে মহা, পূৰ্ব্ব-ফল্কুণী, উত্তর ফল্কুণী। গোবীথিতে হস্তা, চিত্রা, স্বাতি; জারদাবীতে বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা। অজবীথিতে মূলা, পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া ; মূগবীথিতে প্রবণা, ধনিষ্ঠা শতভিষা; বৈশানরীতে পূর্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, রেবতী।—ভাগবতের চীকা তথা মংস্থ পূরাণ। পারস্ক মৎস্য পুরাণে জারদাবের পরিবর্ত্তে অজগব লিখিত আছে।

অজ্ঞনীত। চন্দ্রবংশীয় রাজা বিশেষ। ইনি বিকুণ্ঠ নামক রাজার পত্নী স্থানেবার গর্ত্তে জন্মগ্রহণ করেন। অজমীত অতি স্থাসিদ্ধ রাজা ছিলেন, বহু যজ্ঞ করিয়া পৃথিবীতে অধিক যশ উপার্জ্জন করিয়া যান।— মহাভারত।

অজমীয়। রাজা বিশেষ। ইনি হস্তি নামক রাজার পুত্র।—বিষ্ণুপ্রাণ। পরস্ত মহাভারতে একস্থানে স্ক্রো ত্রের পুল্র বলিয়া অজমীঢ়ের নির্দেশ আছে। অন্যত্র হস্তির পোল্র বলিয়াও পরিচুয় দৃষ্ট হয়। বায়ুপুরাণে বর্ণিত আছে অজমীঢ়ের স্ত্রীর নাম কেশিনী, তাহার গর্ডে কয় নামে এক পুল্র হয়। মংস্থপুরাণেও একস্থলে তাহাই লিখিত আছে, অপর স্থলে আবার অজমীঢ়ের স্ত্রীর নাম ধূমিনী দৃষ্ট হয়।

অজাতশত্রু। যুধিষ্ঠিরের নামান্তর।—মহাভারত ও ভাগবত। রাজা যুধিষ্ঠির অতি বিনয়ী, সুশীল এবং নির্ব্বি-রোধী ছিলেন বলিয়া তাঁহাকে লোকে অজাতশত্রু বলিত। যুধিষ্ঠির শব্বে অপর রুভান্ত দুইব্য।

অজাতশক্ত । মগধদেশের রাজা। ইনি বিদ্যিসারের পুত্র।—বিষ্ণুপুরাণ। বায়ুপুরাণে লিখিত আছে ইনি ২৫ বৎসর রাজত্ব করেন। মৎস্থপুরাণে আবার ২৭ বৎসর পর্যান্ত ইুইগার রাজত্ব বর্ণিত আছে।

অজামিল। কান্যকুজদেশে অতি পাষও এক জন অধম ত্রান্ধণ বাস করিত। সে চোরও দক্ষ্য ছিল। পৃথিবীতে এমন অকার্য্য ছিল না যাহা অজামিল করে নাই। রদ্ধ পিতা মাতা ও সতী ন্ত্রীকে পরিত্যাগ পূর্বক মদোমত এবং ছন্ধ্রিয়াসক্ত হওত আপনার তুল্যপ্রকৃতি একটী ইতর জাতীয়া দাসীতে আসক্ত হয়, হইয়া অফাশী বৎসর যাপন করে। ঐ দাসীগর্ব্বে তাহার ৮টী সন্তান জয়ে, তমধ্যে সে সর্ব্ব কনিষ্ঠ পুজের নাম নারায়ণ রাথিয়াছিল; অজামিল স্ত্যুকালে রোগের যাতনায়

ঐ কনিষ্ঠপুত্র নারায়ণকে নারায়ণ বলিয়া যেমন ডাকিল, অদৃফাধীন তৎ পরক্ষণেই তাহার স্ত্যু হইল। মরণ সময়ে নারায়ণ নাম উচ্চারণ করাতে লিখিত আছে অজামিলের প্রচুর পুণ্য উদয় হইল, সেই পুণ্যে সে যম-যাতনা এড়াইয়া স্বর্গে ধাতা করিল।—ভাগবত।

অজিত। বিঞ্র নামান্তর। স্বায়ন্ত্র মহন্তরে রুচির স্ত্রী আকৃতির গর্ন্তে বিঞ্ অংশে যজ্ঞ নামে আবিভূত হন্। স্বারোচিষ মহন্তরে সেই যজ্ঞ আবার অজিত নামে জন্মগ্রহণ করিয়াছিলেন।—বিঞ্পুরাণ।

অজিত। দেবগণ বিশেষ। এক্ষা স্টির প্রথমে জয় নামে দাদশ জন দেবত। স্টি করিয়া তাঁহাদিগকে স্টি বিষয়ে সাহায় করিতে আদেশ করেন, কিন্তু তাঁহারা ধ্যানে নিরত থাকিয়া তাঁহার আজ্ঞা প্রতিপালন করিলেন না, তাহাতে এক্ষা তাঁহাদিগের প্রতি এই বলিয়া শাপ প্রদান করিলেন যে, তোমাদিগকে সাত ময়ন্তর পর্যান্ত প্রতি ময়ন্তরে জিলাতে হইবে। এক্ষার এইরপ শাপ হওয়াতে জয় নামক দেবতারা ক্রমে সাত ময়ন্তরে অজিতগণ, তুরিতগণ, সত্যগণ, হরিগণ, বৈকুণ্ঠ-গণ, সাধ্যগণ, এবং আদিত্যগণ নামে জয়্পগ্রহণ করেন। বায়ুপুরাণ।

অজিন । রাজা বিশেষ। ইনি পৃথুবংশীয় হবি-র্ধানের ঔরসে ধিষণার গর্ন্তে জন্মগ্রহণ করেন।—বিষ্ণুপুরাণ, তথা ভাগবত। অক্তৈকপদ। জনৈক রুদ্র ।—ভাগবত, বায়ুপুরাণ ও মংস্পুরাণ।

অঞ্জক। দানব বিশেষ। বিপ্রচিত্তি নামক দানবের তরসে সিংহিকীর গর্ত্তে ইহার জন্ম। এ অতি মহাবল পরাক্রান্ত এবং দানবশ্রেষ্ঠ বলিয়া পরিচিত।—ভাগবত, বিষ্ণুপুরাণ তথা বায়ুপুরাণ।

অঞ্জন। একটা প্রধান নাগ।—বাযুপুরাণ।

অঞ্জন। রাজকুমার বিশেষ। ইনি কাশীরাজ কুশধ্বজের বংশজাত কুনির পুত্র।—বিষ্ণুপ্রাণ। পরস্ত বায়ুপুরাণে কুনির নাম শকুনি বলিয়া লেখা আছে।

অঞ্জন ৷ দিগ্ণজ বিশেষ। আটটী দিগ্ণজের মধ্যে এও একটী। পশ্চিমদিকে ইহার অবস্থিতি।—অমরকোষ।

অঞ্জনা। কেশরি নামক বানরের পত্নী, ইহার গর্ত্তে বায়ুর ঔরসে হনুমানের জন্ম।—রামায়ণ। লোকে এমত কথিত আছে, ঐ বানরী অঞ্জনা মহাবল পরাক্রান্তা ছিল, রাম যে কালে সীতাকে উদ্ধার করিয়া আনেন, সেই কালে হনুমান, জননী অঞ্জনার সহিত সাক্ষাৎ করিতে গিয়াছিল, অঞ্জনা হনুমানের মুখে রাম রাবণের যুদ্ধ বিষয়ক সমুদয় রতান্ত শুনিয়া গর্কা করিয়া কহে; হনু তোকে থিক্ থাকুক্, তুই আমার পুত্র হইয়া অতি সামান্য রাবণ, তাহার সহিত যুদ্ধ করিলি? দশ নখে দশাননের দশ আনন ছিল্ল করিয়া রামকে উপঢোকন দিতে পারিস্নাই? সীতাসহ অশোক বন উৎপাটন করিয়া আনিয়া-

দিতে অসমর্থ হইরাছিন্? সমুদ্র বন্ধান কেন? স্থারীর বিস্তার করিয়া সমুদ্রে তুই সেতু স্বরূপ হইলে কি কার্য্য হইত না ? তুই আমার কুপুত্র। অঞ্জনা এইরূপ হনুমানকে তিরক্ষার করিয়াছিল ইত্যাদি।

অঞ্জনাবতী । দিক্ হস্তিনী বিশেষ। অঞ্জন নামে দিগুপজের পত্নী।—অমরকোষ।

অপ্তকটাছ। লবণ ইক্ষু প্রভৃতি যে সাতটী সমুদ্র আছে তাহার শেষ জলসমুদ্র, সেই জলসমুদ্রের পরে স্বর্ণভূমি, যে স্থানে কোন প্রাণী নাই, তাহা লোকালোক পর্বতে পরিবেন্টিত এবং সেই পর্বত গাঢ় তিমিরে নিরন্তর আরত রহিয়াছে, সেই তিমির আবার অগুকটাহে পরিব্রত।

—বিক্লুর্রণ তথা ভাগবত।

অণু । কালবিভাগ। অন্যান্য পুরাণে কাল বিভাগ বিভিন্ন প্রকারে বর্ণিত আছে।—ভাগবত তথা ত্রন্ধবৈবর্ত্ত পুরাণের মতে

২ পরমাণুতে	১ অণু
৩ অণুতে	১ ত্রসরেণু
৩ ত্রসরেণুতে	থীক্ত ১
১০০ কটিতে	১ বেধ
৩ বেধে	১ लव
৩ লবে	> নিমেষ
৩ নিমেবে	১ কণ
৫ कर्	১ কাষ্ঠা

১৫ কাষ্ঠাতে ১ লঘু ১৫ লঘুতে ১ নাড়িকা ২ নাড়িকাতে ১ মুহূৰ্ত্ত

৬ বা ৭ নাজিকাতে ১ যাম

বিষ্ণু, বায়ু প্রভৃতি পুরাণে এবং মন্থতে তথা মহা-ভারতে অণুর উল্লেখ নাই। বিষ্ণুপুরাণে এইরূপ কাল বিভাগ,

> ১৫ নিমেবে ১ কাষ্ঠা ৩০ কাষ্ঠাতে ১ কলা ৩০ কলাতে ১ মুহূর্ত্ত ৩০ মুহূর্ত্ত ১ দিবারাত্র

বায়ু,মৎস্ত্,লিঙ্ক, কুর্ম এবং মার্কণ্ডের পুরাণে তথা মহুতে ইহাই। পরস্ত মহুতে বিশেষ এই ১৮ নিমেষে ১ কাষ্ঠা। পদ্মপুরাণে কালবিভাগ এইরূপ

> ১৫ নিমেবে ১ কান্ঠা ৩০ কান্ঠাতে ১ কলা ৩০ কলাতে ১ ফণ ১২ ফণে ১ মুহূর্ত্ত ৩০ মুহূর্ত্তে ১ দিবারাত্র।

ভবিষ্যপুরাণেও তাহাই। ভবিষ্যপুরাণে এইমাত্র প্রভেদ যে ১৮ নিমেষে ১ কাঠা।

মহাভারতের মতে ৩০ কলা ও ৩ কাষ্ঠাতে এক মুহুর্ত্ত। অতল। পাতাল সাত ভাগে বিভক্ত। প্রত্যেক ভাগ উপরি ভাগের দশ সহস্র বোজন নিমে অবস্থিত। এই সাত ভাগের নাম অতল, বিতল, স্তল, তলাতল, মহাতল, রসাতল,এবং পাতাল।—ভাগবত তথা পদ্পরাণ। পারস্ত বায়ুপুরাণে অতলের নাম দৃষ্ট হয় না, তন্মতে এই সাত বিভাগের নাম রসাতল, স্তল, বিতল, গভস্তল, মহাতল, শ্রীতল, এবং পাতাল। বিষ্ণুপুরাণে আবার এই সপ্ত বিভাগের নাম অতল, বিতল, নিতল, গভস্তি-মান, মহাতল, স্তল ও পাতাল। অতলের হতিকা শ্রেবরণ ইহাও উক্ত পুরাণে বর্ণিত আছে।

অতিকায় । রাক্ষম বিশেষ। রাবণের পুত্র। এ
অতিশয় বলবান্ছিল, প্রকাপ্ত শরীর, এই জন্য ইহার
নাম অতিকায় হয়। এই রাক্ষম লক্ষ্মণের সহিত যুদ্ধে
বিলক্ষণ রণনৈপুণ্য প্রদর্শন করে, অবশেষে লক্ষ্মণের হস্তেই
নিধন হয়।—রামায়ণ। লোকে কথিত আছে, অতিকায়
অত্যন্ত বৈশ্বব ছিল, রামকে ইফ দেবত। জানিয়া তাঁহার
মহিত যুদ্ধ করিতে অসমত হইয়া, তাঁহার সীতা তাঁহাকে
প্রত্যেপণি করিয়া আসা উচিত ইত্যাদি রাবণের প্রতি উপদেশ বাক্য প্রয়োগ করিয়াছিল, রাবণ তাহাতে ক্রোধান্ধ
হইয়া তৎপ্রতি তাজনা করাতে সে যুদ্ধ করিতে যায়,
পরে লক্ষ্মণ অর্দ্ধান্দ্র বাণে তাহার মন্তক ছেদন করিলে
সেই ছিয় মুপ্ত ভূতলে পতিত হইয়া কিয়ৎক্ষণ রামনাম
উচ্চারণ করিয়াছিল।

অতিথি । স্থ্যবংশীয় রাজা বিশেষ, ইনি কুশের পুল্ল।—রামায়ণ তথা বিষ্ণুপ্রাণ। কুশ, কুমুদনামে নাগ-রাজের ভগিনী কুমুদ্বতীকে বিবাহ করেন, তাহার গর্প্তে অতিথির জন্ম। স্তরাং নাগবংশের দেছিল বলিয়া অতিথির সাতিশয় কোলীন্য মান্য ছিল। অতিথি বিল-ক্ষণ রাজনীতিজ্ঞ ছিলেন। বহুদিন ত্রিরস পুল্লের ন্যায় প্রজা প্রতিপালন করিয়া অতীব প্রজানুরাগ ও যশ উপাজ্লন করত কাল্যাপন করেন। রঘুবংশ কাব্যে তাঁহার রাজ্যশাসনের স্থ্রণালী সবিশেষ বণিত আছে।

অতিথি । অভ্যাগত। তাহার লক্ষণ, বাহার নাম, গোত্র ও নিবাস স্থানের পরিচয় নাই, এক দিন মাত্র বাপন করিতে গৃহির গৃহে আসিয়া উপস্থিত হয়, তাহারই নাম অতিথি। অতিথি আসিয়া উপস্থিত হইলে তাহার যথাযোগ্য ও যথাসাধ্য আতিথ্য প্রদান করা গৃহির অতীব কর্ত্তর; যদি গৃহী আতিথ্য প্রদান না করে, তাহা হইলে অতিথি তাহাকে নিজপাপ প্রদানপূর্ব্বক তাহার পুণ্য লইয়া যায়। সঙ্গতিনা থাকিলে অন্ততঃ তৃণ-আসন, তাহার অভাবে বসিবার ভূমি, তদভাবে জলমাত্র প্রদান করিবে, তাহাতেও অশক্ত হইলে সুমিষ্ট বাক্যে অতিথিকে সম্ভ্রষ্ট করিতে হয়, তাহাতেও আতিথ্য সিদ্ধা হইয়া থাকে। সম্ভা

অতিবলা। বিদ্যা বিশেষ। বিশামিত্র মুনি ক্লশাশ্ব মুনির নিকটে এই বিদ্যা প্রাপ্ত হন, পরে তিনি আপনার আশ্রেমে রাক্ষদের দেরিবাল্মা নিবারণার্থ যেকালে রামকে লইয়া যান সেই সময়ে রামকে এই বিদ্যা শিক্ষা দিয়া তাড়কা রাক্ষদীর বনে তাঁহাকে প্রবেশ করান। এই বিদ্যাপ্রভাবে ক্ষুধা তৃষ্ণার বাধা ঘটে না।—রামায়ণ ও রঘুবংশ।

অতিরাত্ত । চাকুষ মন্ত্র পুত্র, ইহাঁর গর্ভধারিণীর নাম নবলা।—বিফুপুরাণ।

অতিরাত্ত। যাগ বিশেষ। ত্রন্ধার পশ্চিম মুখ হইতে ইহার উৎপত্তি।—ভাগবত, তথা বিষ্ণুপুরাণ।

অতি। ত্রন্ধার মানস পুত্র। তাঁহার পত্নীর নাম অনস্থা ও পুত্রের নাম সোম।—বিফুপুরাণ। ভাগবতের এক স্থানে লিখিত আছে অনস্থার গর্ডে সোম, দভাত্রেয় এবং হর্কাসার জন্ম হয়, অপর স্থানে কথিত হইরাছে, সোম অত্রির নয়ন হইতে উৎপন্ন, এবং রঘুবংশেও তাহাই। বায়ুপুরাণে উক্ত আছে, অত্রির নয়ন হইতে সোমত্ব অর্থাৎ সোমের সার ভাগ নিঃস্কৃত হইয়া চতুর্দ্দিগ্র্যাপ্ত হয়। তক্ষপুরাণ তথা হরিবংশে সোমের উৎপত্তির বিষয় অন্য প্রকার লিখিত আছে। মার্কণ্ডেরপুরাণের মতে অত্রি অনস্থার প্রতি কটাক্ষপাত করাতে সোমের জন্ম হয়। পরস্ক সমুদ্রমন্থনে সোমের উৎপত্তি ইহা মহাভারত প্রভৃতিতে দেখিতে পাওয়া যাইতেছে।

মহাভারতে লিখিত হইয়াছে অত্তিঋষি বৈণ্যরাজার অখ্যমধ-যজ্ঞে অর্থ-প্রার্থনায় গমন করিতে প্রথম মানস করিয়াছিলেন বটে, কিন্তু ধর্ম-বুদ্ধিতে অর্থের অন্তুরোধ পরিত্যাগ করিয়া স্ত্রী ও পুজের সহিত বনে তপস্থার্থ গমনোদ্যত হন। পরে আবার তাঁহার পত্নী অন-पूर्वात वाटका रेवना-यटक नमन करतन, এवर वर्थ প्रार्थना করত রাজা বৈণ্যকে তুমি ধন্য, তুমি ঈশ্বর ইত্যাদি বাক্যে প্রশংসা করেন, তাহাতে গেতিম কুপিত হইয়া কহেন, মনুষ্যকে ঈশ্বর বলিয়া তোষামদ করা অতীব অন্যায়। ইহাতে তাঁহাদিগের বিলক্ষণ বিবাদ হয়, পরে সনৎ-कूमात डाँशिमिट्शत मिरे विवास मीमार्मा कतिया एसन, কহেন, রাজাকে ওরূপ স্তব করা অন্যায় নহে। ইহাতে রাজা বৈণ্য সম্ভট হইয়া অত্তিকে অলঙ্কার ভূষিতা সহস্র माभी, मर्भ कांग्रि यूवर्ग ও मर्भ ভात यर्ग मान कतित्वत। অত্রি তাহা লইয়া গৃহে আগমন পূর্ব্বক পুজাদিকে দিয়া স্বয়ং তপস্থার্থে বনে গমন করিয়াছিলেন। ভাগবতে লিখিত আছে অত্তি নিজপত্নী অনস্থার সহিত কুলাডি নামক পর্বতে শত বর্ষ একপদে তপস্থা করেন।

অত্রি ধর্মশান্ত্রের প্রয়োগকর্ত্তা ইহা বাজ্ঞবল্কা সংহিতাতে কথিত আছে। অত্রি-সংহিতা নামে একখানি ধর্ম-শান্ত্রের সংহিতাও প্রচারিত আছে, ঐ প্রন্থে অনেক কর্ত্তব্যাকর্ত্রের উপদেশ দৃষ্ট হয়।

অত্তিজাত। চল্রের নামান্তর। চক্র অত্তির নয়ন হইতে জাত বলিয়া উহাঁর এই নাম হয়।—গহাভারত।

व्यथर्त । ठजूर्थ (तम । धरे (तम जन्मात उन्तरिभत मूच

হইতে বিনিঃস্ত ।—বিষ্ণুপুরাণ,* তথা বায়ু, লিঙ্গ, কুর্মা, পদ্ম ও মার্কণ্ডেয় পুরাণ। পরস্কু ভাগবতে লিখিত আছে অর্থর্ক্ত বেদ ত্রনার পূর্বদিগের মুখ হইতে বহির্গত। বিষ্ণুপুরাণে অন্যত্ত আবার লিখিত আছে প্রথমে যজুর্নামে একই বেদ ছিল, পরে দ্বাপরযুগে ত্রন্ধার আজ্ঞায় ব্যাস তাহা চারিভাগে বিভক্ত করেন, করিয়া পৈলকে ঋগ্বেদ, বৈশস্পায়নকে यজুর্বেদ, জৈমিনিকে সামবেদ, এবং স্থমস্তকে অথর্ববেদ শ্রবণ করাইতে নিযুক্ত করিলেন। সুমন্ত মুনি এই বেদ নিজ শিষ্য কবন্ধকে শিখাইলেন। তিনি আবার তাহা চুই অংশে বিভক্ত করিয়া এক অংশ দেবদর্শকে, অন্য অংশ পথ্যকে দিলেন। মৌদ্যা, बन्नोवलि, শৌन्काश्चनि এवर পিপ্পলাদ নামে দেবদর্শের চারি জন শিষ্য ছিলেন, এবং জাজলি, কুমুদাদি, ও শোনক নামে পথ্যেরও তিন জন শিষ্য ছিলেন, ইহাঁরা প্রত্যেকে এক এক সংহিতা প্রণ-য়ন করেন। শৌনক আবার ভাঁহার সংহিতা হুই ভাগে বিভক্ত করিয়া এক ভাগ বজকে,অপর ভাগ সৈন্ধবায়নকে দিয়াছিলেন। তাহাতে সৈন্ধব ও মুঞ্জকেশনামে হুইটা শাখা হইয়াছে। গ্রন্থান্তরে দৃষ্ট হয়, সুমন্ত অথর্কবেদ নিজশিষ্য ক্রবন্ধকে শিখান, ক্রবন্ধ তাহা হুইভাগ করিয়া এক ভাগ দেবদর্শকে অপর ভাগ পথ্যকে দেন। দেবদর্শ যে ভাগ প্রাপ্ত হন তাহা হইতে আবার দেবদর্শী ও পৈপ্পলাদী নামে ছুইটা শাখা হয়, এবং পথ্যের শিষ্য যে শৌনক

^{*} বিষ্ণুপুরাণের অপর স্থানে (২ খণ্ডের ১১ অধ্যারে) ঋক্, যজুঃ ও সাম এই তিন্টী মাত্র বেদের উল্লেখ আছে।

তাঁহার নামেও অপর একটী শাখা হইয়াছে, ঐ শাখার নাম শোনক শাখা।

অথর্ক বেদের সংহিতাতে পাঁচটী কম্প আছে, যথা নক্ষত্র কম্পে, বৈতানকম্প, সংহিতাকম্প, আঙ্গিরসকম্প ও শান্তিকম্প।—বিষ্ণুপুরাণ। এই বেদের ৫৯৮০ শ্লোক।— বায়ুপুরাণ।

কোলক্রক সাহেব লেখেন যে অথর্ববেদের সংহি-তাতে ২০ কাণ্ড আছে, এই কাণ্ড সকল অনুবাক্ স্থুক্ত এবং ঋকে বিভক্ত। অনুবাকের সংখ্যা এক শতের অধিক, স্কুক্ত সাত শত ষাটের উপর, এবং ঋকের সংখ্যা ७०১৫। অথর্ববেদে শক্রবিনাশ নিমিত্ত নানাপ্রকার মন্ত্র, অনিষ্ট নিবারণ এবং আত্মরক্ষার্থ প্রার্থনা ও দেব-পণের অনেক স্তবস্তুতি প্রভৃতি বিষয় আছে। অথর্ব-বেদের ৫২টা উপনিষ্থ। ১ মুগুক। ২ প্রশ্ন। ৩ ত্রন্ধবিদ্যা। ৪ কুরিকা। ৫ চুলিকা। ৬ এবং ৭ অথর্ক শিরা।৮ গর্ভ। ৯ মহা। ১০ ত্রন্ধ। ১১ প্রাণাগ্নিহোত্র। ১২। ১৩। ১৪। ১৫ মঞ্কা। ১৬ নীলক্ষ্ড। ১৭ নাদবিন্দ্র। ১৮ জন্মবিন্দ্র। ১৯ অস্তবিন্দ্র। ২০ ধ্যানবিন্দ্র। ২১ তেজোবিন্দ্র। ২২ যোগ শিক্ষা।২৩ যোগতত্ত্ব।২৪ সন্ন্যাস।২৫ অরণ্য অথবা অরণিজ।২৬ কণ্ঠশ্রুতি। ২৭ পিণ্ড।২৮ আত্মা।২৯ অবধি ৩৪ পর্য্যন্ত যে ছয়খানি উপনিষৎ আছে তাহার ' নাম নৃসিংহ তাপনীয়। ইহার আবার হুইভাগ আছে, প্রথম ভাগ ৫ থানি উপনিষ্ৎ তাহার নাম পূর্ব্ব তাপনীয়

এবং দ্বিতীয়ভাগ একখানি মাত্র উপনিষৎ তাহার নাম উত্তর তাপনীয়। ৩৫ উপনিষৎ কথাবলীর প্রথম ভাগ। ৩৬ উপনিষৎ কথাবলীর দ্বিতীয় ভাগ। ৩৭ কেন। ৩৮ নারায়ণ। ৩৯ রহনারায়ণের প্রথম ভাগ। ৪০ রহনা-রায়ণীয় দ্বিতীয় ভাগ। ৪১ সর্কোপনিষৎসার। ৪২ হংস। ৪৩ পরম হংস। ৪৪ আনন্দবল্লী। ৪৫ ভৃগুবল্লী। ৪৬ গরুড়। ৪৭ কালাগ্রি রুদ্র। ৪৮।৪৯ রামতাপনীয় প্রথম ও দ্বিতীয় ভাগ। ৫০ কৈবলা। ৫১ জাবলা ৫২ আশ্রম।

অথর্ক যে বেদ মধ্যে গণ্য ইহা সকলে কহেন না।
মন্ত্তে কেবল ঋক্ যজুঃ ও সাম এই তিন্টা বেদেরই
উল্লেখ আছে, অমরকোষেও তাহাই লিখিত। উভয়েই
অথর্ক শব্দ দৃষ্ট হয় বটে কিন্তু বেদ বলিয়া নহে। যজুর্বেদেও অথর্ক বেদের কোন প্রস্তাব নাই, ঋগ্বেদের
ভাষ্যকারও তিন্টা বেদের উল্লেখ করিয়া কহেন ঋগ্বেদের
ভাষ্যকারও তিন্টা বেদের উল্লেখ করিয়া কহেন ঋগ্বেদ
অগ্রি হইতে, যজুর্বেদ বায়ু হইতে এবং সামবেদ স্বর্থ্য
হইতে আবিভূতি। কুলুক ভট্ট এইরূপ মীমাংসা করেন
যে এই তিনবেদ এক কম্পো অগ্রি বায়ু ও স্ব্র্য্য হইতে,
কম্পান্তরে বন্ধা হইতে বহির্ভূত। পরস্ক সামবেদের
ছাদেদাক্ত উপনিষদে কথিত আছে অথর্ক চতুর্থবেদ, এবং
ইতিহাস ও পুরাণ পঞ্চমবেদ। উইলসন সাহেব কহেন,*
অথর্ক বেদমধ্যে গণ্য নয় বরং বেদের ক্রোড়পত্র স্বরূপ।
অথর্ক । ইনি এক প্রধান ঋষি। বেন্ধা হইতে

^{*} अग्रदम मश्हिणांत असूरारमत उंशक्तमिका ৮ शृष्ठा।

ইহাঁর উৎপত্তি; অথর্ক কর্দম প্রজাপতির কন্যাকে বিবাহ করেন, তাঁহার গর্ত্তে অথর্কের ঔরসে দখীচ নামে এক পুত্র জন্মে। দেবতারা বেত্রাস্থর বধ করিবার নিমিত্ত এই দখীচের অস্থিতে বজ্র নির্মাণ করিয়াছিলেন। —ভাগবত।

অদিতি। দক্ষপ্রজাপতির কন্যা ও কশ্যপের পত্নী;
ইনি সুর্য্যের মাতা।—বিঞ্পুরাণ। অদিতির গর্ন্তে ইন্দ্রাদি
দেবতারও জন্ম হয়, ইহাতে ইনি দেবমাতা বলিয়া বিখ্যাত।
কশ্যপ সহ বহু দিবস তপস্তা। করাতে বিষ্ণুও বামনাবতারে ইহাঁর গর্ন্তে জন্মিয়াছিলেন।—ভাগবত এবং মহাভারত। সমুদ্রমন্থনে যে কর্ণাভরণ উৎপন্ন হয়, ইন্দ্র তাহা
এই অদিতিকে প্রদান করেন।—মংস্পুরাণ।

অদীন। সহদেবের পুত্র।—বিষ্ণুপরাণ তথা বায়ুপুরাণ। পরস্তু ভাগবতে ইহার নাম অহীন লিখিত আছে।

অদৃশ্যন্তী। শক্তি মুনির স্ত্রী, ইনি পরাশরের জননী।
—মহাভারত।

অন্তৃত। নবম মহন্তবে পার, মরীচিগর্ত্ত, এবং স্থর্ম নামে যে তিন শ্রেণী দেবতা হন, তাঁহাদের পরাক্রান্ত অধীশ্বর ইন্দ্র, তাঁহার নাম অন্তুত।—বিষ্ণুপ্রাণ, কুর্মপুরাণ তথা ভাগবত।

অদ্ভি । সুর্য্যের নামান্তর।—সমরকোষ। আদুজা। । পার্ব্বতীর নামান্তর।—ংশচজা। অদ্তিনয়া। अपिताक ।) हिमालरात नामास्त । — धरणी। अपिता ।

অধর্ম। ব্রহ্মার জনৈক মানসপুত্র।—বায়ুপুরাণ, তথা ব্রক্ষাগুপুরাণ। লিঙ্গপুরাণে অধর্ম প্রজাপতিগণের মধ্যে পরিগণিত, পরস্ত বিশ্বপুরাণে, ভাগবতে তথা মহা-ভারতে প্রজাপতি অথবা ব্রহ্মার মানসপুত্রগণ মধ্যে অধর্মের নাম দৃষ্ট হয় না। বিষ্ণুপুরাণের একছলে অ-ধর্মের কিঞ্চিৎ বিবরণ আছে, কিন্তু কাহার পুত্র তাহা লিখিত নাই। টীকাকার করেন ইনি একার পুত্র। বিষ্ণুপুরাণ-মতে অধর্মের স্ত্রীর নাম হিংসা, তাহার গর্ম্ভে অংশের অনৃতনামক এক পুজ এবং নিকৃতি নামী কন্যা হয়। পরস্ক ভাগবতে উক্ত আছে অধর্মের স্ত্রীর নাম মৃষা, তাহার গর্ত্তে দম্ভ নামক পুত্র এবং মায়া নামী কন্যা জমে। কল্কিপুরাণে অধর্মের উৎপত্তি এইরূপ বর্ণিত, যথা, বেন্ধা নিজ পৃষ্ঠদেশ হইতে অতি মলিনপ্রকৃতি পাতক স্ফি করেন। সেই পাতকের নামান্তর অধর্ম। অধর্মের জ্রীর নাম মিখ্যা; ঐ মিখ্যার গর্ম্ভে দম্ভ ও নিক্তির উৎপত্তি হয়। সবিশেষ 'কলিং শব্দে দ্রম্ভব্য।

অধিপুৰুষ। মহান্ আত্মা। পুরুষোত্তম হইতে বিরাট্, স্বরাট্, সম্রাট্ এবং অধিপুরুষের উৎপত্তি হয়।
— কিঞুপুরাণ। বিরাট্ শব্দে ত্রন্ধাণ্ড, ও স্বরাট্ শব্দে ত্রন্ধা,
সম্রাট্ শব্দে মহু, এবং অধিপুরুষ সেই মন্বন্তরের অধিতাতা।

অধিযোগ। যোগ বিশেষ। যে লগ্নে যাত্রা করা হয়, তাহার চতুর্থ, পঞ্চম, সপ্তম, নবম অথবা দশম। ইহার যে কোন স্থানে হউক বুধ, রহস্পতি, ও শুক্র এই তিনটি গ্রহের মধ্যে হুইটি গ্রহ একত্র অবস্থিত থাকিলে তাহাকে অধিযোগ বলে। লিখিত আছে এই যোগে যাত্রা অতি প্রশস্ত। ইহাতে কোন স্থানে গমন করিলে মঙ্কল লাভ হয় এবং শক্র নাশও হয়।—জ্যোতিষ।

অধিবাক্তা। দেশ বিশেষ।—মহাভারত। ইহার নাম অধিরাক্তা, এবং অধিরাঞ্জি বলিয়াও লিখিত আছে।

অধিরথ। ইনি চন্দ্রবংশীয় সত্যকর্মার পুল্র। ইহাঁর স্ত্রীর নাম রাধা। পৃথা স্বীয় পুল্র কর্ণকে পেটকে আবদ্ধ করিয়া গঙ্গাজলে ভাসাইয়া দিয়াছিলেন, এই অধিরথ তাহাকে পাইয়া প্রতিপালন করেন।—মহাভারত তথা বিষ্ণুপুরাণ।

অথ্য্যা। নদী বিশেষ।—মহাভারত তথা মেদিনী। অথোক্ষজ । বিষ্ণুর নামান্তর।—অমরকোষ।

অধঃশিরা। নরক প্রভেদ। বিঞ্পুরাণে কথিত আছে, ভিন্ন ভিন্ন নরক সকল পৃথিবী ও জলের নিম্নে অবস্থিত; পরস্ত ভাগবতে বর্ণিত আছে, জলের উপরে উহা বিদ্যমান। নরক সংখ্যার বিষয়ও অপরাপর পুরাণে বিভিন্ন প্রকার দৃষ্ট হয়, তত্তাবৎ 'নরক 'শদে দুষ্টব্য। 'অধঃশিরার নাম অধামুখ বলিয়াও লিখিত আছে। যে ব্যক্তি অশান্ত দান গ্রহণ করে, অপুজনীয়কে পৃক্ষা করে, এবং ভাবি বিষয় জানিবার চেফীয় নক্তা নিরীক্ষণ করে, সে অধোমুখ নরকে যায়।—বিষ্ণুপুরাণ।

অধুযুঁ । যজুর্বেদের উপাসনা পাঠক।—বিষ্ণুপুরাণ।
অনয । ঋষি বিশেষ। ইনি বশিষ্ঠের ঔরসে উর্জার
গর্ম্ভে জাত। বশিষ্ঠের সাতপুল্র, তাহাদের নাম রজ,
গাত্র, উর্দ্ধবাহু, সবল, অনঘ, স্বতপাও শুক্র।—বিষ্ণুপুরাণ।
পরস্ত ভাগবতের মতে বশিষ্ঠ-পুল্রদিগের নাম চিত্রকেতু,
স্বরোচিম্, বীরজা, মিত্র, উল্ন, বস্বভুজ্জান, হ্যমান।
এবং বশিষ্ঠের অপর ভার্যার গর্ম্ভে শক্ত্রি প্রভৃতি অপরাপর পুত্রেরও জন্মের উল্লেখ আছে। বায়ু ও লিঙ্গপুরাণে
বশিষ্ঠের পুল্রদিগের নাম বিষ্ণুপুরাণ মতেই লিখিত,
কেবল এই মাত্র বিশেষ, বায়ুপুরাণে গাত্র পরিবর্ত্তে পুল্র,
এবং লিঙ্গপুরাণে গাত্র পরিবর্ত্তে হস্ত লেখা আছে। এবং

ঐ হুই পুরাণে বশিষ্ঠের পুগুরীকা নামী একটা কন্যারও
উল্লেখ আছে।

অনক। মন্মথের নামান্তর। তাহার অনক্ষ নাম হইবার কারণ, মন্মথ ইন্দাদি দেবতার আদেশে মহাদেবের তপস্থা ভক্ষ করিতে যান। সে স্থানে উমা মহাদেবের পরিচর্য্যা করিতেছিলেন, মন্মথ মহাদেবকে লক্ষ্য করিয়া বাণক্ষেপ পূর্বক উমার প্রতি তাঁহার মন বিচলিত করেন, তাহাতে মহাদেব ক্রোধে আপনার তৃতীয় নয়নের অনলে তাহার অঙ্গ ভন্মসাথ করিয়াছিলেন। মন্মথ ভন্ম হইলে রতি কাতরা হইয়া অত্যন্ত রোদন ক্রাতে এইরপ দৈববাণী হইল যে মন্মথ এক্ষণে অনন্ধ হইয়া রহিলেন, যথন পার্ব্বতীকে মহাদেব গ্রহণ করিবেন তথন মন্মথ স্বীয় শরীর
পুনঃপ্রাপ্ত হইবেন। পরে ভৃগুর শাপে বিষ্ণু বন্ধদেবের
পুত্র হইয়া জন্মিলে এই অনন্ধ তাঁহার পুত্র হইয়া কামদেব নাম প্রাপ্ত হইলেন। অপর বিষয় কামদেব গ শক্তে দুইটা — মহাভারত, কালিকাপুরাণ; লিঙ্গ ও প্রমুপুরাণ
তথা কুমারসম্ভব।

অন্তঃ নাগরাজ, ইহার অপর নাম শেষ। ইনি বিষ্ণুর অংশে অবতীর্ণ। কশ্যপ মহর্ষির ঔরদে কক্রর গর্বে ইহাঁর জন্ম। ইনি বহুকাল তপস্থা করিয়া ত্রন্ধার বরে অত্যন্ত বলবান ও সহস্র ফণাবিশিষ্ট সুদীর্ঘ দেহ প্রাপ্ত হইয়া পৃথিবী ধারণে নিযুক্ত হন।—মহাভারত। নন্দিকেশ্বর পুরাণে কথিত আছে, অনন্তের সহস্র মস্তক, ক্র মস্তক দ্বারা সদাগরা পৃথিবীকে ধারণ করিয়া আছেন। পুষ্পা একটা মন্তকে থাকিলে যেমন ভার বোধ হয় না অনত্তের পৃথিবীধারণেও দেইরূপ। অনত্তের অপর মূর্ত্তি চতুর্ভুজ, খেতবর্ণ, হত্তে শঞ্জ, চক্রন, গদা ও পত্ম। ভাদ্র মাদের শুক্ল চতুর্দ্দশীতে অনন্তত্তত করিবার বিধি। —ভবিষ্য পুরাণ। বিষ্ণুপুরাণে লিখিত আছে শেষের অপর নাম অনন্ত, অনন্ত দেবগণও ঋষিগণের পূজনীয়। সপ্ত-পাতাল তলে বিষ্ণু শেষ-আকৃতি ধারণ কৰিয়া রহিয়াছেন। অনন্তের সহস্র মস্তক, স্বস্তিক ভূষিত, প্রত্যেক মস্তকে মণি, সেই মণির আলোকে সকল পাতাল উজ্জুল হইয়া রহিয়াছে। তাঁহার এক খানি মাত্র কর্ণাভরণ, মস্তকে
মুক্ট এবং জাতে পুজামালা। তাঁহার বেশ ধূমবর্ণ এবং
গলদেশে শুক্রবর্ণ মাল্য। এক হস্তে হল, অপর হস্তে
মুলার, বারুণী তাঁহার সঙ্গিনী। তাঁহার সহস্ত মুখ হইতে
কম্পান্তে বাড়বামি নির্গত হইয়া ত্রিভুবন দক্ষ করে।
অপরাপর প্রন্থে আনন্ত রহয়াগ, সৃষ্টি সংহারের পর
তহপরি বিষ্ণু শয়ন করিয়া থাকেন। শব্দমালার মতে,
বাদকি, এটাও অনন্তের নাম, কিন্তু অমরসিংহ বাদকিকে
ভিন্ন বলিয়া বর্ণন করিয়াছেন। সার্ত্তকৃত প্রন্থে, অনন্তাদি
যে অন্ট নাগের সংখ্যা করা আছে, তন্মধ্যেও বাদকিকে
স্বতন্ত্র নাগ বলিয়া গণনা করা হইয়াছে।

অনবরথ। বহুবংশীর রাজা বিশেষ। ইনি মধুর পুত্র।—বিষ্ণুধরাণ।

অনমিত্র । রফির পুত্র, মাদ্রির গর্ব্তে জাত।—
বায়পুরাণ ও মংস্পুরাণ। পরস্ত বিষ্ণুপুরাণে লিখিত আছে
রফির হই পুত্র স্থানত এবং যুধাজিং। সেই স্মিত্রের
পুত্র অনমিত্র। ভাগবতে আবার অনমিত্রকে যুধাজিতের
পুত্র বলে।

অনল। অগ্নির নামান্তর। ইনি অন্টবসুর মধ্যে জনৈক বস্থ। ইহাঁদিপের নাম বস্থ হইবার কারণ, ইহাঁরা পরাক্রম ও প্রভাবে মহ্ম অগ্নি তাঁহাদিগের অগ্রগামী — বিষ্ণু-পুরাণ। পদ্মপুরাণে লিখিত আছে, যে সকল দেবতারা তেজ দ্বারা সর্ব্বদিক্ ব্যাপক হন, তাঁহারা বস্থ নামে খ্যাত। অনস্য়া। অতির পত্নী। ইনি দক্ষের কন্যা, প্রস্থৃতির গর্ম্ভাতা।—বিষ্ণুপুরাণ। পরস্তু ভাগবতে অনস্থার মাতার নাম দেবছ্তি বলিয়া নির্দ্ধিট আছে। যে কালে রাম, সীতা ও লক্ষণ সহ দণ্ডকারণ্যে গমন করত অত্তিমুনির আশ্রমে আতিথ্য গ্রহণ করেন, সেই সময়ে অত্তিপত্নী অনস্থা সীতাকে বসন ভূষণ প্রদানপূর্বাক তাঁহাকে স্থির-যৌবনা করিবার নিমিত্ত তাঁহার শরীর সংক্ষার করিয়া এক আশ্রম্মার করিয়া এক আশ্রম্মার করিয়া এক আশ্রমার বিনষ্ট হয় নাই। তাহার এমনি সোগস্কা যে বন হইতে মধুকরেরা প্রস্কৃতিত পুষ্পা পরিত্যাগ করিয়া সীতার সঙ্গে সঙ্গে ধাবমান হয়।—য়ায়ায়ণ তথা য়য়বংশ।

অনসূয়া। শকুন্তলার জনৈক সথী। শকুন্তলা কণুমুনির আশ্রমে যে সময় অবস্থান করেন, সেই সময়ে
অনস্থা নামী একটা স্থালা কন্যা তাঁহার সহচরী
ছিল।—অভিজান শকুন্তল।

অনামু। দক্ষের কন্যা, কশ্যপের পত্নী।—বাযু এবং পদ্মপুরাণ। পরস্তু বিষ্ণুপুরাণে কশ্যপের স্ত্রীগণ মধ্যে অনায়ুর নাম লিখিত নাই।

আনারায়ণ। সভূতের পুত্র। রাবণ হস্তে ইনি বিন্ট হন।—বিষ্পুরাণ।

অনাহত। হৃদয়স্থিত দাদশ দলপত্ম। যেথায় জীবাত্মার বাদ তাহারই নাম অনাহত। অনাহত পত্ম, অমাহতচক্র বলিয়াও কোন কোন স্থলে নির্দিষ্ট আছে।— তন্ত্রশাস্ত্র।

আনিকজ। প্রায়ের পুজ, এবং ক্লফের পৌজ।
ইনি ক্লুরাজার পোজীর পাণিগ্রহণ করেন।—বিষ্পুর্বাণ।
ভাগবতে লিখিত আছে বাণরাজার ছহিতা উষাকে এই
আনিক্লজ হরণ করিয়াছিলেন। উষাহরণের র্ত্তান্ত উষা গ শব্দে দ্রুট্টা

অনিল। বায়ুর নামান্তর। 'বায়ু' শব্দে সবিশেষ দুষ্টব্য। অনিল অষ্ট বস্তর মধ্যে পরিগণিত।—বিষ্ণুপুরাণ।

অনিল। তংস্কর পুজ। ইনি চক্রবংশীয়।—বিষ্ণুপরাণ। বায়ুপুরাণে অনিলের পরিবর্ত্তে মলিন লিখিত আছে। ভাগবতে অনিলের নাম রাভ্য, এবং ত্রহ্মপুরাণে ইহার নাম ধর্মনেত্র। মহাভারতে কথিত আছে তংস্কর পুক্র ইলিন, তাহার মাতার নাম কালিক্ষী।

অনীকিনা। দৈন্যগত সংখ্যা বিশেষ। অখ ৬৫-৬১, হক্তী ২১৮৭, পদাতি ১০৯৩৫, রথ ২১৮৭, সর্ব্ব সমেত ২১৮৭০। ইছা অক্ষোহিনীর দশমাংশ।—সমরকোষ।

অনু । রাজা য্যাতির চতুর্থপুত্র, ইনি শর্মিষ্ঠার গর্ভজাত। রাজা য্যাতি শুক্রাচার্য্যের শাপে জরার্থস্ত ইইয়া নিজ পত্নী দেব্যানীর পুত্রদিগকে ঐ জরাভার গ্রহণ করিতে ও আপনাকে ভাহাদিগের যোবন ঋণ দিতে অনুরোধ করেন। তাহারা সমত না হওয়াতে তাহা-দিগকে শাপ দিয়া অপর পত্নী শর্মিষ্ঠার পুত্র ক্রহ্থ এবং ঐ অন্তকে দেই জরা গ্রহণ করিতে অন্তরোধ জানান, কিন্তু তাহারাও অস্বীকার করে, তাহাতে তাহাদিগকেও যথাতি শাপ প্রদান করেন; অনুকে এই বলিয়া শাপ দেন যে তুমি যাবজ্জীবন জরাগ্রস্ত হইয়াই থাক, আর তোমার পুল্রেরা যৌবন প্রাপ্ত হইলেই স্ত্যুমুখে পতিত হইবে, এবং তুমি অগ্নিকে চরণে দলন করিবে অর্থাৎ নাস্তিক হইবে। অবশেষে শর্মিষ্ঠার কনিষ্ঠ পুল্র পৃরু পিতার জরা গ্রহণ করিলেন, পরে সহজ্র বৎসর অতীত হইলে রাজা যযাতি পৃরুকে যৌবন ফিরিয়া দিয়া তাঁহাকেই সাম্রাজ্য প্রদান করিলেন, এবং যত্ন প্রভৃতি অপরাপর পুল্রকে প্রুর অধীনে মগুল-নৃপ করিয়া দিলেন। অনুকে উত্তরাংশে স্থাপিত করিয়া স্বয়ং তপোবনে গমন করিলেন।—মহাভারত, ভাগবত, তথা বিষ্ণুপ্রবাণ।

অনুগৃহ। স্থা বিশেষ। স্থা ৯ প্রকার; মহৎস্থা, তন্মাত্র অর্থাৎ ভূতস্থা, বৈকারিক অর্থাৎ ঐক্রীয়ক স্থাটি, মুধ্য স্থাটি, তির্যাক্ স্থাটি,উদ্ধিপ্রোতঃ স্থাটি, অর্কাক্সোতঃ স্থাটি, অর্থাহ স্থাটি এবং কৌমার স্থাটি।—বিষ্ণুপুরাণ।

পরস্ত পদ্ম, মার্কণ্ডের, মৎস্ত ও লিঙ্গপুরাণে অনুগ্রহ পঞ্চম স্থাই বলিরা বর্ণিত। দেই অনুগ্রহ আবার বিপর্যার, অশক্তি, সিদ্ধি ও তুফি এই চারি প্রকারে বিভক্ত। বিপর্যার অর্থাৎ স্থাবরস্ফি, অশক্তি অর্থাৎ পশুপক্ষ্যাদি-স্থাই, সিদ্ধি অর্থাৎ মনুষ্য-স্ফি,এবং তুফি অর্থাৎ দেবস্ফি। মহাভারতে অনুগ্রহ স্ফির কোন উল্লেখ নাই। অনুপাতক। পাতক বিশেষ, মহাপাতকের তুল্য।
অনুপাতক ৩৫ প্রকার। যথা, (১) মিথ্যা বচন, (মিথ্যা
আত্মাঘা এবং মিথ্যা পরশ্লানি,) (২)রাজার প্রতি খলতা
অর্থাৎ হুন্টমি, (৩) পিতার মিথ্যা দোষ কথন, (৪) বেদত্যাগ অর্থাৎ বিশ্বত হওয়া, (৫)বেদনিন্দা, (৬) মিথ্যা নাক্যা,
(জানিয়া না বলা ও মিথ্যা বলা,) (৭) বন্ধুবধ, (৮) অন্যজ্ঞ
ব্যক্তির অন্নভক্ষণ, (৯)অভক্ষ্য ভক্ষণ. (১০) নিক্ষেপ অর্থাৎ
গচ্ছিত দ্রব্য হরণ, (১১) মনুষ্য হরণ, (১২) অশ্ব হরণ,
(১৩) রজত হরণ, (১৪) ভূমি হরণ, (১৫) হীরক হরণ,
(১৬) মণি হরণ: এবং অগম্যা গমন ১৯ প্রকার।

উপরি উক্ত মিথ্যা বচন প্রভৃতি ১৬ প্রকার পাতক জ্ঞানপূর্ব্বক করিলে তাহার প্রায়শ্চিত দ্বাদশ বার্ষিক ত্রত, (১২ বৎসর করিতে হয় এমন কোন ত্রত); ইহা করিতে না পারিলে ১৮০ ধেরু (নবপ্রস্থত গাভী) দান, তাহার জ্ঞাবে ৫৪০ কাহন কড়ি এবং দক্ষিণা ১০০ গো, তাহার জ্ঞাবে ১০০ কাহন কড়ি। জ্ঞানপূর্ব্বক এই এই পাপ করিলে উক্ত প্রায়শ্চিতের জ্ঞাকে করিতে হয়।—শ্বৃতি।

অন্পাবৃত্ত। জাতি বিশেষ।—মহাভারত।

অনুমতি। অঙ্গিরার কন্যা। স্থৃতি ইহার জননী।—

এক কলা বিহীন চক্রযুক্ত তিথি অর্থাৎ শুক্লচতুর্দ্দশী-যুক্ত
পূর্ণিমার নাম অনুমতি।—বিষ্ণুপুরাণ তথা অমরকোষ।

অনরথ। কুরুবৎসের পুত্র। ইনি বিদর্ভদেশীয় রাজ-গাণ মধ্যে পরিগণিত।—হরিবংশ তথা বিষ্ণুপুরাণ। অনুরাধা। জারদ্গবী বীথির নক্ষত্র বিশেষ।—
ভাগবত তথা মংস্থাপুরাণ। সবিশেষ প্রজবীথি গক্তি দেখা।

অনুবৎসর। যুগের চতুর্থ বৎসরের নাম। সংবৎসর, পরিবৎসর, ইদাবৎসর, অনুবৎসর এবং বৎসর এই পাঁচ বৎসরে এক যুগ হয়।—বিষ্ণুপুরাণ। সবিশেষ 'যুগ'শদে দেইবা।

অনুবাদ। কপ্সত্ত্র প্রভৃতি গ্রন্থ।—বিষ্ণুপুরাণের চীকা। অনুবিন্দ। অবন্তীর রাজা জয়দেনের পুত্র। ইনি রাজাধিদেবীর গর্ত্তজাত।—বিষ্ণুপুরাণ।

অনুশাল্য । দৈত্য বিশেষ। কৃষ্ণের উপরেই ইহার দেবভাব। এই দৈত্য অসাধারণ পরাক্রমশালী ছিল; এমন কি, কৃষ্ণও ইহার সহিত যুদ্ধ করিতে অসমতি প্রকাশ করেন। একদা কৃষ্ণ পাণ্ডবদিগের বাটী মধ্যে আছেন, এমন সময়ে ঐ অনুশাল্য কৃষ্ণকে বিনক্ত করিবার মানসে হস্তিনাপুরী অবরোধ করিল। তাহাতে ভীম অর্জুনাদি সকলেই সদৈন্যে সেই অনুশাল্যের সহিত যুদ্ধ করিতে প্রন্ত হইরা ক্রমে পরাস্ত হইলেন। পরিশেষে কর্ণের পুল্র র্যকেতু যুদ্ধকৌশলে অনুশাল্যকে জয় করিয়া বন্ধান পূর্বক কৃষ্ণের নিকটে আনিয়া দিল। তাহাতে অনুশাল্যের বীরগর্বর থবা হওয়াতে সে অতীব লজ্জিত হইল, এবং কৃষ্ণের নানাবিধ উপদেশ বাক্যে জ্ঞানী, ও ধর্মিষ্ঠ হইয়া তপস্থাতে গমন করিল।—মহাভারত ও জৈমিনী-ভারত।

অনুষ্ঠুভ্। অফাক্ষর ছন্দ বিশেষ। এই ছন্দ একার উত্তরদিকের মুথ হইতে নির্মত।—বিষ্ণুপুরাণ।

অরুফুভ্ ছন্দের লক্ষণ এই, ইহার পঞ্চম বর্ণ লঘু, এবং সপ্তম, চতুর্থ ও ষষ্ঠ বর্ণ গুরু হইয়া থাকে। অন্য বর্ণের নিয়ম নাই।—ছন্দোমঞ্জরী।

অনুষ্ণা! নদী বিশেষ। ইহার অপর নাম অতি-কুষণা।—মহাভারত।

অনুষ্ । বিভাতের পুত্র। ইনি ব্যাসের পুত্র যে শুক, তাঁহার কন্যা কৃতির পাণিগ্রহণ করেন। এই কৃতির গর্ব্তে ত্রহ্মদত্তের জন্ম হয়।—বিষ্ণুপুরাণ। পরস্ত বায়ুপুরাণে বিভাত্রের নাম বিভাজ বলিয়া লিখিত আছে।

অনুহাদ। হিরণ্যকশিপুর চারি পুত্র, তমধ্যে অনু-হ্লাদ জ্যেষ্ঠ।—বিষ্ণুপুরাণ। পরস্ত ভাগবত ও মহাভারত প্রভৃতি পুরাণে অনুহ্লাদ শব্দের পরিবর্ত্তে অনুহাদ লিখিত আছে।

অনুক। অরুণের নামান্তর।— শাঘ ও অমরকোষ।

• অরুণ শব্দে সবিশেষ দ্রুষ্টব্য।

অনৃত। অধর্মের ঔরদে হিংসার গর্ত্তে জাত। এই অনৃত নিজ ভগিনী নিকৃতির পাণিগ্রহণ করে।—বিষ্ণুপুরাণ। পরস্কু ভাগবতে লিখিত আছে, নিকৃতি লোভের স্ত্রী।

আনেনা। ককুৎস্থের পুত্র।—বিফুপুরাণ। পরস্ত মৎস্ত, আয়ি ও কুর্মপুরাণে ককুৎস্থ-পুত্তের নাম স্বযোধন দৃষ্ট হয়।

অনেন। কেমারির পুত্র।—বিষ্ণুপুরাণ।

অনেনা। আয়ুসের পুত্র।—বিষ্কুপুরাণ। পরস্তু অগ্নি ও মৎস্তপুরাণে অনেনার পরিবর্ত্তে বিপাপ্যাও পদ্ম-পুরাণে বিদামা লিখিত আছে।

অন্তচার। জাতি বিশেষ।—মহাভারত।

অন্তর্ধান । একার একটা আকৃতি। ভাগবতে নির্ণীত হইয়াছে একার দশটা আকৃতি; যথা, জ্যোৎসা, রাত্রি, অহঃ, সন্ধ্যা, তন্দ্রি, জৃত্তিকা, নিদ্রা, উন্মাদ, অন্তর্ধান, ও প্রতিবিষ্ক। পরস্ক বিঞ্পুরাণে একার এই চারিটা মাত্র আকৃতির উল্লেখ, রাত্রি, অহঃ, সন্ধ্যা এবং জ্যোৎস্থা। বায়ু, লিঙ্ক, কুর্ম পুরাণেও তাহাই।

অন্তর্ধান। পৃথুরাজার জ্যেষ্ঠপুত্র। ইহার অপর
নাম অন্তর্ধা। ভাগবতে লিখিত আছে বিজিতাখ,
হর্যাক্ষ, ধূত্রকেশ, রক ও দ্রবিণ নামে পৃথুরাজার পাঁচটী
সন্তান ছিল। বিজিতাখের অপর নাম অন্তর্ধান। ইক্র
হইতে অন্তর্ধান করিবার শক্তি লাভ করাতে উহার
ঐ নাম হয়। পরন্ত বিষ্ণু ও বায়ুপুরাণ তথা হরিবংশের
মতে পৃথুরাজার অন্তর্ধি ও পালী নামে হুইটা মাত্র পুত্র।
অন্তর্ধির অপর নাম অন্তর্ধান। অন্তর্ধানের জীর নাম
শিখ্তিনী।

অন্তরীক্ষ। অটাবিংশ ব্যাস মধ্যে অন্তরীক্ষ এরোদশ ব্যাস। বৈবস্থত মন্বন্তরের দ্বাপরযুগে ঘাঁহারা বেদ বিভাগ করেন, ভাঁহাদের নাম ব্যাস। উক্ত মন্বন্তরে ইহাঁরা বেদ বিভাগ করেন যথা,—স্বয়ভূ, প্রজাপতি, উশনাঃ, রহস্পতি, সবিতা, স্ত্যু, ইন্দ্র, বশিষ্ঠ, সারস্বত, ত্রিধামা, ত্রিরমা, ভরদ্বাজ, অন্তরীক্ষ, বপ্র, এয়ারুণ, ধনঞ্জয়, কৃতঞ্জয়, ঋণ, ভরদ্বাজ, গোতম, উত্তম, বেণ অথবা রাজপ্রবা, তৃণবিন্দ্র, ঋক্ষ অথবা বাল্মীকি, শক্ত্রি, পরাশর, জরৎকারু এবং কৃষ্ণবৈদ্বান।—বিষ্ণুপরাণ তথা বায়ু ও কূর্মপুরাণ।

অন্তরীক্ষ। ইক্ষাকু বংশীয় কিন্নরের পুত্র।—বিষ্ণুপুরাণ। ভাগবতে কিন্নরের পরিবর্ত্তে পুক্ষর লিখিত আছে।

অন্তঃশিলা। নদী বিশেষ। এই নদী বিদ্যাপর্বত হইতে নিঃস্তা, ইহার অপর নাম অন্ত্রশিলা।—একাণ্ড-পুরাণ তথা মহাভারত।

আহ্বা । জাতি বিশেষ ও দেশ বিশেষ।— নহাভারত। এই শব্দ কোন কোন পুঁথিতে অধ্য, অন্ত্য এবং অক্স বলিয়াও লিখিত আছে। সবিশেষ অক্সুশব্দে দ্রুফীব্য।

অন্ধক। মুনি বিশেষ। বাল্মীকিরামায়নে, অধ্যাত্ম-রামায়নে এবং রঘুবংশে এক অন্ধমুনির বিষয় বর্ণিত আছে। রাজা দশরথ হুগয়া করিতে গিয়া সেই অন্ধমুনির দিল্পুক নামক শিশু সন্তানকে ভ্রমে বধ করিয়া শাপগ্রস্ত হন। লৌকিক প্রবাদ, এই অন্ধমুনিরই নাম অন্ধক। পরস্ত ভাঁহার নামই যে অন্ধক, অথবা অন্ধ হওয়াতে লোকে তাঁহাকে অন্ধক কহে এ হুই রামায়নে এবং রঘুবংশে তাহার কোন স্পাষ্ট প্রমাণ নাই।

উক্ত মুনির বিষয় এইরূপ লিখিত আছে, —রাজা দশর্থ হুগয়া করিতে গমন করিয়া ছিলেন, একদা রাত্রি-কালে অশ্ব আরোহণপুর্ব্বক নদীতীরে ইতস্ততঃ ভ্রমণ করিতেছেন হঠাৎ নদীর জলে একটী শব্দ হইল, রাজা. इस्ती जनभान कतिराउट इंशांक वध कति इंश जाविया, শব্দভেদী বাণ তাহার প্রতি কেপ করিলেন কিন্ত পরক্ষণে হা পিতঃ এই মনুষ্যের রব তাঁহার কর্ণে প্রবিষ্ট হইল, তিনি তখন অত্যন্ত বিষাদিত ও উৎকণ্ঠিত চিত্তে তথায় সত্তর গিয়া দেখেন একটী মুনিবালক জলের ধারে জল কলদের উপর পতিত রহিয়াছে, জটাগুলি ইতস্ততঃ বিক্ষিপ্ত, বক্ষঃস্থলে বাণ বিদ্ধ, রক্তে শরীর ভাসিতেছে। হায় কি হইল, আমি কাহারো কোন অপরাধ করি নাই, আমার পিতা মাতা উভয়েই অন্ধ্র, রুদ্ধ এবং জল-পিপাসায় কাতর, তাঁহাদের আর কেহই নাই আমি তাঁহাদিগের নিমিত্ত জল লইতে আসিয়া ছিলাম. আমাকে নিরপরাধে কে বিনাশ করিলে। তাঁহাদিগ্রের এখন উপায় কি হইবে, ইত্যাদি করুণ বিলাপ রাজার কর্ণে প্রবিষ্ট হইল। তাহাতে রাজা দশর্থ, হায়। আমি কি করিলাম, কাকে বঁধ করিলাম, এক্ষহত্যা করিলাম, বলিয়া সম্থে গিয়া কহিলেন, ভগবন ঋষিবালক, আমি হুরাত্মা অযোধ্যাধিপতি রাজা দশরথ, হস্তী জলপান করিতেছে এই ভ্রমে আমিই বাণক্ষেপ করিয়াছি, আমিই আপনাকে বধ করিয়াছি, আমি অজ্ঞানে এই মহাপাতক করিলাম. এক্ষণে আপনি আমাকে রক্ষা করুন আমি আপনার শরণাগত, ইহা বলিয়া রাজা চরণ ধারণ পূর্ব্বক রোদন করিতে লাগিলেন। মুনিবালক রাজার শাপভয়ে ও ত্রন্ধহত্যার ভয়ে কাতরতা দেখিয়া সদয় ভাবে কহিলেন মহারাজ ভয় নাই, আমি ব্রাহ্মণ নহি, শুদ্রার গর্ভে জ্বাত, আমার বিনাশে আপনি ত্রহ্মবধ আশঙ্কা করিবেন না, আমার বড় যাতনা হইতেছে, আমার বক্ষঃস্থল হইতে বাণ উত্তোলন করুন, আমি প্রাণত্যাগ করি। কিন্ত আপনি পলায়ন করিবেন না, এই কলদে জল লইয়া গিয়া আমার পিপাসার্ত্ত পিতা মাতাকে জল প্রদান করুন। ভাঁহারা জলপিপামায় অতি কাতর, অগ্রে জলপান করিলে, পরে আপনার পরিচয় দিয়া সকল রুতান্ত বলিবেন, এবং ভাঁহাদিগের নিকটে ক্ষমা প্রার্থনা করিবেন নতুবা নিস্তার নাই। পরে রাজা মুনিবালকের বক্ষঃস্থলহইতে সেই বাণ উত্তোলন করিলে,তৎক্ষণাৎ তাঁহার স্ত্যু হইল। রাজা অতি ব্যাকুলচিত্তে জল লইয়া অপ্পে অপ্পে গমন করত বনমধ্যে সেই মুনির কুটীর অরেষণ করিতে লাগিলেন।

এ দিগে অন্ধ ও অন্ধা অত্যন্ত পিপাসার্ভ হইয়া পুত্রের আগমন প্রতীক্ষা করিতেছেন এবং কহিতেছেন, কেন পুত্র এত বিলম্ব করিতেছে, রাত্রিকাল, জল কি পায় নাই, অথবা অন্ধকার, পথ দেখিতে বুঝি পাইতেছে না, কথন আসিবে, তৃষ্ণায় প্রাণ যায় আর থাকিতে পারি না। এই সকল কথা বলিতেছেন ও পথের প্রতি কর্ণপাত করিয়া

রহিয়াছেন, এই সময়ে রাজার পদ শব্দ শুনিতে পাইলেন। শুনিয়াই, বাছা শীঘ্ৰ জল দেও, এত বিলম্ব তোমার কেন, আর পিপাস। সহু করিতে পারি না, এইরূপ বলিতে লাগিলেন, তাহা প্রবণ করাতে বিষাদে রাজার শরীর অস্পন্দ হইল, মুখে আর বাক্য সরে না, শাপভয়ে ক্ষণে ক্ষণে হৃৎকম্প হইতে লাগিল। কি করিবেন, কোন রূপে অগ্রে গিয়া কহিলেন আমি আপনার পুত্র নহি, আমি অযোধ্যার অধিপতি রাজা দশর্থ, আপনারা এই জল পান করুন, ইহা বলিয়া জল প্রদান করিলেন। অন্ধ ও অন্ধা জল পান করিলেন না, উৎক্তিত-চিত্তে পুত্রের সমাচার বারম্বার জিজ্ঞাসা করিতে লাগিলেন, স্মতরাং রাজাকে কহিতে হইল। তিনি অতি কাতর-স্বরে কহিতে লাগিলেন ভগবন্ আমি ছরাত্মা নরাধম ইক্বাকুবংশের কুসন্তান রাজা দশরথ, আমি হগয়াতে আসিয়াছিলাম, আপনাদিগের পুত্র নদী হইতে কলসীতে জল পুরিতে-ছিলেন, আমি হস্তী জল পান করিতেছে এই ভ্রমে তাঁহাকে বধ করিয়াছি, আমি নিষ্ঠর ও মহাপাতকী, আমি অতি কুকর্ম করিয়াছি কিন্তু আমি জানিতে পারি নাই আমার অজ্ঞানকৃত অপরাধ আপনারা মার্জ্জনা করুন্। ইত্যাদি কথ৷ বলিতে না বলিতেই অন্ধা ও অন্ধা বজাহতের ন্যায় ভূমে পতিত হইয়া উচ্চৈঃম্বরে রোদন করিয়া উঠি-र्लन। महाताक कि मर्वनाम कतिरलन, आयामिरशब অন্ধবিউকে আপনি বিনাশ করিয়াছেন, বলিয়া বিবিধ

প্রকার বিলাপ করিতে লাগিলেন। রাজা অস্পন্দপ্রায় অমনি দাঁড়াইয়া রহিলেন, বহু বিলাপের পর অন্ধ রাজাকে কহিলেন যে স্থানে আমার মত বালক আছে তথায় আমাদিগকে লইয়া যাও। পরে রাজা উভয়কে তথায় লইয়া গোলেন। অন্ধ অন্ধা উভয়ে সেই স্ত সন্তানের শরীর স্পর্শ করিয়া রোদন করত, বাছা গাত্রোত্থান করো,এখানে কেন শয়ন করিয়া রহিয়াছ, আমরা পিপাদার্ত্ত, কৈ আমা-मिश्राटक खल श्रमान कतिरव ना. **এই সকল মর্মাভেদি করু**ণ ধনিতে অত্যন্ত রোদন করিয়া প্রাণ পরিত্যাগ করিতে উদ্যত হইলেন এবং রাজাকে চিতা রচনা করিয়া দিতে বলিলেন। রাজা চিতা প্রস্তুত করিয়া দিলে সেই নদীজলে পুত্রের তর্পণাদি করিয়া সেই চিতাতে হত পুত্রের সহিত আংরোহণ করিলেন। চিতারোহণ কালে রাজাকে এই বলিয়া শাপ দিয়ে গেলেন, যে আমরা যেমন র্দ্ধাবস্থায় পুত্র-শোকে প্রাণত্যাগ করিলাম, মহারাজ আপনারও এই-क्रश घरित। अक्रमूनि এই भाग अमान कतित्व ताका इःथिত ना रहेशा वतः आख्लाम शृक्षक कहिरतन जनवन्, আমার এত বয়স্ হইয়াছে, অদ্যাপি আমার পুত্র হয় নাই। আপনি এই শাপ প্রদান করাতে আমার পুলের মুখপল নিরীকণ করা অবশ্যই ঘটিবে তাহার সন্দেহ নাই, অতএব এই শাপ আমি বর বোধ করিলাম। অনন্তর তিনি उँ।श्रीप्रत्भन जित्नत्र अत्यासि किया कतित्वता ताका ্দশর্থ অন্ত্যেক্টিক্রিয়া করাতে তাঁহারা অভিমত লোক

আস্বাক। যহ্বংশীর সত্তের সাতটা পুত্র, তমধ্যে আস্বাক চতুর্থ।—বিফুপুরাণ। পরস্তু আগ্নিপুরাণে সত্তের চারিটী মাত্র পুত্রের উল্লেখ আছে।

অস্বাক । দানব বিশেষ।— নহাভারত। কিরাতা-র্জুনীয় কাব্যে লিখিত আছে, অন্ধাককে মহাদেব বিনাশ করেন, ইহাতে তাঁহার নাম অন্ধাকান্তক হইয়াছে।

অন্ধকারক। দেশ বিশেষ। এই দেশ ক্রেঞিদীপে অবস্থিত, প্রাবরক দেশের পর ও মুনিনামক দেশের পূর্ব অন্ধকারক দেশ। ইহাতে সিদ্ধ, চারণ, দেব, গন্ধব্ব বাস করেন। এস্থানের সকল অধিবাসীই গৌরবর্ণ।—শহাভারত।

অন্ধতামিনু। অবিদ্যা বিশেষ। এক্ষা কণ্পের আদিতে পূর্বের ন্যায় স্থাটি চিন্তা করিতেছেন এমন সময়ে ভাঁহার অবৃদ্ধিতে তম, মোহ, মহামোহ, তামিজ্র, ও অন্ধতামিজ, এই পাঁচ প্রকার অবিদ্যার উৎপত্তি হইয়া-ছিল।—বিষ্ণুরাণ তথা ভাগবত।

অক্সতামিসু। নরক বিশেষ। এই নরক নিবিড় অক্সকারময়।—ভাগৰত, মহাভারত, তথা মহু।

অন্ধ্র। জাতি বিশেষ।— মহাতারত। ইহাঁরা অস্থ্রনামক দেশ অর্থাৎ তৈলন্ধ দেশ বাসী। প্রপ্রসিদ্ধ প্রাচীন গ্রন্থ-কর্ত্তা প্রিনির পুস্তকে আল্রি নামে এই জাতির উল্লেখ আছে। তিনি লেখেন, আল্রিদিগের হুর্গ রক্ষিত ৩০টী নগর, সৈন্যসংখ্যা ১০০০০, হস্তী ১০০০। পরস্ত অপর গ্রন্থে কথিত আছে আল্রি জাতি গল্গা-তটবাসী। ইহা সন্তাবিত বটে যে তৈলঙ্গবাসী অন্ধ্রলাতি ক্রমে উত্তর দিকে রাজ্য বিস্তার করিয়া থাকিবে। নতুবা এমনও হইতে পারে যে এই নামে হুইটী রাজবংশ ছিল, যথা তৈলঙ্গ রাজারা ও মগধ রাজারা। মগধ রাজাদিগের রাজধানী পাটলীপুত্র।

অন্ধৃত্ত্য। অনুজ্বাতীয় শিপ্রক নামক জনৈক ভ্ত্য, কুশর্মা নামক চতুর্থ কার রাজাকে বধ করিয়া রাজ্য প্রাপ্ত হন। ঐ বংশীয় ৩০ জন রাজাকে অক্সভ্ত্য কহে। ঐ রাজারা ৪৫৬ বংসর রাজ্য করিয়াছিলেন।—ভাগবত, বায়ুত্বা বিষ্ণুপ্রাণ। পরস্তু মংস্থাপুরাণে ২৯ জন মাত্রের নাম লিখিত হইয়াছে, তাঁহারা ৫৩৫ বংসর ৬ মাস রাজ্য করেন। অল্প। অলপূর্ণার নামান্তর।-কাশীখত।

অন্নপূর্ণ। ভগবতীর মূর্ত্তি বিশেষ। এই মূর্ত্তি দিছুক্ত, বামহন্তে স্বর্ণময় অন্নপাত্র, দক্ষিণহন্তে দক্ষী. অর্থাৎ হাতা, মহাদেবকে অন্ন পরিবেশন করিতেছেন।—কুজিকাতক্ত্র, তথা মন্ত্রনহাদির। পরস্তু দক্ষিণামূর্ত্তি সংহিতামতে অন্নপূর্ণা চতুর্ভুজা। ঐ চারি হস্তে পদ্ম, অভয়, অকুশ ও দান। কাশীতে অন্নপূর্ণার মূর্ত্তি প্রতিন্তিত। বিশেশরের মন্দিরের অদুরে ইহার মন্দির। এক্ষণে গৃহভিতিতে স্থাপিত আছে। কালাপাহাড়ের ভয়ে অন্নপূর্ণা গৃহভিতিতে প্রবিষ্ট হন, এমত প্রসিদ্ধা। এতদেশে লোকের। অন্নপূর্ণার দিছুক্ত হুর্তিকার মূর্ত্তি নির্মাণ করিয়া চৈত্র মাসের শুক্ত অফমীতে এবং কার্ত্তিক মাসের পূর্ণিমাতে পূজা করে।

অপচিতি। পৌর্ণমাসের কন্যা। বায়ু ও লিঙ্গপুরাণে পৌর্ণমাসের তৃষ্টি, পুষ্টি, বিষা ও অপচিতি নামে
চারিটী কন্যা এবং হুইটা পুক্র নির্দ্দিষ্ট আছে। ভাগবতে
হুইটা পুক্র এবং দেবকুল্যা নামে একটা মাত্র কন্যার উল্লেখ
আছে। পারস্ক বিঞ্পুরাণে লিখিত হুইয়াছে পৌর্ণমাসের
বীরক্ষা এবং সর্কাগ নামে হুইটা মাত্র পুক্র। ভাঙ্গাওপুরাণের
মতে আবার পৌর্ণমাসের কৃষ্টি ঋষ্টি ও উপচিতি এই
তিনটী কন্যা ও বীরক্ষা এবং সর্কাগ নামে হুইটা পুক্র।

অপবাহ । জাতি বিশেষ।— মহানায়ত। ইহাদিপের নাম উপবাহ এবং প্রবাহও লিখিত হয়।

অপমূর্ত্তি। অতি মুনির পুত্ত। ৰাষুপুরাণের মতে

অত্তির পাঁচ সন্তান, যথা সত্যানেত্র, হব্য, অপমূর্ত্তি, শনি ও সোম; এবং শ্রুতি নামী একটী কন্যা। পরস্ক ভাগবতে এবং বিষ্ণুপুরাণে অত্তির তিন্টী মাত্র পুত্রের উল্লেখ আছে, যথা সোম, হুর্কাসা এবং দভাত্তেয়।

অপরকাশি। জাতিবিশেষ। মহাভারতে অপরকাশি জাতির অব্যবহিত পূর্ব্বে কাশিজাতির উল্লেখ আছে, ইহাতে বোধ হয় ঐ অপরকাশি জাতি কাশিজাতিরই নিকটবর্ত্তী। কাশিজাতি কাশীপ্রদেশ-বাসী ছিল।

অপারকুদ্তি। জাতিবিশেষ।— মহাভারত। এই জাতি
কুন্তিজাতির নিকটবর্ত্তী, কিন্তু, কুন্তি ও অপারকুন্তিজাতি
কোন্ দেশবাদী ছিল তাহা এক্মণে নির্ণয় করা স্ম্কৃতিন।
উইলফোর্ড সাহেব কহেন কচ্ছ প্রদেশের নাম কুন্তি।
কচ্ছ এক্মণে কাছাড় নামে বিখ্যাত আছে।

অপরবন্ধভ। জাতিবিশেষ।—নহাভারত। মহাভার-তের কোন কোন পুঁথিতে অপর বন্ধভ জাতির পূর্বেব বন্ধভজাতির উল্লেখ আছে, ইহাতে অনুমান হয় অপর বন্ধভজাতি ঐ বন্ধভজাতির নিকটবর্তী ছিল। রাজপুতনায় বন্ধভী নামে এক প্রসিদ্ধ নগরী ছিল, বন্ধভজাতি যে সেই নগরীতে ও তাহার ইতন্ততঃ প্রদেশে বাস করিত, ইহা অস্ভাবিত নহে।

অপরাজিত। একাদশ রুদ্রের মধ্যে একজন।—

মংস্থ তথা বিষ্ণুপ্রাণ। পরস্ত ভাগবতে এবং বায়ুপুরাণে
ক্রন্ত্রগণ মধ্যে অপরাজিতের নাম দৃষ্ট হয় না।

অপরাজিতা। ছুর্গার নামান্তর। নার্কতেরপুরার। স্বিশেষ 'ছুর্গাণ শব্দে দ্রুকীর।

অপরান্ত ৷ জাতি বিশেষ।—মহাভারত। ইহারা ভারতবর্ষের প্রান্তভাগ বাসী ছিল। উইলসন সাহেব পরাস্ত এবং অপরাস্ত শব্দের অর্থ এইরূপ লিখিয়াছেন যে, "পরান্ত" যাহারা সীমার বহির্বাসী, "অপরান্ত" যাহারা সীমার বহিবাসী নহে। পরস্তু, পরাস্ত ও অপরাস্ত এই छूरे भरकत बना बर्यं इरेट शास यथा, शृक्त श्राष्ट्रवाजी এবং পশ্চিম প্রান্তবাসী। দিঙ্গিরে প্রাতঃকালে সূর্যা-ভিমুখে দণ্ডায়মান হইলে সন্মুখদিক্কে পর অথবা পূর্ব্ব এবং পৃষ্ঠ দিক্কে অপর অথবা পশ্চিম বলা যায় স্কুতরাং পরাস্ত ও অপরাস্ত শব্দে পূর্ব্বপ্রাস্ত ও পশ্চিমপ্রাস্ত এরূপ অর্থ না হইবেই বা কেন। বায়ুপুরাণে অপরান্ত শব্দের পরিবর্ত্তে অপরীত লিখিত আছে, কিন্তু তাহার৷ উত্তর দেশবাসী। প্রাচীন ইতিহাস রচয়িতা হেরোদোতসের গ্রন্থে ভারতবর্ষের প্রান্তবাদী অপরীতি নামে এক জাতির উল্লেখ আছে। বোধ হয় বায়পুরাণে উল্লিখিত অপরীত জাতি সেই জাতি হইবে।

অপরীত। জাতি বিশেষ।—বাযুপুরাণ। 'অপরান্ত গ শব্দে দ্রুষ্টব্য।

অপস্তি। উত্তানপাদের পুত্র, স্থরীতার গর্ডে জাত। বায়ু, এক ও মৎস্যপুরাণে লিখিত আছে, রাজ। উত্তানপাদের সুরীতা নামে একটা মাত্র মহিনী ছিল, তাঁহার গর্টে অপশ্পতি, অযুস্মন্ত, কীর্ত্তিমান এবং ধুর এই চারি সন্তান জন্ম। পরস্ক ভাগবত এবং পত্ম, বিষ্ণু ও নারদীয় পুরাণের মতে উত্তানপাদের স্কুচি ও স্থমীতি নামী ছটী মহিষী, স্কুচির গর্টে উত্তয এবং স্থনীতির গর্টে ধুরের জন্ম হয়।

অপ্রতিরথ। পুরুবংশীয় রস্তিনারের পুত্র।—বিষ্ণু-পুরাণ। পরস্ক অগ্নি ও ত্রহ্মপুরাণে ইহার নাম প্রতিরথ লিখিত আছে।

অপ্রতিষ্ঠ। অফাবিংশতি নরক মধ্যে অপ্রতিষ্ঠ সপ্ত-বিংশতি নরক।—বিষ্ণুপুরাণ এবং ভাগবত। স্বিশেষ, নরকংশক্ষেত্রতা।

অপসরা। দেবঘোনি বিশেষ। অপ্সরাদিগের অনেক-গুলি শ্রেণী, এবং ইহাদিগের উৎপত্তিও বিভিন্নরূপে বর্ণিত। ত্রন্ধাণ্ডপুরাণের মতে অপ্সরাদিগের ১৪টা গণ। যথা,—আহুতাগণ, শোভয়ন্তীগণ, যত্নগণ, বেগ-বতীগণ, উর্জ্জাগণ, পুচরণাগণ, ক্রিরাগণ, ভার্গবীগণ, ঋষভাগণ, অহতাগণ, সাম্যাগণ, ভুবনক্রতিগণ, ভীক্র-গণ, এবং শোরপলীগণ। ইহাদিগের উৎপত্তি এইরূপ। শৌরপলী ত্রন্ধার মন হইতে, শোভয়ন্তী ও যত্নগণ মন্ন্ হইতে, বেগবতীগণ বেদহইতে, উর্জ্জাগণ অগ্নিহইতে, আহুতাগণ প্র্যুহইতে, ভার্গবীগণ চক্রহইতে, ভুবনক্রতি-গণ ও অহতাগণ বারিহইতে, ভীক্রগণ ভূমিহইতে, সাম্যা-গণ বারুহুইতে, এবং ঋষভাগণ যজ্ঞহইতে উৎপন্ন হইয়াছে। ৰায়ুপুরাণের মতে অপ্সরাদিণের লোকিক ও দৈবিক ভেদে হই শ্রেণী; লোকিক ৩৪ জন,—রন্তা, তিলোভমা, মিশ্রকেশী প্রভৃতি; দৈবিক ১০ জন,—মেনকা, প্রশ্লোচা, দহজন্যা, মৃতাচী প্রভৃতি। এতদ্বতীত উর্কেশী নামে অপর এক অপ্সরার উল্লেখ আছে, ঐ অপ্সরা মারায়ণ ঋষির উদ্লুহৃতে উৎপন্ন। অপর বিষয় তত্তৎ শব্দে দুইব্য।

বিঞ্পুরাণের এক স্থলে লিখিত আছে, একা, দেবগণ অন্থরগণ ও মনুষ্যগণ এবং পিতৃগণ স্থাই করিয়া কণ্পের আদিতে যক্ষ, পিশাচ, গন্ধার্ক ও অপ্যরাগণকে স্থাই করেন। অপর স্থলে সমুদ্র মন্থনে অপ্যরাদিগের উৎপত্তিও বর্ণিত হইয়াছে। রামায়ণে, ভাগবতে, মহাভারতে এবং মৎস্থ পুরাণেও সেইক্লপ বর্ণন। বিষ্ণু-পুরাণের আর এক স্থলে আবার অপ্যরাগণ কশ্মপের কন্যা এবং মুনির গর্ম্ভাত বলিয়া নির্দ্দিই ইইয়াছে।

কাদমরীতে লিখিত আছে, অপ্সরাদিগের চতুর্দ্দশ
কুল, যথা,—এক প্রকার ত্রন্ধার মনহইতে উৎপত্ন হয়,
অপর বেদহইতে, অন্য অগ্নিহইতে, অন্য পরন হইতে,
অপর অহতহইতে, অপর জল হইতে, একরূপ সুর্য্যকিরণ
হইতে, অপর চন্দ্রন্দ্রি হইতে, অপর ভূমি হইতে, অপর
বিদ্যুত হইতে, অপর হত্যু হইতে, ও অন্য কন্দর্প হইতে,
উৎপত্ন হইয়াছে; এবং দক্ষপ্রকাপতির মুনি ও অরিষ্টা
নামে যে কন্যাদ্র জয়ে, গন্ধর্কদিগের প্রয়েস উহাদিগের

গর্ব্তে আরও অপ্সরাদিগের ছুইটা কুল উৎপন্ন হর, সমুদরে চতুর্দ্দশটা কুল।

অভয় । ধর্মের পুজ, দয়ার গর্জাত।—ভাগবত।
অভয়া। ভগবতীর মূর্তিভেদ। এই মূর্তি সিংহবাহিনী, অফভুজা। অসুর বধ করিয়া সুরগণকে অভয়
প্রদান করেন বলিয়া ইহাঁর নাম অভয়া।—মার্কভেয়পুরাণ।
এতদেশে কোন কোন স্থানে বারএয়ারীতে এই অভয়ার
পূজা হইয়া পাকে। অভয়া অয়িকারই নামান্তর, 'অয়িকাণ
শব্দে অপর বিষয় ক্রইবা।

অভিজিৎ। দিবসকে পঞ্চদশথতে বিভাগ করিলে তাহার অউন ভাগ অর্থাৎ অউন মুহূর্ত্তের নাম অভিজিৎ। উহার অপর নাম কুতপ। লিখিত আছে এই মুহূর্ত্তে শ্রাদ্ধাদি করিলে তাহা অক্ষয় হয়।—মংক্যপুরাণ।

অভিজিৎ। পারিভাষিক নক্ষত্র, উহা ছইটা তারকান্
ময়। উত্তরাষাঢ়ার শেষ ১৫ দণ্ড এবং প্রবাগর প্রথম
৪ দণ্ড, এই ১৯ দণ্ডকে অভিজিৎ কহে।—ক্যোভিষতত্ব।
কোন্ঠীপ্রদীপ তথা শিরোমণিসিদ্ধান্তে লিখিত আছে,
অভিজিৎনক্ষত্রে ক্ষমিলে অতি মনোহর রূপ হয়, এবং
সাধুলোকের সমাদৃত ও শাস্তস্থভাব হয়'। বিশেষতঃ
দেবদিকে অহুরাগ, উত্তম কীর্ত্তি ও স্পান্ট বক্তৃতাশক্তি
এ সকলই অভিজিৎনক্ষত্রে ক্ষমের কল; এবং যে,
যে বংশে ক্ষমে, সে, সেই বংশের আধিপত্যও করিতে
পারে।

অভিজিৎ। ষহ্বংশীয় ভবের পুত্র, ঐ ভবের অপর নাম চন্দনোদকছুন্তুভি।—বিষ্ণুপুরাণ।

অভিমন্য। অর্জুনের পুল, হভদ্রার গর্তকাত, হতরাং क्रुटकृत जाशिता । इति वितार ताकात कन्या जेखतातक বিবাহ করেন। অভিমন্থ্য অপ্পবয়দে অত্যন্ত বীর হইয়। উঠিয়াছিলেন। ভারতীয় যুদ্ধে ওাঁহার বিলক্ষণ বীরতা প্রকাশ। এ যুদ্ধের প্রথম দিনে তিনি ভীয়ের সহিত ঘোরতর যুদ্ধ করত উাহার রথের ধ্বজা কাটিয়া দেন ও অসংখ্য কুরুসৈন্য ক্ষয় করেন। তাহাতে ভীন্ন এই বলিয়া তাঁহাকে প্রশংসা করেন যে, যোড়শবর্ষীয় বালকের এতা-मृभ वीत्र ठा कथन इ तिथा यात्र नाई। दिखीत निवत्मत युष्त অভিমন্য इर्षाप्राध्तत शुख लक्ष्मण्टक वध करतन। তাহাতে পুল্রশোকে কাতর হুর্য্যোধন অনেকগুলি রাজার সহিত আসিয়া অভিমস্থাকে আক্রমণ করিয়াছিলেন ; কিন্তু পিতার সাহায্যে অভিমন্থ্য রক্ষিত হন। পরে যুদ্ধের ভ্রয়োদশ দিবসে কোরবেরা লুতাতম্ভ অর্থাৎ মাকড়সার জালের রচনা সদৃশ একটি ছর্ভেদ্য সৈন্যের বৃহ্রচন। করেন। বৃহে মধ্যে হুর্যোধন শত ভাতা এবং পুত্র ও ভাতৃষ্পুত্রগণে পরিরত হইয়া রহিলেন। বৃহহ রক্ষার্থ সমুধে জয়দ্রধ, তৎপশ্চাৎ দ্রোণ থাকিলেন অশ্বধামা ও कर्ग भार्त्यक्रमा कतिएक नाभितनन, क्रुभ, भाना ७ जभरक · প্রভৃতি ব্যুহের পশ্চাস্তাগ রক্ষণে নিযুক্ত হইলেন। ইহা पिथिया भाष्ट्रा विष्ठ। क्रिट्र वाशितन, वर्ष्क्न अक्र्ल

স্মর্শরা ও সুমর্শার ভাতৃগণের সঙ্গে যুদ্ধ করিতে গিয়াছেন, क्लीतरवता राज्यभ इर्ल्स बुर्ड तहना क्तिशार्ड, जामता তদ্রপ করিতে পারি না; এ ব্যহ্ ভেদ করা অর্জুন ও ক্লফ ব্যতীত অন্যের সাধ্য নয়। এক্লণে কি করা যায়, ইহা চিন্তা করিয়া পরিশেষে পাগুবেরা সৈন্যদিগকে শ্রেণীবদ্ধ করিয়া ও ভীমকে সম্মুখে রাখিয়া যুদ্ধার্থে প্রস্তুত হইলেন। ইতিমধ্যে যুধিষ্ঠির অভিমন্থাকে কহিলেন, অভিমন্থা! তুমি অর্জ্জনের পুত্র, পুত্রে পিতার গুণ বর্ত্তে, সিংহশাবকে দিংহের পরাক্রম অবশ্<mark>ঠ</mark>ই আছে, অতএব তুমি কৌর**ব-**দিগকে আক্রমণপূর্বক এই ব্যুহ ভেদ কর। অভিমন্ত্য কহিলেন আপনি আমাকে এই অভেদ্য ব্যুহে প্রবেশ করিতে আজ্ঞা করিতেছেন, এই সঙ্কটকার্য্যে আমি কি-রূপে অগ্রগামী হইতে পারি ? যুধিষ্ঠির কহিলেন, তুমি আমাদিগের জন্য কেবল পথ করিয়া দাও, পথ করিয়া দিলে ভীম, আমি এবং আমাদিগের বীর পুরুষেরা সকলেই তোমার পশ্চাৎ পশ্চাৎ ব্যুহ মধ্যে প্রবেশ করিব, ইত্যাদি কহিয়া ভাঁহাকে বহু উৎসাই প্রদান করিলেন। অভিমন্ত্র্য কহিলেন ভাল, যদিও আমি পতক্ষের অনল প্রবেশের ন্যায় এই অভেদ্য ব্যুহে প্রবেশ করি, কিন্তু আমি তো পুভদার পুলু, শত্রুপক অবশ্রুই কয় করিব ; সমুদয় শক্ত সংহার না করিতে পারি, তবে অর্জ্জুনের পুজ্র বলিয়া আর পরিচয় দিব না। ইহা কহিয়া সার্থিকে বূাহ মধ্যে প্রবেশ করিতে আদেশ করিলেন, এবং অভ্যন্ত বীরতা প্রকাশপুর্বক যুদ্ধে প্রবৃত হইয়া ষেই সমুখে আইসে, তাহাকে সংহার করিতে লাগিলেন, কিন্তু একেত বালক, সহায় আবার কেহই নাই কি করিবেন ? পাওবেরা সত্তর তাঁহার সাহায্য করিতে আসিতেছিলেন, কিন্তু হুরাত্মা জয়দ্রথ ভাঁহাদিগকে প্রতিরোধ করাতে আসিতে পারি-লেন না: এ দিগে দ্রোণ, রূপ, কর্ণ, অশ্বত্থামা, রুতবর্মা ও হার্দিক্য ইহাঁরা অভিমন্থ্যকে বেষ্টন করিলেন, ভাঁহারা সকলে ও অন্যান্য বীরগণ অভিমন্থ্যুর উপরে <mark>যে সকল বাণ</mark> বর্ষণ করিতে লাগিলেন, অভিমন্ত্য দে সকল বাণ নিবারণ করিয়া এক উদ্যামে ৫০ বাবে দ্রোণকে. ২০ বাবে কোশল-পতি রহদ্বলকে,৮০বাণে ক্লতবর্মাকে, ৬০ বাণে ক্লপকে ও ১০বানে অশ্বর্থামাকে বিদ্ধ করিলেন, এবং আর এক বানে কর্ণের কর্ণমূল বিক্সিয়া ফেলিলেন। পরে ক্লপের অশ্ব ও সারথি বধ পূর্ব্বক ১০ বাণে তাঁহার বক্ষঃস্থল বিদ্ধ করিয়া তুর্য্যোধনের ভাতা রক্ষারককে সংহার করিলেন। অনন্তর অভিমন্থ্যুর প্রতি দ্রোণ ১০০ বাণ, অশ্বত্থামা ৬০ বাণ, কর্ণ ৩২ বাণ. ক্লতবর্মা ১৪ বাণ, বৃহদ্বল ৫০ বাণ, ও ক্লপ ১০ वान निरक्त कतिरलन। अভिময় পুনর্কার জাঁহাদিগের প্রত্যেককে ১০ ৷ ১০ বাবে বিদ্ধা করিয়া কোশলাধিপতি রহত্বলকে সংহার করিলেন। পরে বাণ প্রহারে কর্ণের শরীর ক্ষত বিক্ষত করিয়া তাঁহার ৬ জন মহাবল পরা-कां छ योद्धांत अर्थ, मातथि, ও त्रथ्त श्वन ছেদनপূর্বক তাহাদিগকেও বিনাশ করিলেন, অনস্তর মাগধপুত্র খেত- কেন্তু, অখকেন্ডু ও কুঞ্জরকেন্ডুকে রণশায়ী করিয়া ছঃশা-সনের পুত্র উলুককে বধ ও মদ্ররাজাকে পরাস্ত করিলেন। পরে শত্রুঞ্জয়, চক্রকেতু, মহামেয, স্বর্কা ও স্ব্যাভাম এই পাঁচটা বীরকেও বিনাশ করিয়া শকুনিকে বাণ প্রহারে ব্দৰ্জ্জরিত করিতে লাগিলেন, তাহাতে শকুনি ও কর্ণ রাব্স। इर्रिशांधनत्क कहिल, महातांख। अक्तत्व मक्तल अक्ज हरे-য়াই অভিমন্থ্যকে বিনাশ করা কর্ত্তব্য, নতুবা এক এক করিয়া আমাদিগের সকলকেই ও সংহার করিবে সন্দেহ नारे। अनस्त इर्र्याधरनत आरमर्ग এरकवारत मश्च-রথীতে মিলিয়া অভিমন্তুরে প্রতি অন্তক্ষেপ করিতে লাগিলেন। কর্ণ তাঁহার ধসুক ছেদ করিলেন, ভোজ অশ্ব সংহার করিলেন, রুপ সার্থির মস্তক ছেদন করি-লেন, চতুর্দ্দিক হইতে অভিমন্থার উপর অন্তর্যটি হইতে লাগিল, দেই অস্ত্রে ক্ষত বিক্ষত হইয়া জাঁহার গাত্তে রক্তধারা বহিতে লাগিল। সে অবস্থাতেও অভি-মস্থ্য পাদচারে খড়াা, গদা, রথচক্র, ও মুটির প্রহারে ष्यत्नक रेमना मःशतं कतित्वन । शतिर्भार इः भागतनत পুজের সহিত গদাযুদ্ধ আরম্ভ হইল, গদাযুদ্ধ করিতে করিতে অভিমন্ত্রার পদ হঠাৎ বিচলিত হইয়া গেল। তিনি रयमन डेठिटवन, इःभामरनत शूख अमनि डाहात मस्टरक গদার আঘাত করিল সেই আঘাতেই অভিমন্যু প্রাণত্যাগ कतिरलन। অভিমন্ত্राর वश मश्वाम अवरन পাওব हिर्दशन পরিভাপের পরিসীমা রহিল না, যুধিন্তিরাদি সকলেই সংগ্রামহইতে বিমুধ হইয়া রোদন করিতে লাগিলেন। তথন বেদব্যাস আসিয়া তাঁহাদিগকে সাজ্বা করত কহিলেন, গর্গমুনির শাপে চন্দ্র অভিমন্ত্র হইয়া জন্মগ্রহণ করিয়া-ছিলেন, যোল বৎসর পর্যান্ত শাপ ছিল, শাপান্ত হওয়াতে তিনি স্বধামে গমন করিলেন, ইহাতে তোমাদিগের তৎ-প্রতি শোক করা উচিত নহে ইত্যাদি।—মহাভারত।

অভিমন্ত । স্বায়জুব বংশীয় চাক্ষ্দের পুজ। ইনি নবলার গর্ভজাত।—বিষ্ণুরাণ।

অভিসার। জাতি বিশেষ।— মহাভারত। ইহার। কাশ্মীরের দক্ষিণ ও পশ্চিম অঞ্চলবাসী ছিল।

অভ্তরজাঃ। রৈবত মন্বস্তরে দেবতারা চারি শ্রেণী হন অর্থাৎ অমিতাভ, অভ্তরজাঃ, বৈকুঠ এবং স্মেধাঃ।—বিষ্ণুপুরাণ। পরস্ত বন্ধপুরাণে কেবল অভ্ত-রজেরই উল্লেখ আছে। রজোগুণ না থাকাতে ডাঁহা-দিগের ঐ নাম হয়।

অভ্যুত্থিতাশ । সুর্যাবংশীর শশ্বনাভের পুজ। পরস্ক ইহাঁর নাম বায়ুপুরাণে হ্যাসিতাশ, ত্রহ্মপুরাণে অধ্যুসিতাশ এবং ভাগবতে বিধৃতি লিখিত আছে।

অমর্সিংছ। রাজা বিক্রমানিত্যের নবরত্বের তৃতীর রত্ন। ইনি হেমসিংহের শিষ্য। অমরকোষ নামে এতদ্দেশে অতি স্প্রসিদ্ধ যে পদ্য অভিধান গ্রন্থ প্রচলিত সাছে, অমরসিংহ তাহার প্রণেতা। ঐ গ্রন্থে ক্রির যথো-টিত গুণের পরিচর প্রাপ্ত হওরা যার। অমরকোর মেদিনী প্রভৃতি অপর সমুদয় অভিধান অপেকা মনোহর ও সুকোন্দল, স্তরাং সংকৃত ভাষাস্রাগী অনেকেই এই গ্রন্থ মুখস্থ করিয়া রাখেন। অমরকোবের টীকাকারেরা অমরমালা নামে অমরসিংহের আরো এক খানি অভিধান গ্রন্থের উল্লেখ করিয়াছেন। কৈনদিগের তীর্থক্ষরসার গ্রন্থেও লিখিত আছে, অমরসিংহ অমরমালা নামে এক অভিধান প্রস্তুত করেন*। অমরসিংহ অনেক কাব্য রচনা করিয়াছিলেন, শক্ষর দিখিজয়ে লিখিত আছে শক্ষরাচার্য্য সেই সকল কাব্যের পাঠ নিবারণ করেন এবং ঐ পুস্তক যতগুলি সংগ্রহ করিতে পারিলেন তত্ত্বাবৎ জলে নিকেপ করিয়ান্ট করেন।

অমরসিংহ জৈন মতাবলম্বী ছিলেন কি না এ বিষয়ে মতামত আছে, তীর্থক্করসার নামক জৈনগ্রন্থে উক্ত আছে অমরসিংহ জৈনশ্রেণীভুক্ত ছিলেন। পারস্ক অমরকোষের টাকাকার ভার্মজীদীক্ষিত লেখেন, অমরসিংহ যে জৈন-মতাবলম্বী ছিলেন তাহার কোন প্রমাণ নাই। কিন্তু তিনি জৈনমতাবলম্বী না থাকিলে তাঁহার অমরকোষ ও অমরমালা ব্যতীত অন্যান্য গ্রন্থ শঙ্করাচার্য্য কেন নন্ট করিবনে ? বিশেষতঃ অমরসিংহ বুদ্ধগন্নাতে যে একটা মন্দির প্রতিষ্ঠা করেন, তাহার প্রমাণও পাওয়া গিয়াছে।

বিষ্ণুপুরাণে দৃষ্ট হয় বিষ্ণুশরীর হইতে মায়ামোহ অর্থাৎ বুদ্ধ নির্গত হওত যখন নর্মানানীতীরে আসিয়া

^{*} উক্ত পুত্তক অদ্যাণি পাওয়া যাইতে পারে।

দৈত্যগণের সহিত সাক্ষাৎ করেন, সেই সময়ে তিনি ময়ুরপুচ্ছধারী ছিলেন। এই কারণে এখনো জৈনেরা কেছ কেছ ময়ুরপুচ্ছ সঙ্গে রাখিয়া থাকে। পৃথুরাজ্বচরিত কাব্যে লিখিত আছে, অমরসিংহও ময়ুরপুচ্ছ ধারণ করিতেন।

অমরাবতা। ইল্রের রাজধানী।— দহাভারত, রাদায়ণ, বিফুপুরাণ, তথা পদ্মপ্রাণ। ভবিষ্যপুরাণে লিখিত আছে, অমরাবতী অতি মনোহর পুরী। ঐ পুরীতে নন্দন নামে এক উপবন, তাহাতে পারিজাত রক্ষ, সুরভী গাভী, ও চতুর্দ্দন্ত গজ আছে। মেনকা প্রভৃতি অপ্সরা ও গজ্বর্কি বিদ্যাধরগণ ঐ পুরীতে সর্বাদ। নৃত্যগীতাদি করিয়া থাকে, ঐ স্থানে ইন্রাণীসহ ইন্র একত্র উপবিষ্ট। ভগবতীভাগবতে লিখিত আছে, মেরুর পূর্বভাগে অমরাবতী-নগরী স্থাপিত, ভাগবতেও সেইরূপ বর্ণন, প্রত্যুত অমরাবতীতে জরা মরণ নাই বলিয়া তাহার বিশেষ প্রশংসাও উক্ত গ্রন্থে দৃষ্ট হয়।

আমক। ইনি এক জান উত্তম কবি বলিয়া বিখ্যাত, পারস্ত আমরুশাতক নামে একখানি ক্ষুদ্র কাব্য ব্যতীত ইহাঁর রচিত আর কোন গ্রন্থ দেখিতে পাওয়া যায় নাই।

আমর্থ। সুর্যাবংশীর সুসন্ধার পুত্র।—বিক্পুরাণ।
আমা। চল্রমগুলে যোলটা কলা আছে, তন্মধ্যে
আমা নামে একটা মহাকলা। মালার সুত্রের ন্যায় সেই
কলা অপর সকল কলাতে বিদ্ধ। ঐ কলা নিত্য, উহার

ক্ষয় বা রদ্ধি নাই, ঐ কলাকে অপর সমুদয় কলা আশ্রয় করিয়া থাকে।—কন্দপুরাণ।

অমাবসু । চন্দ্রবংশীয় পুরোরবার পুত্র। পুরোরবার ছয়টীপুত্র হয় তল্মধ্যে অমাবস্থ তৃতীয়।— মহাভারত, তথা বিক্ষুপুরাণ ও ব্রহ্মপুরাণ। পরস্ত মহস্ত, পত্ম ও অগ্নিপুরাণে পুরোরবার আটটী সন্তানের উল্লেখ আছে; তাহা-দিগের মধ্যে অমাবস্থর নাম দৃষ্ট হয় ন।। মহস্ত ও অগ্নি-পুরাণে অমাবস্থর স্থলে বস্থ লিখিত হইয়াছে।

অমাবসু । চক্রবংশীয় কুশের চতুর্থ পুল্র।—বিক্ষু-পুরাণ। পরস্ক রামায়ণ ও ভাগবত তথা বায়ু-পুরাণে কুশের চতুর্থ পুল্রের নাম বস্থ লিখিত আছে, ত্রন্ধপুরাণে ও হরিবংশে কুশিক নাম দৃষ্ট হয়।

অমাবদ্যা। কৃষ্ণপক্ষের শেব তিথি। এই তিথিতে অদৃশ্বরূপে চল্রের উদয় হয়। চল্রের ছই কলাত্মক কিরণ স্থামগুলে প্রবিষ্ট হইয়া অমানামী কলার সহিত বাস করে, ইহাতে ঐ তিথির নাম অমাবস্থা।—বিষ্ণুপুরাণ। অমাকলার সহিত স্থা ও চক্র একত্র বাস করাতে ঐ তিথির নাম অমাবস্থা।—ব্হ্বাওপুরাণ। ত্রহ্বপুরাণে কথিত আছে পিতৃগণ যে সময়ে পঞ্চদশ কলাত্মক চক্রের স্থা পান করেন সেই অমাবস্থা। পরস্কু শৃতি শাস্ত্রে উক্ত হইয়াছে ঐ তিথিতে চক্রের পঞ্চদশ কলা ক্ষয় হয়, কেবল অমাকলা মাত্রের উদয় থাকে। অমাবস্থার অপর নাম অমাবাস্থা, দর্শ ও কুহু।—অম্বন্ধান।

অমিতখুজ। চন্দ্রবংশীর ধর্মপ্রকের পুত্র।—বিষ্ণুররণ।
অমিতাভ। সাবর্ণি ময়ন্তরে দেবগণের তিন শ্রেণী।
প্রত্যেক শ্রেণীতে ২১টা করিয়া দেবতা, এই তিন শ্রেণীর
নাম স্তুপ, অমিতাভ, এবং মুখ্য।—বিষ্ণুপ্রাণ। অপর
বিষয় অভূতরজা শব্দে দ্রুষ্ট্য।

অমিত্রজিং। ইফাকুবংশীর স্বর্ণের পুত্র।—বিফু-পুরাণ। মৎস্থপুরাণে ইহাঁর নাম অমস্ত্রবিৎ লিখিত আছে।

অমূর্ত্রয়াঃ । পুরুবংশীয় কুশরাজার তৃতীয় পুতা।—
বিষ্পুরাণ তথা ভাগবত। পারস্ক বায়ুপুরাণে অমূর্ত্তরয়স এবং
ক্রমপুরাণ ও হরিবংশে অমূর্ত্তিমান্ বলিয়া ইহাঁর নির্দেশ
আছে। রামায়ণে ইহাঁর নাম অমূর্ত্তরজাঃ, এবং ইহাঁর
মাতার নাম বৈদ্ভাঁ; ইনি ধর্মারণ্য নগরী স্থাপন করেন।

অমৃত। দেবতার ভোগ্য বস্তুবিশেষ। ইহার অপর
নাম পুধা ও পীযুষ।—অনরকোষ। সারস্কারী গ্রন্থে
অহতের অপর নাম পেযুষও লিখিত আছে। অহত
সমুদ্র-মন্থনে উৎপন্ন। তাহার বিশেষ রক্তান্ত এই, শিবের
অংশ হর্কাসা মহর্ষি একদা ভূমগুলে পরিভ্রমণ করিতে
করিতে এক বিদ্যাধরীর হস্তে সন্তানক রক্ষের পুজ্পের
এক ছড়া মালা দেখিয়া তাহা তাহার নিকটে প্রার্থনা
করেন।বিদ্যাধরী প্রণতিপূর্ক্ক তাঁহাকে সেই মাল্য প্রদান
করিলে তিনি তাহা গ্রহণ পূর্কক স্বীয় মন্তকে ছাপন
করিয়া ভ্রমণ করিয়া বেড়ান্। এমন সময় ঐরাবত হস্তিতে
আরোহণ করিয়া দেবগণ-সমভিব্যাহারে ইক্স আসিতে-

ছিলেন: উন্মত্ত-ত্রতধারী* সেই দুর্ম্মাসা ইন্দ্রের প্রতি সেই মালা ক্ষেপ করিলেন। ইন্দ্র তাহা লইয়া ঐরাবত হস্তির মন্তকে স্থাপন করিলে, মত এরাবত মালার সুগন্ধ পাইয়া শুওদ্বারা তাহ। আকর্ষণ পূর্ব্বক ভূতলে নিক্ষেপ করিল। তদ্দৰ্শনে দুৰ্ব্বাসা অত্যন্ত ক্ৰোধায়িত হইয়া ইন্দ্ৰকে এই শাপ দিলেন যে, যেমন আমার প্রদত্ত মালা তুমি ভূতলে নিকেপ করিলে, তেমনি তোমার ত্রৈলোক্য-রাজ্য শীভ্রম্ট হইবে। ইন্দ্র তৎক্ষণাৎ হস্তী হইতে নামিয়া প্রণিপাত পূর্ব্বক বহু-বিধ বিনতি করিয়া ভাঁহাকে প্রসন্ন করিবার চেন্টা পাই-লেন, কিন্তু কিছুতেই কিছু হইল না; হুৰ্স্বাসা কোন মতেই ক্ষমা করিলেন না, ইন্দ্রকে ভর্ৎসনা করিয়া তথাহইতে প্রস্থান করিলেন; তদবধি ইক্রের ত্রৈলোক্য ত্রস্কাসার শাপে এলফ ইইতে লাগিল। যাহার দারা যজ্ইইবে সেই সকল ওবধি ও লতা একেবারে পরিশুক্ত হইয়া গেল। আর যজ্ঞ হয় না, তপস্থা হয় না, দানাদি সৎকার্য্যে (कइहे मन (प्रामा: लक्की ना थाकारिक मकरलहें সত্ত্বৰ শূন্য হইল। সত্ত্ব নাশে অন্যান্য গুণ অৰ্থাৎ শোষ্য বাষ্য প্রভৃতি দকল গুণই দুরীভূত হইয়া গেল। करल प्रविज्ञा একেবারেই নির্বীর্য্য হইয়া পড়িলেন: স্থতরাং অস্থরেরা দেবতাদিগকে আক্রমণ করিয়ারণে

^{*} উন্নস্তত্ত্ত্ব নামে একটা ত্রত আছে, ভগবতীভাগবতে উহার এইরপ নিরম নির্দিষ্ট হইরাছে, রথা,—অগ্নাবিংশতি সহত্র বংসর পোক-পুন্য ও ভর-পুন্য হইরা জটাধারণ পূর্বক পিশাচের ন্যার অবস্থান করত সর্বদা ইটদেবভাকে ভাবনা করিবে।

পরাজিত করিল। দেবতারা অস্তরগণের নিকটে পরাজিত হইয়া হতাশনকে অগ্রসর করিয়া ব্রহ্মার শরণাপন্ন হই-लन, बन्ना उँशिमिशटक मटन नहेशा कीटतामभाशी विकृत নিকটে গিয়া নানা প্রকার স্তব করিতে লাগিলেন। স্তবে তুষ্ট হইয়া বিষ্ণু কহিলেন আমি তোমাদিগের তেজ রুদ্ধি করিয়া দিতেছি, তোমরা অনুরদিগের সহিত মিলিয়া ক্ষীর সমুদ্রে সর্বপ্রকার ওষধি নিক্ষেপ কর, পরে মন্দর পর্বতেকে মন্থন-দণ্ড ও বাস্থাকিকে র**জ্জু** করিয়া সমুদ্র-মন্থন কর, অসুরদিগের সাহায্য লইবার নিমিত্ত তাহাদিগকে কহিবে যে, তোমরাও অহতের সমান ভাগ পাইবে এবং তাহা পান করিয়া তোমরাও অমর হইতে পারিবে। পরস্তু অস্তুরেরা কেবল পরিশ্রমেরই ভাগী হইবে, তাহারা যাহাতে অমৃতপান করিতে না পায় তাহার উপায় আমি করিব। বিষ্ণুর এই পরামশা**নুসা**রে দেবগণ দৈত্য দানব দিগের সহিত সন্ধিন্থাপন করিয়া নানাবিধ ওষধি আনয়ন शृद्धक कीत ममूट निरक्तश कतिराम । शरत मनतरक मध ও বাস্ত্রকিকে রজ্জু করিয়া সমুদ্র-মন্ত্রনে প্রবৃত্ত হইলেন। প্রথমে দেবতার। সপের মুখের দিক্ ধরিতে যান, তাহাতে অসুরেরা কহিল, আমরা মুখের দিক্ধরিব, অমঙ্গল সপের পুচ্ছদেশ আমরা কদাচ ধরিতে পারিব না। বিষ্ণু তাহা শুনিয়া সহাত্যবদনে দেবতাদিগকে পুচ্ছ ধরিতে বলিলেন, দেবতারা পুচ্ছ ও অস্তরেরা মুখের দিক ধরিল, মন্থন আরম্ভ হইল। বাস্কির নিখাস সহ

বহিং নির্গত হইয়া অত্মরদিগকে নিস্তেজ করিতে লাগিল, পরস্ক ঐ নিখাস বায়ুতে নিক্ষিপ্ত হইয়া মেঘগণ পুচ্ছদেশে গিয়া বর্ষণ করায় দেবতারা আপ্যায়িত হইতে লাগিলেন। বিষ্ণু অয়ং কুর্মমূর্ত্তিতে পৃষ্ঠদেশে ঐ মন্দর পর্বত ধারণ করিয়া রহিলেন, অপর এক মূর্ত্তিতে দেবতাদিগের মধ্যে থাকিয়া এবং বিভিন্ন মূর্ত্তিতে অত্মরদিগের মধ্যে থাকিয়া বাত্মকিকে টানিতে লাগিলেন। বিষ্ণু আবার অন্য একটী রহৎ মূর্ত্তিতে পর্বত চাপিয়া রাখিলেন। এইরপে সমুজ্ঞনহন হইতে লাগিল, ক্রমে নানা বস্তু উৎপন্ন হইল।

উৎপন্ন দ্রব্যের সংখ্যা এবং উৎপত্তির পৌর্ব্যাপর্য্য সকল পুরাণে সমান নহে। মহাভারতের মতে অগ্রে চল্র উঠেন, পরে লক্ষ্মী, ক্রমে সুরা, কৌস্তুভমণি, উচ্চঃশ্রবা অখ, পারিজাত রক্ষ, সুরভী গাভী, ধরস্তরি, অহত, ও কালকুট বিষ উৎপন্ন হয়। ভাগবতে, অগ্রে কালকুট, পরে সুরভীগাভী, তৎপরে উচ্চঃশ্রবা, তৎপরে ঐরাবতহস্তী, তৎপরে কৌস্তুভমণি, পরে পারিজাত রক্ষ, তৎপরে অপ্রা-গণ, অনস্তর লক্ষ্মী, পরে বৈজয়ন্তী, অবশেষে অমৃত।

বিক্ষুপুরাণের মতে অত্যে স্বরভী গাভী, পরে বারুণী অর্ধাৎ স্বরা, তৎপরে পারিকাত, পরে অপ্সরাগণ, তাহার পর চন্দ্র, পরে কালকুট বিষ, তৎপরে ধ্রন্তরি (হস্তে অহতপূর্ণ কমগুলু) সর্কাশেষে লক্ষ্মী।

মৎস্তপুরাণে লিখিত আছে,অগ্রেকালকূট,পরে ক্রমে স্বরা, উলৈঃপ্রবা, কোন্তভ, চক্র, ধয়ন্তরি (হন্তে অহত) লক্ষী, অ'প্ররাগণ, স্থরভী, পারিজাত, ঐরাবত, বারুণ-ছত্ত, এবং কর্ণাভরণ, বাহা ইন্দ্র গ্রহণ করিয়া অদিতিকে দেন।

পদ্মপুরাণের মতে অগ্রে কালকুট পরে জ্যেষ্ঠা সর্থাৎ অলক্ষী, তৎপরে ক্রমে বারুণী, নিদ্রা, অপ্সরাগণ, ঐরাবত হস্তী, লক্ষ্মী, চন্দ্র, এবং তুলসীরক্ষ উৎপন্ন হয়।

লক্ষ্মী সমুদ্র হইতে উৎপন্ন হইয়া বিঞুর বক্ষঃভলে গিয়া অৰস্থিত হইলে দেবগণ পরিতৃষ্ট হইলেন, পরস্ত বিপ্রচিত্তি প্রভৃতি দৈত্যগণ লক্ষ্মীকে বিমুখী দেখিয়া কুর হইয়া বলপূর্বক ধন্বস্তরির হস্ত হইতে অহত হরণ করিতে চেন্টা করিল। অনন্তর বিষ্ণু নিজে মোহিনী মূর্ত্তি ধারণ পূর্বক দৈত্য দানব দিগকে মুগ্ধ করিয়া অহত গ্রহণ পূর্ব্বক ইন্দ্রাদি দেবগণকে সমর্পণ করিলেন, ভাঁহারা তৎক্ষণাৎ তাহা পান করিয়া ফেলিলেন। বঞ্চিত অসুর-গণ অস্ত্র ধারণপূর্বক দেবতাদিগকে আক্রমণ করিল, কিন্তু অমৃত পানে দেবতারা বলিষ্ঠ হওয়াতে অসুরেরা তাঁহাদিগকে পরাজিত করিতে পারিল না। অসুরেরা তাড়িত হইয়া পাতালতলে প্রবেশ ও দিগ্দিগন্তে পলা-य्रन कतिल। उपविध रेजिलाका श्रूनः औथाश्व इहेन, ইক্রাদি দেবতারা স্ব স্ব পদ পুনঃ লাভ করিয়া স্থে অব-স্থান করিতে লাগিলেন।

মহাভারতে এবং অন্য কোন কোন পুরাণে ইহাও লিখিত আছে যে, অহত বন্টনকালে রাহ্নামে এক অসুর দেবতার মূর্ত্তি ধারণ পূর্বকে দেবতাদিগের মধ্যে উপবেশন করাতে অহতের অংশ প্রাপ্ত হয়। সে তাহা পাইয়াই তৎক্ষণাৎ ভক্ষণ করে, অহত তাহার গলাধঃকরণ না হইতে হইতে, চক্র ও সুর্য্য বলিয়া দেওয়ায় বিষ্ণু তৎক্ষণাৎ সুদর্শন চক্রে তাহার মস্তক ছেদন করিয়া ফেলেন, কিন্তু অহত ভক্ষণে অমর হওয়াতে তাহার হত্যু হইল না, মুখমওল রাভ্গ্রহ হইয়া আকাশে অমণ করিতে লাগিল। তদবধি চক্র সুর্য্যরে প্রতি তাহার দ্বেভাব জন্মিল, এই জন্য সে চক্র সুর্য্যকে সময়ে সময়ে গ্রাস করিতে উদ্যোগ করে।

রামায়ণে সমুদ্র-মন্থনের বিষয়ে এইরপ লেখা আছে।
পুরাকালে দেব ও দৈত্যগণ অজর ও অমর হইবার নিমিত্ত
ক্ষীরোদ সমুদ্র মন্থন করিয়া অন্তত ভক্ষণ করিতে মন্ত্রণা
করিলেন, এবং মন্দর পর্বতিকে মন্থান-দণ্ড ও বালুকিকে
রজ্জু করিয়া সহস্র বৎসর মন্থন করিলেন; পর্বতে শরীর
ঘর্ষণ হওয়াতে ক্লেশে বালুকির মুখ হইতে কালকুট
নির্গত হইল। তাহাতে জগদ্দাহ হয় দেখিয়া দেবতাদিগের
অনুরোধে মহাদেব তাহা ভক্ষণ করিলেন। বিষ্ণুও কচ্ছপ
মূর্ত্তি ধরিয়া পৃষ্ঠে সেই মন্দর পর্বত ধারণ করিয়া রহিলেন। পুনর্বার সহস্র বৎসর মন্থন করায় সমুদ্র হইতে
দণ্ড-কমণ্ডলু-ধারী আয়ুর্ব্বেদময় ধন্মনরি উঠিলেন, পরে
যক্তি সহস্র অপরা উঠিল। তাহাদিগকে কেহই গ্রহণ
না করায় তাহারা সাধারণী হইয়া রহিল। অনন্তর বরুণের কন্যা বারুকী উঠিল, পুরা ভাহার অপর নাম।

দেবতারা তাহাকে গ্রহণ করাতে সুর নাম পাইলেন।
দৈত্যেরা গ্রহণ করিল না বলিয়া তাহাদিগের অসুর
নাম হইল। দেবতারা বারুণী প্রভাবে হৃষ্ট পুষ্ট ও
বলিষ্ঠ হইলেন। বারুণীর উৎপত্তির পর উটকঃশুবা,
কোস্তুভমণি ও সর্ব্ধ শেষে অহত উঠিল। বায়পুরাণে
১২ প্রকার দ্রব্যের উৎপত্তির কথা লিখিত আছে।—
মহাভারত, ভাগবত, রামায়ণ, পল্পুরাণ, মংস্পুরাণ, বিষ্ণুপুরাণ,
বায়পুরাণ, তথা অগ্নিপুরাণ।

আমৃতকপে । মেরুপর্বতের দক্ষিণদিগে জমুনামে
অতি মনোহর এক রক্ষ আছে, তাহার ফলের নাম
অতকপে। ঐ ফল কপেরক্ষের ফলের ন্যায়।—ব্রক্ষাণ্ডপুরাণ। ভবিষ্যপুরাণে লিখিত আছে, উক্ত জমুরক্ষের
ছায়া লক্ষ্যোজন ব্যাপিয়া পড়ে, তাহার ফল হস্তিত্ল্য
রহৎ এবং কৃষ্ণবর্ণ,ঐ ফলের রস পৃথিবীতে পতিত হইলে
সুর্য্যের উত্তাপে স্বর্ণ হয়। অপর বিষয় জমুশক্ষে দ্রুষ্টব্য।

অমৃতা। নদী বিশেষ। এই নদী প্লক্ষদ্বীপে আছে।
তথায় সাতটা প্ৰধানা নদী, অহতানদী তন্মধ্যে ষষ্ঠা। বাহারা
প্র সকল নদীর জল পান করে তাহারা সর্বাদা পরিতৃপ্ত
ও সম্ভক্ত থাকে; তাহাদের হ্রাসাবস্থা ও রদ্ধি অবস্থা
ঘটেনা।—বিষ্ণুপুরাণ, তথা ভগবতীভাগবত।

অমৃতাবি: কীরসমুদ্রের অপর নাম।—বিষ্পুরাণ।
অমৃতা: নদী বিশেষ। এই নদী প্লক্ষরীপে আছে।—
ভগবতীতাগবত। ভগবতীতাগবতে প্লক্ষ্মীপছ সপ্ত নদীর

নাম শিবা, ভদ্রা, শাস্তা, কেমা, অমৃতা, অমৃতা এবং অভয়া। পরস্ত বিঞুপুরাণ মতে এই সপ্ত নদীর নাম অসু-তপ্তা, শিথী, বিপাশা, ত্রিদিবা, ক্রমু, অহতা ও সুকৃতা।

অমোঘা। শান্তরুঋষির পত্নী। ইনি একাপুত্র নদের कालिकाश्वतारा निथिउ चारह, बन्ना वकना হংসারত হইয়া ভ্রমণ করত শান্তসুঋষির আশ্রমে উপ-স্থিত হন, ঋষি তৎকালে বনে গিয়াছিলেন; অমোঘা একা-কিনী আশ্রমে ছিলেন। ত্রন্ধা তাঁহার রূপলাবন্য নিরীক্ষণে মুগ্ধ হইয়া অভিলায প্রকাশ করেন। তাহাতে অমোঘা ক্রোধায়িতা হইয়া ত্রন্ধাকে শাপ দিতে উদ্যতা হন। ত্রন্ধা ভয়ে কম্পান্বিত হইয়া যেমন পলাইবেন, অমনি তাঁহার করহাটক তুল্য তেজ আশ্রম দ্বারে ভূতলে পতিত হইল। পরে শান্তরু আশ্রমে আসিলে অমোঘা তাঁহাকে তাবৎ রতান্ত কহিলেন। তাহাতে শান্তরু উত্তর করিলেন এক্ষার অভিলাষে তোমার অনভিমতি প্রকাশ ভাল হয় নাই, ইত্যাদি। অনন্তর দেই তেজ সম্পর্কে অমোঘার গর্জ হয় এবং প্রদাবকাল উপস্থিত হইলে জলরাশি সহ একটা পুত্র ভূমিষ্ঠ হয়, ঐ পুত্র ত্রনার সদৃশ। শাস্তম তদর্শনে একটা কুণ্ড করিয়া তমধ্যে পুত্রসহ ঐ জল রাখেন; পরে के कूर अंत जन श्रद्ध इरेश करम शांचान शर्या अरवन করে। ঐ কুণ্ডের নাম এক্ষকুত এবং ঐ কুত হইতে যে নদ নিৰ্গত হয় তাহার নাম অক্ষপুত্ৰ।

জন্ম নদের উংপতির স্বিশেষ বিবরণ কালিকাপুরাণে আছে, কিন্তু
ভাষা প্রবাশযোগ্য নহে।

व्यवतीय। व्यावश्मीय बाका वित्मय। देनि नाजा-পের পুত্র।—মহাভারত তথা মংস্থাও বিষ্ণুপুরাণ। ভাগবতে অম্বরীষ রাজার বিষয় এইরূপ লিখিত আছে,—অম্বরীম সপ্তদীপ সসাগরা পৃথিবীর রাজা ও পর্ম টেক্ফব ছিলেন। ইনি मर्राम पान धान अप यञ्जापित अनुष्ठीन করিতেন, প্রচুর দক্ষিণা প্রদান পূর্ব্বক অনেক অশ্বনেধ যজ্ঞ করিয়াছিলেন, নিজ পত্নীর দহিত নিয়ত ভক্তি ও তপস্থা দ্বারা ইফদেবতার উপাসনা করিতেন। কি ঐশ্বর্যা, কি স্ত্রীপুজাদি পরিবার, কিছুতেই তাঁহার মন আক্লুট হইত না। এমন কি, তাঁহার নিজ শরীরের প্রতিও আন্থা ছিল না। বিষ্ণু তাঁহাকে অত্যন্ত ভক্ত জানিয়া নিজ সুদর্শন চক্রকে তাঁহার শরীর রক্ষার্থে নিযুক্ত করেন। কিছুদিনের পর অম্বরীয় সম্বৎসর পর্য্যন্ত षामभी खठ कतिरलन; शरत कार्खिक मारमत षामभी তাঁহার ব্রত সমাপনের দিন আদিয়া উপস্থিত হইল। তিনি ত্রিরাত্র উপবাস করিয়া সেই দিনের প্রাতে স্নান পূজাদির পর ৩৬টা গাভী আন্দাণগণকে দিলেন, এবং নানাবিধ মিষ্টদ্ৰব্যে ভক্তিভাবে অনেকগুলি ভ্ৰাহ্মণ ভোজন করাইলেন, সর্বশেষে ভাঁহাদিগের অনুমতিতে আপনি পারণ করিতে উদ্যোগ করিতেছেন এমন সময়ে মহর্ষি ত্রবাসা আসিয়া অতিথি হইলেন, রাজা তৎক্ণাৎ পার্ণ পরিত্যাগ পূর্বক তাঁহাকে পাদ্য অর্থ আসন দানাদি করিয়া আতিথ্য করিলেন, এবং তাঁহাকে ভোজন করিতে

অনুরোধ জানাইলেন। হুর্ন্ধাসা তাহা স্বীকার পূর্ব্বক যমুনাতে স্নান করিতে গমন করিলেন, কিন্তু আসিতে বিলম্ব হইতে লাগিল। রাজা চিন্তা করিলেন হুর্কাসাকে নিমন্ত্রণ করা হইয়াছে, ভোজন না করাইয়া কি রূপে স্বয়ং পারণা করি, কিন্তু আবার দ্বাদশী অপ্পক্ষণ মাত্র আছে, দ্বাদশী পরিত্যাগ করাই বা কিরুপে হইতে পারে। রাজা অম্বরীয বহু বিবেচনার পর ত্রাহ্মণদিগের ব্যবস্থা লইয়া কিঞ্চিৎ জল মাত্র পান করিলেন, যেমন জলপান করিলেন এমন সময়েই হুর্বাসা আদিয়া উপস্থিত। রাজা অগ্রে ভোজন করিয়াছেন তিনি যোগ দ্বারা ইহা জানিয়া অত্যন্ত কোধান্বিত হইলেন, ক্রোধে একেবারে তিনি জ্বলিয়া উঠিয়া কহিলেন, অরে হুর্ত্ত! আমি ত্রাহ্মণ, অতিথি, আমাকে নিমন্ত্রণ করিয়া ভোজন না করাইয়া স্বয়ং ভোজন করিয়াছিদ্, হুরাত্মা। এই তোকে প্রতিফল দি বলিয়া ক্রোধে আপনার মস্তকের একটা জটা ছিঁডিয়া ফেলি-लान। তৎক্ষণাৎ তাহা হইতে একটা উগ্রদেবতা জিমিল, সে অতি ভয়ানক, কালানল তুল্য। ঐ দেবতা খড়া হস্তে রাজার প্রতি ধাবমান হইলেও রাজা শরীর বিনশ্বর ভাবিয়া ভীত হইলেন না, সেই স্থানেই ক্লতাঞ্জলিপুটে দগুায়মান রহিলেন। এমন সময়ে স্কর্মন চক্র আবির্ভূত হইয়া সেই উগ্র দেবতাকে ভক্ষসাৎ করত হুর্কাসার প্রতি ধাবমান হইল, দেখিয়া তুর্বাদা পলায়ন করিলেন, চক্রও তাঁহাকে সংহার করিতে চলিল। ছর্বাদা ক্রমে স্থমের-

কুঞ্জের চতুর্দ্দিক, আকাশ, সপ্ত পাতাল, সপ্তদীপ ও সপ্ত-লোক ভ্ৰমণ করেন, চক্রও পশ্চাৎ পশ্চাৎ ধাবিত হইল। পরে হর্তাগা হর্কাদা স্বর্গে গিয়া দেবতাদিপের শরণাগত হইলেন, কিন্তু কেহই তাঁহাকে রক্ষা করিতে সাহসী হইলেন ন। ত্রন্ধা কহিলেন, আমার সাধ্য নহে, আমার এই ত্রন্ধ-লোক প্রভৃতি সমুদয় ত্রন্ধাও ঘাঁহার কটাক্ষে জ্বেও সংহার পায়, আমরা যাঁহার আজ্ঞাত্রতী, তুমি তাঁহার ভক্তের অনিষ্ট চেষ্টা করিয়াছ, তোমার নিস্তার নাই। মহাদেবও তাহাই বলিয়া তাঁহাকে বিষ্ণুর শরণাগত হইতে कहित्तन। পরে इर्स्वामा आश्रनात প্রাণরক্ষার্থ বিষ্ণুর নিকটে গিয়া নানাবিধ স্তব করিলে তিনি কহিলেন, আমি ভক্তের অধীন; আমার কোনই ক্ষমতা নাই, অতএব তুমি সেই নাভাগপুত্র অম্বরীষেরই শরণাগত হও, নতুবা কেইই তোমাকে রক্ষা করিতে পারিবে না। হর্কাসা অনুপায়ে তাহাই স্বীকার করিয়া অম্বরীষ রাজার নিকটে আসিলেন, আসিয়া ভাঁহার চরণ গ্রহণপূর্বক রোদন করিতে লাগি-ल्न : अनम्बत ताका अमृतीय नानाविध खर क्रिया सूमर्भन চক্রতে কান্ত করিলেন। সুদর্শন অন্তর্হিত হইলে অন্তরীয क्रुक्तामाटक अञ्चनश विनश कतिशा मरन्त्रांव आनानशृक्तक ভোজন করাইয়া স্বয়ং যথাবিধি পারণা করিলেন। এইরূপ নানা কার্য্যদারা রাজা অম্বরীয় বিলক্ষণ যশ উপার্জন করিয়া গিয়াছেন।

व्यवदीय ! अधिविष्णेय । हिनि श्रुल र नांगक जन्मर्थित

পুত্র।—বায়ুপুরাণ ও লিকপুরাণ। এই পুরাণদ্বরে পুলহের
কর্দ্দম,অম্বরীষ, সহিষ্ণু এবং বনকপিবান, এই চারিপুত্র ও
পীবরী নামী একটা কন্যার উল্লেখ আছে। ভাগবতে,
কর্মপ্রেষ্ঠ, বরীয়ান্ ও সহিষ্ণু, এই তিনটা মাত্রের নাম দৃষ্ট
হয়। বিষ্ণুপুরাণের মতে আবার, পুলহ ঋষির ঔরসে
ক্ষমার গর্বে তিনটা পুত্র জন্মে, ইহাদিগের নাম কর্দ্দম
(পাঠান্তরে কর্মশ) অবরীবান্ ও সহিষ্ণু।

অম্বরীষ। মান্ধাতার পুত্র; ইনি বিল্ফুমতীর গর্ডে জাত।—ভাগবত ও বিষ্ণুপুরাণ। পরস্ক ত্রন্ধ ও অগ্নিপুরাণে অম্বরীষের নাম দৃষ্ট হয় না। মৎস্থাপুরাণে অম্বরীষের পরিবর্ত্তে ধর্মদেন লিখিত আছে।

অম্বরীষ। প্রস্থেতের পুত্র।—রামারণ।

অষ্ঠ । দেশবিশেষ ও জাতিবিশেষ।— নহাভারত,তথা
বিষ্ণুপরাণ। অষ্ঠদেশ পঞ্জাবের অন্তঃপাতি; এই দেশবাসিরা ক্ষত্রির ছিল। বোধ হয় প্রীক্ গ্রন্থকর্ত্তাদিগের
পুস্তকে আঘাঠাই নামে যে জাতির উল্লেখ আছে, তাহা
এই জাতি হইবে। ভবিষ্যপুরাণে লিখিত আছে, কৃতমালা,
তাত্রপর্নী ত্রিসামা, কুল্যা, ও অমুবাহিনী, এই সকল
নদীর তটে মদ্র, রাম, অষ্ঠ ও পার্সিক প্রভৃতি জাতি
বাস করিত। বরাহসংহিতাতে লিখিত আছে অষ্ঠজাতি
ভারতবর্ষের মধ্যম দেশবাসী ছিল,পরস্ক মহাভারতের মতে
উহারা উত্তর দেশবাসী,এবং নকুল দিখিজ্যকালে অপরাপর জাতি মধ্যে এই অষ্ঠদিগকেও পরাক্ষয় করেন।

অম্বন্ধ। মন্তে নিখিত আছে, ভালণের ঔরসে বৈশ্যার গর্ডে জাত সম্বরজাতি অম্বন্ধ।

কাশীরাজের জ্যেষ্ঠাকন্যা। কাশীরাজ আপনার অম্বা অধিকা ও অমালিকা নামে তিন কন্যার विवाहार्थ এक्षी श्रामुत मुखा करतन । मुखारक नानामिश पिनीय ताका ७ वीतभूक्य मकल आश्रमन कतित्वन। কন্যারা সভামধ্যে আসিয়াছে এমন সময় ভীয়া তথায় গিয়া উপস্থিত হইলেন। ভীয়াস্বয়ং বিবাহ করিবেন না প্রতিজ্ঞা ছিল,তিনি তাঁহার বৈমাত্রেয় ভ্রাতা বিচিত্রবীর্য্যের বিবাহ দিবেন মানসে সেই তিন্টী কন্যা হরণ করিয়া त्रतथ উर्ভोत्नन कतिरलन वर किर्लन, आमि वहे कन्या इत्र कतिया लहेश याहे, यिन क्ट ममर्थ हु युद्ध कतिया প্রত্যাহরণ কর। এই কথা বলিলে সকল রাজার। তাঁহার রথ বেষ্টন করিয়া অন্তবর্ষণ করিতে লাগিল। ভীয়া অত্যন্ত বীর, তিনি বাহুবলে সকলকেই পরাস্ত করিয়া স্বদেশাভি-মুখে চলিলেন। শাৰ্মাজাও প্ৰিমধ্যে উপস্থিত হইয়া ভীয়ের সহিত ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন, কিন্তু ভীয় তাঁহাকেও পরাভব করিয়া কন্যাদিগকে হস্তিনাপুর-রাজ-ধানীতে লইয়া গেলেন। পরে বিচিত্রবীর্য্যের বিবাহের উদ্যোগ इहेटल अया मजायस्य कहिरलन, आमि शृद्ध শালরাজাকে মনে মনে বরণ করিয়াছি, আমার পিতারও অনুমতি ছিল যে শালুরাজাকে আমি বরণ করিব, আপ-नाता धर्माळ, अक्राटन यांहा कर्खना आंत्राटक अनुमिक जिन, এই কথা শুনিয়া ভীয়া সভাস্থ সমস্ত লোকের মন্ত্রণানুসারে ও মাতা সত্যবতীর আজ্ঞায় অম্বাকে শাল্বরাজার নিকটে যাইতে অনুমতি দিলেন। অয়া শাল্রাজার সমীপে গমন করিলে তিনি আর তাঁহাকে গ্রহণ করিলেন না। অস্বা অতি কাতরস্বরে কহিলেন, যদি আপনি আমাকে বিবাহনা করেন, তথাপি আমাকে আশ্রয় দিন্, শাল্ किছুতেই मचल ना हहेशा लाहारक विलितन, जीया यथन ভোমাকে হরণ করিয়াছে, তথন তাহারই নিকটে যাও, আমি তোমাকে চাই না। অস্বা সকরুণ বচনে রোদন পুর্ব্বক কছিলেন, ভীয়া আমাকে বলপূর্ব্বক হরণ করিয়া-ছিল বটে কিন্তু নিজের নিমিত্ত করে নাই, তাহার লাতার সহিত আমার বিবাহ দিবার মানদেই আমাকে হরণ করিয়াছিল। বিবাহ দিতে উদ্যত হইলে আমি তাহাতে সমতা না হইয়া কহিলাম, আমি শালরাজাকে মনে মনে বরণ করিয়াছি। আমি এই কথা বলিবা মাত্র ভীয়া আমাকে পরিত্যাণ করিয়া আপনকার নিকটে আসিতে অসুমতি করিয়াছেন। অতএব হে ধর্মজ। আপনি এই অধীনা দাসীকে পরিত্যাগ করিবেন না। অহা ইত্যাদি নানা প্রকার অমুনয় করিলেও শালুরাজা তাঁহার চারিত্রদোষ আশঙ্কা করিয়া, দর্প বেমন শরীরের ত্বক্ একবার পরিত্যাগ করিয়া আর গ্রহণ করে না, দেইরূপ কোন প্রকারেই তাঁহাকে গ্রহণ করিলেন না, অসুচর ছারা তাড়াইয়া দিলেন। শাল धार्व कति राजन ना, उथन अवा नितामा रहेशा ए जूर्किक् मृत्र

पिबिटनन, बदर कूनती-शंकित नात्र कक्रभवत्त तामन করত তথা হইতে প্রতিগ্যন করিলেন। পথে গিয়া চিস্কা क्तिएक नाशितनम् । कि १ । वे व्यवित्वक्क निर्मा भाष আমার মনোগত ভাব বুঝিল না, আমাকে পরিজ্ঞাপ করিল। হায়! কি হুর্ভাগ্য, একণে আমি কি করি, কোথা बार, मिह इक्टिक्का जीबार जामात क मनखार नत कातन, তাহার নিকটে আর যাইব না। পিতাও অবিবেচক, স্বয়-স্বরের আড়মর করিয়া আমার এই হঃসহহঃখের কারণ হইয়াছেন, তাঁহার বাটীতেও আর যাইব না। কাহাকেও মুখ (मथाहेव ना. जिलावत शिवाहे (मह जाश कतिव। **अश** ইত্যাদি চিন্তা করত মুনিদিগের আশ্রামে গমন করিলেন। সে স্থানে গিয়া তপবিগণে পরিবেটিত শৈখাৰতা নামে একটা রদ্ধ তপস্বীকে দেখিতে পাইলেন। পরে তাঁহাকে আত্ম পরিচয় প্রদান পূর্ব্বক নিজ হুঃখ সমস্ত বর্ণন করিয়া তপস্তা করিবার অভিপ্রায় প্রকাশ করিলে তিনি অতার ছঃখিত হইলেন। অন্যান্য তপস্বীরাও সকরুণ হইয়া কেছ তাঁহাকে পিতার নিকট ঘাইতে কহিলেন, কেছু শাৰ निकटि शुनर्कात गरिए, क्ट्रा जीव मुमील अमून করিতে অনুরোধ করিলেন; এবং ডাঁহারা সকলেই কহি-লেন, রাজকন্যে। তপস্থা কঠিন কর্ম, তুমি শতি সুকুমারী, क्थनरे धकार्या गमर्थ। रहेरव ना, अफधन निवृक्त हुछ। किन्दु चन्न। त्म मक्न क्या कानमहुष्ट् चीकात क्रिलान मा ত্রপান। করিতেই ছির করিলেন। এই সময়ে রাজর্ষি

হোত্রবাহন তথায় আগমনপূর্বক পরিচয় পাইয়া অস্বাকে क्लाए कतिया लहेलान अवर कहिलान, वर्टम । आमि তোমার মাতামহ, কেন তুমি রোদন করিতেছ ? স্বামার নিকটে সবিশেষ বল, আমি তোমার ছঃখ দুর করিব। পরে অস্বা, আদ্যোপাস্ত সকলি বলিলে উক্ত রাজর্ষি অত্যন্ত হুঃখিতান্তঃকরণে অশ্বাকে নানারূপে সাস্ত্রনা করত কহিলেন, বাছা! তপস্থা করা এখন কর্ত্তব্য নহে, তুমি আমার কথা শুন, পরশুরামের নিকটে এখনি গমন করিয়া উাহারই শরণাগত হও, তিনি তোমার এই মনো-ছঃখ দুর করিবেন। পরশুরাম কোন স্থানে আছেন, ইহা बिজ্ঞাসা করায় কহিলেন, তিনি মহেন্দ্র পর্বতে থাকেন। षया ७९ कर्न मार्ट्सिंग्ल भगत्ने माउन इहेलन, এমত সময়ে পরশুরামের প্রিয় অমুচর অক্কতত্ত্রণ হঠাৎ সে ছানে আসিয়া উপস্থিত হন, এবং পর দিন প্রাতে পরশুরাম তথায় আসিবেন এই কথা কহেন। স্বতরাং অব। সেই রাত্রি সেই আশ্রমেই যাপন করিলেন। রাত্রি প্রভাত হইলে পরশুরাম আশ্রমে আসিলেন। সকল তপন্বীরা তাঁহাকে প্রণৃতি পূর্ব্বক আঁতিখ্য প্রদান করিলে তিনি সুধাসনে উপবিউ হইলেন। কিঞ্ছিৎপরে রাজর্ষি হোত্রবাহন অবার পরিচয় দিলে অস্বা তাঁহার নিকটে রোদন করিতে লাগিলেন। পরশুরাম তাঁহার রোদনের कांत्र किस्छामा कतित्व ह्यांबराहन कहित्वन, हैनि योगांत सीहिजी काणीतारमत (अर्छ। कर्ना, भानतामारक दत-

Till Barry

মাল্য দিতে ইহাঁর মানস ছিল, কিন্তু ইহাঁর পিতা श्वत्रश्वदत्रत छेरमाभ करतन। मछ। इहेरन इर्वेड छीत्र हेहैंरिक ও ইহাঁর হুই ভগিনীকে হরণ করিয়া লইয়া বায়, কিন্তু সে ইহাঁকে বিবাহ করিল না: কনিষ্ঠ ভ্রাতার সহিত ইহাঁর ছুইটা ভগিনীর বিবাহ দিয়া ইহাঁকে পরিত্যাগ করি-शरत हैनि भोखताकात निकटि शादन भोखें অন্যে হরণ করিয়াছে বলিয়া ইহাঁকে আর গ্রহণ করিতে ইচ্ছা করিল না, দেশ হইতে দুরীক্ষত করিয়া দিয়াছে। একণে ইনি অপমানে ও অভিমানে অতীব কাতরা হই-য়াছেন, আপনার শরণাগতা হইলেন, আপনি ইহাঁর মনোহঃখ দুর করুন। রাজ্যি এই কথা কহিলে অম্ব। পরশুরামের চরণ ধারণ পূর্ব্বক অত্যন্ত রোদন করিতে শাগিলেন। তাঁহার অপমান ও রোদন দেখিয়া পরশুরাম ক্রোধ ও মোহের বশীভূত হইলেন এবং কহিলেন, চলো, আমার দকে চলো, আমি হস্তিনাতে গিয়া ভীয় ভোমাকে যাহাতে গ্রহণ করে তাহাই করিব, নতুবা আমি ক্তিয়ান্তক: এখনি ভীয়কে সংহার করিয়া তোমার মনোত্র্থ দূর করিব। অম্বা এই কথা শুনিয়া পরম সম্ভোবে ওাঁহার সহিত তীয়া সমীপে চলিলেন। পরশুরাম ভীয়ের গুরু ছিলেন, তিনি হস্তিনাপুরে গিয়া উপস্থিত হইলে ভীয়া অতি সমাদরে পরশুরামের 'চরণ-বন্দনাদি করিলেন, পরে পরশুরাম ভীয়ের প্রতি অহাকে গ্রহণ করিছে আদেশ করিলে ভীর স্বীকার

করিলেন না; ভাহাতে পরশুরাম ক্রুদ্ধ হইয়া ভীয়কে বিনাশ করিতে উদাত হইলেন। ভীয়া গুরুর সহিত যুদ্ধ क्तिए धकान वनम् इंट्रेल ए कमा आर्थना क्रिलए, পরশুরাম কিছুতেই নিরস্ত হইলেন না, স্তরাং উভয়ে যুদ্ধারত্ত হইল। ২৩ দিন ঘোরতর যুদ্ধের পর পরশুরাম পরাজিত ও ভীয় জয়ী হইলেন। পরে পরশুরাম অস্বাকে कहित्सन आमि जीत्युत निकटि शतास इहेलाम, छेहाटक বিনাশ করিতে পারিলাম না, তুমি তপজা করিয়া महाराद्यत निकटि वत्रशाख १७७ जीवाटक विनाम कतिल, हैश कहिशा अवादक विनास कतित्वन। अवा उनविश দৃঢ়প্রতিজ্ঞ হইয়া ভীয়ের বধ নিমিন্ত তপস্থা করিতে शमन कतिरलन, अरनरक निवातन कतिशाहिल, काशांत्र কথা ন। শুনিয়া যমুনাতীরে গিয়া মহাদেবের তপস্থা আরম্ভ করিলেন। গলিত পত্র ভক্ষণ, বায়ু ভক্ষণ, ক্রমে অনাহার-ত্রত পর্যান্ত করিতে লাগিলেম। এক চরণে ও অঙ্গ সাত্রে দণ্ডায়মানা থাকিয়া ঐ यমুনাভীরে প্রথমে पारम वर्गत जर्गका करत्रम। शरत मन्त्राखरम, डेल्ट्रक्त वार्टाम, हारत्मत वार्टीत्म, उन्नार्टिम, ध्रारिन, त्रवात्रानी, ट्यामवजीजीर्स, क्लिमिटकत बाखरम, माउद्यात बाखरम, দিলীপের অতিমে, রামহুদে, এবং কৌরব্য প্রভৃতির আশ্রমে যোরতর কঠোর তপস্তা করিয়া বেড়াইতে नोशितनमा धक्ता भना अश्वीदक करितनम, तानकत्मा । কি কারণে তুমি এত কেশ করিতেছ ? ভীয় আমার

शूख, छाहारक कथनहे विनाभ कतिए शांतिरव ना. ক্তিরাত্তক পরশুরাম ঘাহার নিকটে পরাস্ত হইয়াছেন, ভুমি জীলোক হইয়া তাহার কি করিবে ? অতএব নির্ভা হও। অহা তাহা শুনিলেন না, তাহাতে গঙ্গা কোৰে কহিলেন, তুমি যদি পুনর্কার এছানে তপস্থা কয়, তবে তোমার শরীর নদী হইয়া যাইবে। এইরূপ শাপ প্রদান করিরা গন্ধা অস্বাকে বিস্তর ভয় দেখাইলেন; কিন্ত अशा कि कूट के निवृक्षा रहेतान ना। अनस्त औहात अक्षीक नमी इहेंग्रा (शल, उथाणि अशत अर्क अंद्रीत अश তপস্তা করিতে লাগিলেন। বছকালের পর মহাদেব পরি-जुके इहेग्रा माक्कां इहेटलन, এবং বর প্রার্থনা করিতে কহিলেন, অয়া ভীয়াকে বিনাশ করিব এই বর চাহি-লেন, তাহাতে মহাদেব কহিলেন, তুমি এদেহে ভীয়কে বিনাশ করিতে পারিবে না, জন্মান্তরে ত্রুপদরান্ধার কন্যা হইয়া জন্মগ্ৰহণ পূৰ্ব্বৰ পুক্ষভাবে অবস্থিত হইয়া ভীয়ের বধের কারণ হইবে, ইহা কহিয়া মহাদেব অন্তর্হিত হইলেন। অস্বা তৎকণাৎ চিতা রচনা করিয়া স্বয়ং অগ্নি প্রদানপূর্বক তাহাতেই দেহ সমর্পণ করিলেন। পরে সেই অখা ক্রপদরাজার মহিবীর গর্তে জন্মগ্রহণ করিয়া শিখতী-নাম ধারণপূর্বক ভীয়-বধের কারণ হইয়াছিলেন। নজার শাপে অহার বে অর্ছ শরীর নদী হয় তাহা ' বংসদেশে প্রবাহিত হইয়া রহিল।—মহানারত।

व्यवालिका । कामीबारणव किन्छ। क्या । श्रीम बह

ষ্ণমালিকাকে হরণপূর্ব্বক আনিয়া নিজ বৈমাত্র ভ্রাতা বিচিত্রবীর্যোর সহিত বিবাহ দেন, ইহাঁর গর্ভে পাত্র জন্ম। অবশিউ অম্বিকাশকে দ্রেউব্য।—মহাভারত।

অস্থিকা। কাশীরাজের মধ্যমা কন্যা। ভীয়া এই অম্বিকাকেও হরণ করিয়া সেই নিজ বৈমাত্র ভ্রাতা বিচিত্র-বীর্য্যের সহিত বিবাহ দিয়াছিলেন। রাজা বচিত্রবীর্য্য ঐ পত্নীদ্বয়ের সহিত সাত বৎসর রাজ্যভোগ করেন, পরে অকালে যৌবন সময়েই যক্ষারোগে লোকান্তর্গত इन: अधिका ७ अञ्चालिका विश्वा इहेरलन । शुक्त-শোক-কাতর৷ তাঁহাদিগের খাগুড়ী সত্যবতী বিবে-চনা করিলেন বংশ লোপ হইল, জোষ্ঠ পুল চিত্রাঙ্গদ গন্ধকৰ্ত্তক হত হইয়াছে, কনিষ্ঠ পুত্ৰ বিচিত্ৰবীৰ্য্য (एक्छांश कतिन, इहेंने शूखहे शन। मशक़ी-शूख ভীয় যিনি আছেন তিনিও বিবাহ করিবেন না, এবং রাজ্যাধিকার লইবেন না, এক্ষণে উপায় কি ? পরে ভীয়াকে ডাকিয়া কহিলেন, বৎস। বংশ লোপ হয়। তুমি ধর্মিষ্ঠ সন্তান, সকলি জান, আপৎ সময়ে বাহা কর্ত্তব্য তাহা তোমার অবিদিত নাই। বিশেষতঃ আমি আজ্ঞা করিতেছি, তুমি রাজ্যে অভিয়িক্ত হও, এবং দারপরিগ্রহ করিয়া বংশ রক্ষা কর। ভীয়া কহিলেন, মাতঃ। আপনি যাহা আজা করেন করিতে পারি, কিন্তু প্রতিজ্ঞা ভদ্ধ করিতে পারিব না, আমি আপনার বিবাহকালে প্রতিজ্ঞা করিয়াছি, বিবাহ ও রাজ্য কথনই করিতে

পারিব না। সভ্যবতী কহিলেন, তবে ভোমার এই ছুইটা ভাতভার্য্যা কাশীরাজ কন্যা অম্বিকা ও অমালিকা, তুমি এই হই ভাতৃপত্নীতে পুদ্র উৎপন্ন কর। ভীয়া তাহাতেও সমত না হইয়া অনেক বিবেচনাপুর্বাক কহিলেন, পিতার বংশরকার্থে এক যুক্তি আছে, আপনি কোন ত্রাহ্মণকে খন প্রদান করিয়া তাঁহার দ্বারা আমার ঐবিধব। जाञ्चार्याप्ट्र महान डेर्शामन कतिएठ शाद्यन, देश ক্ষত্রিক্ষাতির অধর্ম কার্য্য নহে, পরশুরাম এক বিংশতি বার পৃথিবীকে নিঃক্ষত্রিয় করিয়াছিলেন, তাহাতে উাহা-দিগের বিধবা জ্রীতে ত্রাক্ষণেরা সস্তান উৎপন্ন করিয়া ক্তিয় বংশ রকা করিয়া গিয়াছেন, সতএব তাহাই করুন্; ইহা কহিয়া ভীয়া অনেক দৃটান্ত প্রদর্শন করিলেন। সভ্যবতী কহিলেন, ভাল তবে আর এক কথা বলি। আমার যথন বিবাহ হয় নাই তথন মহর্ষি পরাশরের ঔরসে ব্যাস নামে এক পুত্র জন্মে, পুত্র ভূমিষ্ঠ হইয়াই তপস্থা করিতে গমন করিল: গমন কালে আমাকে কহিয়া গিয়াছিল, মা। যথন কোন প্রয়োজন হইবে, তখন আমাকে শুরণ করিও। অতএব যদি তুমি অনুমতি কর ঐ পুত্র ব্যাসকে আহ্বান করিয়া পুজোৎপত্তি নিমিত হই বধুকে নিয়োগ করি। ভীয় সম্ভোষ পূৰ্বক তাহাতে সমত হইলে সভ্যৰতী ब्राम्त्क यात्व कतिलन, यात्व भाष्य व्याम चामिश छेल-ছিত হইলেন। সতাৰতী, এই দুই ভাতৃভাৰ্যাতে পুৰোৎ-পত্তি কর বলিয়া ভাঁহার প্রতি আদেশ দিলেন। ব্যাস

মাতৃবাক্যে স্বীকৃত হইলেন। অনন্তর অধিকা ব্যামের विक्रोकात, क्रुक्षवर्ग, मीर्घ करे। ও শাঞা দেখিয়া ভয়ে হুটী চকু মুদ্ৰিত করিয়া থাকিল; অমালিকাও ভয়ে পাওবৰ্ণ হইয়া পড়িল। তাহাতে ব্যাস মাতা সত্যবতীকে কহিলেন चार्यनकांत ब्लाकीवधृत धक्ती महादल পूळ अधिद बढ़ि किछ इति एक् मुखिछ कतिशाहित्तत अञ्चव हरूँ।त পুত্র জন্মান্ধ হইবে; এবং কনিষ্ঠাবধুও ভয়ে পাণ্ডবর্ণ হইয়া ছিলেন স্মতরাং ইহাঁর পুজ্রও পাণ্ডবর্ণ হইবে। তদনন্তর সভাৰতী ঐ জ্যেষ্ঠা বধু অহিকাতে আরো একটা পুত্র প্রার্থনা করিলেন, কিন্তু অম্বিকা আপনার বস্ত্রালকারে একটা দাসীকে সুসজ্জিত করিয়া পাঠাইয়া দিল। ব্যাস সেই দাদীতে এক দর্মগুণারিত পুত্র উৎপন্ন করিয়া স্বন্ধানে প্রস্থান করিলেন। পরে অন্বিকার একটা জনান্ধ পুত্র হইল, উহার নাম ধৃতরাষ্ট্র। অম্বালিকার পুত্র পাঞ্ वर्ग इहेन विनिशा छोहात नाम शाधु इहेन। आत मानी-পর্ব্তে যে সর্বান্তগযুক্ত পুজ্ঞ কলে তিনি বিহুর নামে খ্যাত इहेरलन |--- महावात्र ।

অন্থিকা। তুর্গার নামান্তর। শুদ্র নিশুন্ত বল-দর্পিত
হয়া দেবভাদিগকে পরাস্ত করিয়া আপনার। দেবত্ব
করে, ভাহাতে দেবভার। অনুপারে হিনাচলের নিকটে
গিয়া তুর্গাদেবীকৈ বিস্তর স্তব করিলেন, চুগা পরিভৃষ্টা
হইয়া আরির্ভৃতা হইলেন এবং আন করিবার চলে
তথায় গিয়া ভাঁহাদিগকে বিজ্ঞানা করিলেন ভােমরা

এখানে কাহার শুব করিতেছ। অনন্তর সেই হুর্গার भत्रीत-रकाभ इरेट अकी (पवी निर्मण इरेश कहि-लन, हेराँता एक निएएक निकटि शतास वर् निक निक अधिकात-हाउ इहेबा आमातहे खब कति-তেছেন। के प्रवी, इशीत भतीत-काम रहेट व्याव-र्कृष इथग्राट्य क्लिमिकी नाटम श्राप्त इहेटनन। उँ। हात्रहे অন্য নাম অম্বিকা। হুর্গার শরীর হইতে অম্বিকা নির্গতা হইলে হুৰ্গা কৃষ্ণাবৰ্ণা হইয়া কালীনামে বিখ্যাতা হইলেন ও হিমালয়ে প্রবেশ করিলেন। অনন্তর অন্বিকা অতি মনোহর মোহিনী মূর্ত্তি ধারণ পূর্বক হিমালয়ের একদেশে অব-স্থিতা থাকিলেন। পরে শুক্ত নিশুদ্রের ভৃত্য চণ্ডমুণ্ড পর্বত পর্যাটন করত ঐ রূপয়েবিন-সম্পন্না মোহিনীকে দেখিয়া আদিয়া শুদ্তকে কহিল মহারাজ ৷ এক পুরুপা কামিনী হিমালয়ে দেখিয়া আদিলাম, এমন রূপ ত্রিলোকে पिथ नारे। एड छनिया प्रवीव नारम वक पृत्रक ঐ দেবীর নিকটে প্রেরণ করিলেন। দুত গিয়া নানা প্রলোভন বাক্যে শুদ্ত অথবা নিশুদ্ধের রাজমহিবী হইতে **डाँशांक डेशांक मिरल छिनि कशिंलन, आयात्र धक** প্রতিজ্ঞা আছে, যে আমাকে যুদ্ধে পরাস্ত করিয়া আমার গর্ক থর্ক করিতে পারিবে আমি তাহার জ্রী হইব, নতুবা नरह। शरत पूछ व्यानिशा एउएक तारे कथा विनात 'खड कूद रहेश के प्रवीदन क्यानर्वन पूर्वक भानिएड নিক দেনাপতি ধূত্রলোচনের প্রতি আদেশ দিল। ধূত্র লোচন সদৈন্য তথায় গত মাত্রেই অবিকার হকার ধ্বনিতে ভত্মাবশেষিত হইল। শুদ্ধ চণ্ডমুণ্ডকে সদৈন্যে প্রেরণ করিল, সেও অবিকার সহিত কিঞ্চিৎ যুদ্ধ করিয়া রণশায়ী হইল। পরে শুদ্ধ নিশুদ্ধ তচ্ছবণে সাতিশয় প্রকুপিত হইয়া সকল দৈন্য সংগ্রহ পূর্ব্বক রণস্থলে গমন করিল, কিন্তু কেহই সেই দেবীর রণে তির্ন্তিতে পারিল না। সেই অবিকা বিভিন্নরূপে প্রথমে রক্তবীজ, পরে নিশুদ্ধ ও অবশেষে শুদ্ধ সকলকেই ক্রমে সংহার করিয়া দেবগণকে অভয় প্রদান করিলেন।—মার্কণ্ডেয় পুরাণ, তথা ভগবতী ভাগবত। অপর বিষয় কালীশব্দে দুষ্টব্য।

ভাগবতে লিখিত আছে অম্বিকা উগ্ররেতা নামক রুদ্রের পত্নী।

অমুবাচা। যোগ বিশেষ।— মহাভারত। কৈয়ন্ত মাসের শেষ দিবসে পূর্যা যে বারে ও যে কালে মিথুন রাশিতে গমন করেন তাহার পরের সেই বারে ও সেই সময়ে, পৃথিবী জীধর্মিণী হন, ইহারি নাম অমুবাচী। অমুবাচীর তিন দিন বেদাধ্যয়ন ও বীজবপন নিষিদ্ধ; যতি, বিধবা, ভদ্মচারী ও ভ্রাহ্মণদিগের স্বপাক ও পরপাক চণ্ডালের অন্ন ভূলা। এই সময়ে ভ্রমণান করিলে সর্প ভ্র ধাকে না।— শৃতি।

আধুবাহিনী। নদীবিশেষ।—মহাভারত, তথা ভগৰতী ভাগৰত। মহাভারতের পাঠান্তরে এই নদীর নাম মধুবাহিনীও লিখিত আছে। অন্তঃ । (বহুবচনে অন্তাংসি।) দেবতা, অসুর, পিতৃ,
মানুষ এই চতুষ্টয় স্ফ বস্তুর নাম অন্তঃ।—ব্রহ্মাণ্ড, মার্কণ্ডের,
ভবিষ্য ও বিষ্ণুপুরাণ। বায়ুপুরাণে লিখিত আছে বেহেতু
প্রকাশ পান এই হেতু ইহাঁদিগের নাম অন্তঃ।

অয়ন। পুর্যোর হুইটা পথ আছে, উহাকে অয়ন কছে; যথা দক্ষিণায়ন ও উত্তরায়ণ। দক্ষিণায়ন দেবতা-দিগের রাত্রি ও উত্তরায়ণ দেবতাদিগের দিবা। মন্থ্য লোকের এক বৎসরে দেবতাদিগের এক দিবারাত্র হয়।—বিষ্ণুপুরাণ, মহু, তথা অমরকোষ।

অযাত্যাম। যজুর্বেদের যে অংশ সুর্য্য যাজ্ঞবন্দ্যকৈ
শিখান তাহার নাম অযাত্যাম অর্থাৎ অনভ্যস্ত।
এক সময়ে মুনিগণ মিলিত হইয়া সুমেরু পর্বতে
এক সভাধিবেশন স্থির করেন, এবং এমত শৃপথ
করেন যে ঐ সভাতে আমাদিগের মধ্যে যে ব্যক্তি
অসুপন্থিত থাকিবেন সপ্তরাত্তি মধ্যে তাঁহার ত্রন্ধহত্যা
ঘটিবে, পরে নির্মাপিত সময়ে মুনি সকলেই সভাতে
উপন্থিত হইলেন, কেবল বৈশম্পায়ন যান নাই,
ইহাতে উক্ত শাপগ্রস্ত হইয়া বৈশম্পায়ন দৈবাধীন
পদাঘাতে স্বীয় ভাগিনেয়কে বধ করিয়া ত্রন্ধহত্যা
দোষে দোষী হন। অনন্তর তিনি ঐ ত্রন্ধহত্যা পাপের
প্রায়শ্চিত নিমিত্ত নিজ শিব্যগণকে যাগাদি অনুষ্ঠানের
স্থাদেশ করিলেন। শিব্যমধ্যে যাজ্ঞবন্দ্য গুরুর আজ্ঞান
ধীন ধাকিয়াও এই বিষয়ে অসমত হইলেন, তাহাতে

বৈশালায়ন জুদ্ধ হইয়া কহিলেন, তৃমি যে কিছু আমার কাছে শিখিয়াছ ততাবৎ পরিত্যাগ কর। যাজ্ঞবন্দ্য উপেক্ষা করিয়া কহিলেন,তোমার নিকটে কি শিক্ষা করিয়াছি? তাহা তো এই, ইহা বলিয়া তৎক্ষণাৎ বমনের ভাব দেখাইলে অমনি তাঁহার উদর হইতে যজুর্বেদের শিক্ষিত বচন গুলি রক্ত মিশ্রিত রূপে বাহির হইয়া পড়িল। অপর শিষ্যেরা তৎক্ষণাৎ তিতিরপক্ষী হইয়া সেই বমিত বচন গুলি খুটিয়া খাইয়া কেলিল। ইহাতে সেই বচন গুলির নাম তৈত্তরীয় হইল। এবং গুরুর মাগ বিষয়ে আজ্ঞার অনুরূপ আচরণ করাতে ঐ শিষ্য-দিগের নাম চরক হইল।

অযুত্তিৰ । বছৰংশীয় ভলমানের কনিষ্ঠ পুজ।

ভলমানের হুইটা জ্রী, এক জ্রার গর্ব্ধে নিমি, ক্রকণ, রফি; এই তিন পুল্ল হয়, অপর জ্রার গর্ব্ধে শতলিৎ,সহত্রলিৎ ও অযুতজিৎ নামে তিন পুল্ল জ্বো।—বিক্সপুরাণ, তথা ভবিষ্য পুরাণ। পরস্তু ক্রমপুরাণে ও হরিবংশে লিখিত আছে ভলমানের প্রধানা জ্রার গর্ব্ধে শূর এবং পুরঞ্জয় নামে আরো হুইটা পুল্ল এবং কনিষ্ঠা জ্রার দাসক নামে আরো একটা পুল্ল জ্বিয়াছিল।

অমৃতায়ৄঃ । কুরুবংশীর জয়দেনের পুত্র, ইনি অকো-ধনের পিতা।—বিষ্ণুপুরাণ।

অযুতায়ুঃ। মগধ রাজবংশীয় শ্রুতবানের পুলা।—
বিষ্পুরাণ। বায়ুপুরাণে লিখিত আছে এই অযুতায়ুঃ ৩৬
বৎসর পর্যান্ত মগধে রাজত্ব করিয়াছিলেন। পরস্ত মৎস্তা
পুরাণে অযুতায়ুর পরিবর্তে অপ্রতীপ লিখিত আছে,
এবং তাঁহার রাজত্বলাল ২৬ বৎসর মাত্র।

অযুতাশ। প্র্যবেংশীয় সিন্ধুট্বীপের পুত্র এবং অয়রীবের পোত্র।—বিষ্ণুপুরাণ। পরস্ত বায়ু, লিঙ্ক, এবং ক্র্মপুরাণে ইহাঁর নাম অযুতায়ুঃ, ত্রন্ধপুরাণে অযুতজ্ঞিৎ, এবং অয়িপুরাণে অঞ্তায়ৣঃ, লিখিত আছে।

অযোধ্যা। * कामन ताब्बात ताब्धानी। पूर्या-

^{*} অবোধ্যা একণে ঔধ্ বলিরা খ্যাত। এই পুরী দিলীনগরী হইতে প্রার ১৮০ কোশ আতর পূর্ব্ব দক্ষিণে অবন্থিত ছিল। নে অবোধ্যা একণে আর নাই, উৎসর হইরা গিরাছে, কিন্তু ভাষার চিরু অদ্যাণি সন্ধিত্ব হর। সরবুনদীতীরে অবোধ্যা যে থানে ছিল সেন্থান এখন জলনাবন্ধার রহিরাছে, তথার জীপগৃহছর তম্ম ইইক প্রভৃতি দৃষ্ট হয়। পুরাতন অবোধ্যার অনতিমূরে পশ্চিমদিণে একণে হনুমানগড় নামে এক প্রাম আছে, তল্পধ্যে হনুমানের এক মন্দির, ঐ মন্দিরের চতুর্দ্ধিণে অনেক বৈরাগীর বাদ। তথার বৈরাগীদিশের আরো জী আঞ্জি আঞ্জি আছে ই

বংশীয় রাজাদিগের নিবাস স্থান। ইহার অপর নাম সাকেত। এই প্রসিদ্ধ রাজধানী সর্যুনদীতীরে * অবস্থিত ছিল। অযোধ্যা বৈবস্বত মসুকর্তৃক নির্মিত।

রামায়ণে অযোধ্যার এই রূপ বর্ণন; — অযোধ্যা द्वामन योजन वर्धा 8৮ क्लान विक्छ। के नगती मन् निर्माण करतन, डेहा धन-धाना-युक्त क्येर्यामानी, अवर সুবিখ্যাত ছিল; সুপ্রশস্ত রাজপথ সকল জল-সিক্ত থাকিত, নানাবিধ দ্রব্যের ব্যবসায় এবং নানা শিল্পা-কার্য্য হইত। নগরে অনেকগুলি হুর্গ ছিল, তাহা কেহই ভেদ করিতে পারিত না, চতুর্দ্দিকে প্রাচীর বেষ্টিত हिल, ध्रम्भीती रेमनागंग मर्काना मर्काव तका कतिक, नगती শতদ্বী অন্ত্রে পরিরতা ছিল। স্থানে স্থানে ধরুপতাকা, দেবতার মন্দির,পুজোদ্যান, ফলভরে রক্ষ সকল অবনত। काथाय बाक्षणित्वत त्वमध्नि, काथाय जानत्मारमव, কোথায় নৃত্যগীত ও বাদ্য, কোথায় বা ধুপ মাল্য ও হোমের গন্ধ। এমন কি, অমরাবতীর ন্যায় অযোধ্যা অদ্ব-তীয়ন্ত্ৰপে প্ৰকাশ পাইত। ভোগৰতী গল্পা যেমন নাগ-গণে तक्कि आहिन, এই नगती তেমনি रेमनागर। यू-রক্ষিত ছিল।

মংস্থাপুরাণমতে অযোধ্যা মোকদায়ি সপ্ত-পুরীর মধ্যে পরিগণিত এবং বিশ্বকর্মা এই পুরী নির্মাণ করেন।

সরবৃদ্দীর অপার ছুই মাম দেবিকা ও ঘর্ষরা। ভাষাতে ইহাকে সর্যু, দেবা, দেহা ও বাঘরা এবং ইংরাজিতে গোগরা কচে। সবিশেষ সরবৃশক্তে ডাইবা।

বিশ্বকর্মা যে নির্মাণ করেন ভট্টিকাব্যেও তাহা বর্ণিত আছে।

কল্কিপুরাণে উক্ত হইয়াছে অযোধ্যার রাজা মরু কিছুদিন তপন্থার্থ কলাপগ্রামে গমন করিলে ঐ পুরীর গোরব হ্রাস হইয়াছিল, পরে কল্কি অবতীর্ণ হইয়া ঐ মরুকে পুনর্কার অযোধ্যাতে অভিষেক করিলে অযোধ্যা-পুরী পূর্ব্ব মর্য্যাদা প্রাপ্ত হয়।

ত্তক্ষবৈৰৰ্ত্ত পুরাণে কথিত হইয়াছে, গ্রীয়াকালে অধো-ধ্যাতে গমন করিলে ত্রিতাপ নাশ হয়। অপিচ, যে সকল জীব অধোধ্যাতে হত হয় তাহারা হরিক্সপ ধারণ করে।

ভাগবতে লিখিত আছে অযোধাা নগরী অমরাবতী
তুল্য সুশোভিত ছিল। রামের রাজ্যাভিষেক অবধি
ঐ পুরীর পথ সকল সুগদ্ধি সলিলে ও গজমদ জলে
দিবারাত্র সিক্ত হইত। উক্ত পুরী অউালিকা, পুরদার,
সভা, দেবমন্দির প্রভৃতিতে এবং জলপূর্ণ স্বর্ণকুত্ত
ও প্রজ পতাকাদিতে নিরন্তর শোভা পাইত। বহির্দারে
ফলভরে নত কদলী ও গুবাক রক্ষ এবং পউবস্ত ও মাল্য
দারা মঙ্গল তোরণ নির্মিত ছিল। রাজভবনের বিষয়ে
লিখিত আছে তথাকার দারের দেহলী সকল প্রবালময়, স্তম্ভ বৈত্র্যাময় ও গৃহতল মরক্তময়, অভি
নির্মাল, আর ভিভি-সকল, ক্ষুটিকময় উজ্জ্বল ছিল।
অপর সেই সকল ভবন নানাবিধ পুশামালা ও বসন
ভূষণের কিরণে উজ্জ্বল, নানা ভোগাবস্ত সুগক্ষি মুগ্র

দীপে সুবাসিত, পুশা ভূষিত ও অলভারে অলভ্ত, সুতরাং সর্বতোভাবে মনোহর ছিল। ভগবতী ভাগবতে উক্ত হইরাছে, অযোধ্যাতে তক্ষর, খল, ও ধূর্ত্ত ছিল না।

রঘুবংশে লিখিত আছে, মহারাজ রাম আপ-নার পুত্র ও ভাতৃষ্পু ত্রদিগকে স্থানে স্থানে রাজ্য প্রদান করিয়া স্বয়ং কিছুদিন অযোধ্যাতে পাকেন, পরে ভাতৃ-वर्ग, जामाठा, वञ्च, वाञ्चव এवर जारवाधावामी यावजीय প্রজাদিগকে সঙ্গে লইয়া স্বর্গ গমনের নিমিত্ত সরযুজলে প্রবেশ করেন; তাহাতে অযোধ্যাপুরী লোক-শূন্য হয়। বহুদিন মনুষ্য মাত্র না পাকাতে ক্রমে অরণ্যময় হইয়া উঠে, অট্টালিকা স্থানে স্থানে পতিত হয়, ও নিবিড় বন হওয়াতে হিংতা জন্তু সকল তাহা আশ্রয় করে। এই সময় রামের জ্যেষ্ঠপুত্র কুশ, কুশাবতী নগরীতে রাজ্য করিতেছিলেন। একদা রাত্তি দ্বিপ্রহরের সময় কুশ শয়নগৃহে একাকী শয়ান আছেন,সে গৃহে আর কেংই নাই, দ্বার রুদ্ধ আছে; এমত সময়ে এই অযোধ্যাপুরী স্ত্রীবেশে হঠাৎ কুশের নিকটে আবিভূতি হইলে কুশ আশ্চর্যান্থিত হইলেন, জিজাসা করিলেন তুমি কে ? স্ত্রী ক্তাঞ্জলিপুটে কহিল, আমি অবোধ্যাপুরীর অধিষ্ঠাত্রী দেবতা। মহারাজ রামচন্দ্র স্বৰ্গলোক প্ৰাপ্ত হইয়াছেন, আমি অনাথা হইয়াছি, একণে আপনি আমার নাথ | কিন্তু আপনি আমাকে পরিত্যাগ ক্রিয়া এছানে আসিরা রাজ্য ক্রিতে লাগিলেন, আমার হুরবন্থার কথা অধিক কি বলিব, অট্টালিকা সকল পতিত

হইতেছে, মনুষ্য সমাগম নাই, অরণ্য হওরাতে একণে সিংহ ব্যান্ডাদি জন্ত তথার ইতন্ততঃ ভ্রমণ করিতেছে। ইত্যাদি হুংখের কথা কহিতে কহিতে ঐ জ্রী রোদন করিরা উঠিল, এবং কাতরভাবে বিনতিপুর্ব্ধক কুশকে কুশাবতী পরিত্যাগ করিয়া তথার ঘাইতে অনুরোধ করিল। কুশ জ্রীবেশ ধারিণী সেই অযোধ্যার অধিষ্ঠাত্তীর নিকটে তাহা স্বীকার করিলে ঐ অধিষ্ঠাত্তী অন্তর্হত হইল। পর-দিন প্রাতে কুশ সেই সকল কথা আমাত্যগণকে কহিলেন, তাহারা আহ্লাদিত হইয়া সকলেই কুশকে পূর্ব্ব-পুরুষের সেই রাজধানী অযোধ্যাতে যাইতে কহিল। রাজা কুশ কুশাবতী নগরী ভাষ্ণাদিগকে প্রদান করিয়া অযোধ্যাতে যাত্রা করিলেন। তথার পৌছিয়া উক্ত পুরী উত্তমরূপে সংক্ষার করিয়া পুত্র পৌজাদিক্রমে তথার কাল্যাপন করিতে লাগিলেন।

লক্ষীবল্লভ-প্রণীত কপ্পক্রম-কলিকা প্রন্থে লিখিত আছে, মন্থ্রচিত অবোধ্যা ভ্রন্ট ইইলে ইন্দ্র তাহা পুনর্নি-র্মাণ করিতে কুবেরকে কছেন।. কুবের পঞ্চাশৎ বোজন দীর্ঘ দাদশ বোজন প্রস্থ এক পুরী নির্মাণ করিলেন। পুরী এক শত ধন্থ অর্থাৎ চারিশত হস্ত উচ্চ স্বর্ণ-প্রাচীরে পরিবেক্টিত ইইল। পরে কুবের নগরী মধ্যে ঋষভদেবের নিবাসার্থ তৈলোক্যবিভ্রম নামে এক রাজপ্রাসাদ নির্মাণ করিলেন, ঐ প্রাসাদের একবিংশতি তল ও ১০৮টা গবাক্ষদার। অনন্তর ইক্র শ্ববভদেবকে অযোধ্যায় রাজ্যা- ভিষিক্ত করেন, এবং প্রজাদিগের বিনীতভাব দেখিয়া ঐ নগরীর নাম বিনীতা রাখেন।

আয়োমুধ । দানববিশেষ। কশাপের তৃতীয় পুত্র,
দমুর গর্ত্তকাত।—ভাগবত, বিফু, পদ্ম তথা বাযুপুরাণ।

অরিপু। নলের পুত্র, যছর পৌত্র এবং ষ্যাতি রাজার প্রপৌত্র।—ভাগবত। পরস্ক বিষ্ণু, বায়ু এবং ত্রশ্বপুরাণে অরিপুর নাম দৃষ্ট হয় না।

व्यक्तिमर्पन । व्यर्क्त्तत नामास्त ।--महावाद्य ।

অরিমর্দন। দফল্কের ঔরসে গান্ধিনীর গর্ত্তে জাত। ইনি অকুরের সহোদর।—বিষ্ণুপুরাণ, তথা ভাগবত।

व्यतिमर्पन। क्रस्थित नामास्रत।—बक्तशूत्राग।

অরিষ্ট । বৈবস্বত মনুর, পুত্র। ইহাঁর অপর নাম নাভাগ।—কুর্মপুরাণ, তথা ভগবতীভাগবত।

অরিষ্ট । দানব বিশেষ। বলি নামক দানবের
পূজ্র।—ভগৰতী লাগৰত। কংশ অরিষ্টকে ক্ষেত্র বধার্থ
পোকুলে প্রেরণ করে, পরস্ত ঐ অরিষ্টই ক্ষেত্র বধার্থ
পোকুলে প্রেরণ করে, পরস্ত ঐ অরিষ্টই ক্ষেত্র ক্ষেত্র
হয়। তাহার বিশেষ এই একদা সন্ধ্যাকালে গোকুলে ক্ষ্
পোপ-পোপীগণ সমভিব্যাহারে ক্রীড়া করিতেছেন এমত
সময়ে এই অরিষ্ট দানব ভয়ন্তর র্ষভাকার ধারণ করিয়
পোকুল কম্পমান করত ক্রাথ্রে ভূমি আঁচ্ডাইতে
আঁচ্ডাইতে হঠাও তথার উপস্থিত হইল। তাহার বর্ণ
সক্তর জন্মধ্রের ন্যার, শৃক্ষ রহও ও স্কৃতীক্ষ্, চুই চক্ষ্
স্থ্যিভুলা জাত্বল্যমান, পুক্ষ উর্জ্বে উত্তালিত ও গলক্ষল

অতীৰ লবমান, তাহার গর্জন-ধনিতে সকলের হুৎকম্প হয়। গোপ গোপীরা তদর্শনে অত্যন্ত ভীত হইয়া রুঞ্জের भंतगांश्वे रहेत। क्रुक्ष जाशांत्रिशत अख्य अमान कतिया वास्त्राटकार्धन शृक्षक के इवजायरतत ममुधवर्डी स्हेलन, দেখিয়া রুষভাত্মর অত্যন্ত ক্রোধান্বিত হইল। ক্রোধে চকুর্মর হইতে রক্তধারা পড়িতে লাগিল। সে একেবারে শৃক উত্তোলন করিয়া যেমন ক্লফকে বিঁধিবে অমনি ক্লফ তাছার শুক্ত ধরিয়া গজ বেমন গজকে ঠেলে তেমনি তাহাকে ১৮ পা ভূমি ঠেলিয়া ফেলিলেন। দে আবার সত্তর উঠিয়া ঘর্মাক্ত শরীরে পুনঃ পুনঃ নিশাস পরিত্যাগপুর্বক কৃষ্ণকে আক্রমণ করিল। কৃষ্ণ পুনর্ব্বার তাহার শৃঙ্গ ধরিয়া তাহাকে পদাঘাতে নিপাতিত করিলেন এবং তাহার কণ্ঠ ধরিয়া লোক যেমন আর্দ্রবস্ত্র নিষ্পীড়ন করে অর্থাৎ নিস্তুড়ে সেইরূপ তাহার কণ্ঠ নিষ্পীড়ন করিয়া একটা শৃক্ক উৎ-পাটনপূর্বক তদ্বারা প্রহার করত তাহাকে বিনাশ क्तिटलन ।--जानवज, विकृत्रान जवा इतिवर्ण।

অরিষ্টকর্মা। অন্ত্ত্য বংশীয় পটুমানের পুত্র।
বিষ্ণুপ্রাণ। পরস্ক বায়ুপুরাণে ইহাঁর নাম নেমিক্কঞ এবং
মংস্থাপুরাণে অরিষ্টকর্ণি লিখিত আছে।

অরিষ্টনেমি। যক্ষবিশেষ। বৎসরের প্রতিমাসে পুর্য্যের রথে এক এক জন আদিত্য, ঋষি, গন্ধর্ম, অপ্যরা, যক্ষ, সর্প ও রাক্ষস অধিষ্ঠিত থাকে। পৌষমাসে পুর্যারথে অধিষ্ঠিত আদিত্যের নাম ভগ, ঋষির নাম ক্রমু, গন্ধরের নাম উণায়ু, অপ্সরার নাম পূর্ব্বচিত্তী, বক্ষের নাম অরিউনেমি, সপের নাম কর্কোটক, এবং রাক্ষসের নাম ক্ষুর্জন। ঋষি স্তব করেন, গন্ধর্বে গান করে, অপ্সরা নৃত্য করে, রাক্ষস পশ্চাৎ পশ্চাৎ চলিতে থাকে, সর্প অব সজ্জিত করে, যক্ষ প্রগ্রহ অর্থাৎ লাগাম সংযোজন করিয়া দেয়। এই সাতজন ক্ষ্যারথে অধিষ্ঠিত থাকিয়া জগৎকে আলোক প্রদান পূর্বেক যথাকালে হেমন্ত, গ্রীয়া ও বর্ষা ঋতুর আবির্ভাবের হেতু হন।—বিষ্ণু, তথা বায়ু-পুরাণ। পরস্ক কুর্মপুরাণ মতে ভগ ভাদ্র মাসের আদিত্য, এবং ভবিষ্যপুরাণ মধ্যে ভগ মাঘ্য মাসের আদিত্য।

অরিষ্টনেমি। প্রকাপতি বিশেষ। ইনি দক্ষের চারিটা কন্যা বিবাহ করেন। তাহাদিগের গর্ব্ডে ইহাঁর বোলটা পুত্র হয়।—বাযুপুরাণ ও বিষ্ণুপুরাণ। মহাভারতে উক্ত হইয়াছে, কশ্মপেরই অপর নাম অরিষ্টনেমি। ভাগবতে অরিষ্টনেমির পরিবর্ত্তে তার্ক লিখিত আছে। ভাগবতের টাকাকার 'তার্ক্ক' ইহা কশ্মপের অপর নাম বলেন।

অরিষ্টনেমি । চক্রবংশীয় ঋতৃজিতের পুত্র।—বিষ্ণু-পুরাণ।

় অরিষ্টসূদন। বিষ্ণুর নামান্তর।—তিকাওণেষ।

আরিষ্টা। দক্ষের কন্যা, ইনি কশ্বপের ত্রেরাদশ পত্নীর মধ্যে চতুর্ধ পত্নী।—বিষ্ণুপুরাণ, মংস্পুরাণ, তথা ভাগবত। বায়ুপুরাণে অরিফার পরিবর্ত্তে প্রবা, ও পঞ্চপুরাণে কালা লিখিত আছে, কিন্তু শেষোক্ত পুরাণের উত্তরখণ্ডে কশ্ব-পের চারিটী মাত্র পত্নীর নাম দৃষ্ট হয়, অদিতি, দিতি, কক্র ও বিনতা।

অরিছ। য্যাতির বংশ্য অর্কাচীনের পুজ্র। অরি-হের মাতার নাম বৈদ্ভী।—মহাভারত।

অৰুণ। ক্ষের পুত্র। ক্ষের ১৬১০০ টা মহিনী, প্রত্যেকের গর্ত্তে দশ দশটা পুত্র জন্মে, ঐ সকল পুত্র-দিগের মধ্যে যে ১৮ জন মহারথ বলিয়া পরিগণিত, অরুণ তক্মধ্যে এক জন।—ভাগবত।

আৰুণ। পুৰ্য্যবংশীয় রাজা। ইনি ত্রিধয়ার পুত্র ।—
ভগবতীভাগবত।

অফণ। সুর্য্যের সারখি। বিনতার গর্ট্তে কশ্যপ মহর্ষির ঔরসে ইহার জন্ম।—বিশুপুরাণ তথা তবিষা পুরাণ, মহাভারতে লিখিত আছে কশ্যপের কক্র নামী পত্নী সহত্র সংখ্যক ডির এবং বিনতা নামী পত্নী হইটী মাত্র ডিয় প্রসব করে। পঞ্চশত বর্ষ পরে কক্রর ঐ সহত্র ডিয় হইতে সহত্র সন্তান উৎপন্ন হইল, কিন্তু বিনতার ডিয় তদবন্থই থাকিল। পরে বিনতা সন্তান দেখিবার অভিলাষে একটী ডিয় ভালিয়া কেলিলে সেই ডিয় হইতে একটী সন্তান বহির্গত হইল, তাহার উর্দ্ধ অর্দ্ধ অল্প হর্মাছে অধা অর্দ্ধ অল্প হয় নাই। সেই পুত্র ক্রোধারিত হইয়া মাতা বিনতাকে এই বলিয়া শাপ প্রদান করিল যে, বেমন সপত্রীর প্রতি স্ব্যাতে তুমি এই অকার্য্য করিলে, ভিয়

ভাদিলে, তেমনি তোমাকে ৫০০ বংশর ঐ দপত্নীর দাসী

হইয়া থাকিতে হইবে। পরে বিনতাকে বিমনা দেখিয়া
কহিল মা, যাহা হইয়াছে তাহার আর উপার নাই, কিন্তু
অপর ডিম্বটী একণে সাবধানে রক্ষা কর। এই ভির হইতে
সময়ে একটী মহাবল পুত্র অন্নিবেন, তিনিই তোমার
দাসীত্ব মোচন করিবেন। মাতাকে এইরপ শাপ দিয়া
দেই শীতার্ত অরুণ, পিতা কশ্যপের আদেশে সুর্য্যের
সার্থি কার্য্যে নিযুক্ত হইয়া রহিল।—মহাভারত।

আফ্রণ। চক্রবংশীয় উরুক্ষ নামক রাজার জ্যেষ্ঠ পুত্রে।—মংস্পুরাণ।

অক্তন। জয়ুদীপে বাহাদিগকে ক্ষত্রিয় কছে শাল্-মলীদীপে তাহারা অরুণনামে পরিচিত।—বিষ্ণুপুরাণ।

অকণা। অপারা বিশেষ। কশ্যপের ঔরসে প্রধা নামী জীর গর্ত্তে ইহার জন্ম। প্রত্যুষকালে উৎপন্ন হও-য়াতে ইহার নাম অরুণা হয়। এই অপারা অতীব রূপবতী ছিল।—বহাভারত।

অৰুণা। নদীবিশেষ। প্লক দ্বীপস্থ সাতটী প্ৰসিদ্ধ নদীর মধ্যে অৰুণা নদী সর্বপ্রধানা।—ভাগবত। পরস্ত বিষ্ণুপুরাণে প্লক্ষ্বীপস্থ প্রধানা মপ্ত নদীর মধ্যে অৰুণার নাম দৃষ্ট হয় না। ভগবতীভাগবতে এই নদীর অপর নাম অৰুণোদা লিখিত আছে এবং ঐ নদী অৰুণোদ কুণ্ড হইতে নিঃস্থতা।

অকণাত্মজ। জটারু পক্ষীর অপর নাম।—তিকাও শেষ।

আৰুণানুজ। গরুড়ের নামান্তর।—হেম্চজ।
আৰুণোদ। সরোবর বিশেব। অরুণোদ, মহাজ্ঞ,
শীতোদ ও মানস নামে প্রধান চারিটা সরোবর জয়ুদীপ
মধ্যে আছে, এই সকল সরোবরের জল দেবগণ পান
করিয়া থাকেন।—বিষ্ণুপুরাণ। ভাশবতে লিখিত আছে

অক্লোদয়। সুর্যোদয়ের পূর্বে হই মুহূর্ব অর্থাৎ
৪ দণ্ড কালকে অক্লোদয় কছে। যতিদিগের স্নানের

ঐ সময়, ঐ সময়ে সকল জল গলাজল তুলা হয়।
ব্রহ্মবৈবর্ত্তপুরাণ।

এই চারিটা হৃগা, মধু, ইকু ও মিউজলের সরোবর।

অক্ষাতী। কর্দ্দম মুনির কন্যা, বশিষ্টের শাস্ত্রী।
দেবভূতির গর্বে ইহাঁর জন্ম।—ভাগবত। অরুক্তিরী প্রধান
পতিব্রতাদিগের মধ্যে পরিগণিত। ছিলেন। বশিষ্ঠের
প্রতি ইহাঁর অসাধারণ ভক্তি, ইহাঁর মন ও নয়ন তাঁহার
চরণ ব্যতীত কথন অন্যত্র গমন করে নাই। ইনি পতিব্রতার ধর্ম ফলে জগতে যশোভাজন হন, বহুকাল স্থামিসহ ইহলোকে অবস্থান করেন, পরে দেই স্থামী বশিষ্ঠের
সহিত নক্ষত্র লোকে গমন করিয়াছেন।—বক্ষাবৈর্ব্ধপুরাণ,
মহাতারত, ওরানারণ।

নিমিত্ত নিদান নামক গ্রন্থে কথিত আছে, নক্ষত্র লোকে সপ্তর্ধি মণ্ডল মধ্যে অক্লকতীর উদর হয়, এবং বাহার পরমায়ু শেষ হইয়াছে, সে ঐ নক্ষত্র দেখিতে পার না। এতক্ষেণীয়েরা বিবাহ করিয়া কুশণ্ডিকার সময় মন্ত্র উচ্চারণ পূর্ব্বক সেই নিজ্ব নববধূকে ঐ অরুক্ষতী-তারা দর্শন করায়। তাহার বিধি ভবদেব নামক গ্রন্থে আছে। অরুক্ষতী প্রদর্শনের তাৎপর্য্য, অরুক্ষতী যেমন পতিত্রতা-দিগের অগ্রগণ্যা রূপে যশোভাজন হইয়া ছিলেন, ঐ নব-বধূও যেন দেইরূপ পতিত্রতা হইয়া পাতিত্রত্য কল ভোগ করে।

অরুক্বতীর অপর নাম অক্ষমালা।—মহাভারত।

অৰুষ্ধতী । দক্ষ প্ৰজাপতির ক্রন্যা। ধর্ম, দক্ষের ১০টা কন্যার পাণিগ্রহণ করেন, তল্মধ্যে অক্লন্ধতী জ্যেষ্ঠা। হরিবংশ তথা বিষ্পুরাণ। পরস্তু ভাগবতে অক্লন্ধতীর পরি-বর্ত্তে ককুদ্ নাম লেখা আছে।

অর্ক ৷ সুর্য্যের নামান্তর ।-- সমরকোষ।

অর্থনাথ। শিবের নামান্তর। শিবশব্দে স্বিশেষ জুফুর।

অর্ঘ্য । পুজোপহার। দুর্ব্বা, আতপতভূল, চন্দন, পুষ্প ও জল এই পাঁচ সামগ্রী একত্র করিলে অর্দ্য হয়।—অন্তর্কার। পরস্ক সম্মোহিনীতক্ত্রে গোপাল পদ্ধ-তিতে উক্ত আছে দুর্ব্বা, আতপতভূল, চন্দন, পুষ্পা, জল, লবন্ধ, জায়কল ও কুশ এই অন্টান্ধ অর্ধ্য।

পূর্বের রাজপুর প্রভৃতি বজ্ঞে সর্বশ্রেষ্ঠ ব্যক্তিকে অর্ঘ্য প্রদানের নিয়ম ছিল। রাজা মুধিন্ঠিরের রাজপুর সভা অভ্যাগত নিমন্ত্রিত লোকে পরিপূর্ণ হইলে ভীয় মুধিন্ঠিরকে কহিলেন সভা হইয়াছে একণে অর্ধ্য প্রদান কর। মুধি- ঠির জিজ্ঞানা করিলেন অথ্যে কাহাকে অর্থা দেওয়া বায়,
তীয় কহিলেন আচার্যা, পুরোহিত, বর, একচারী,আত্মীয়
এবং রাজা এই ছয় জন অর্থা পাইতে পারেন, ইহার মধ্যে
বিনি সর্ব্বশ্রেষ্ঠ তিনিই অথ্যে অর্থা পাইবার যোগ্য, অভএব
ক্ষুকেই অথ্যে অর্থা দেও, আমার মতে ক্ষুই সর্ব্বশ্রেষ্ঠ।
অনন্তর রাজা মুধিন্তিরের আদেশে সহদেব অর্থা আনিয়া
অথ্যে ক্ষুকেই দিলেন, তাহাতে শিশুপালের ইর্ম্যা জন্মিন,
সে ক্রোধে যুধিন্তিরকে, ভীয়কেও পরিলেকে ক্ষুকে
অনেক কটু কথা কহিয়া সভা হইতে উঠিয়া চলিয়া গেল,
এবং যুদ্ধের উদ্যোগ করিতে লাগিল। ক্ষু দেখিলেন
রাজা যুধিন্তিরের রাজস্ম যজ্জের ব্যাঘাত হয়, অভএব
চক্রদারা শিশুপালের মন্তক ছেদন করিলেন।—বহাভারত।

. অর্চিদ্। রুণাখের পত্নী। ভাগবত-মতে রুণাথের অর্চিদ্ ও ধিবণা নামে হই পত্নী। অর্চিদের গর্ডে
ধূমকেত্, এবং ধিবণার গর্ডে দেবল, বেদশিরা বার্ন
ও মন্ চারিটা পুত্র জন্মে। পরস্ক রামারণে লিখিত
আছে রুণাখের হই পত্নী, ভাহাদিগের নাম জয়া ও
বিজয়া, ইহারা দক্ষ প্রজাপতির কন্যা এবং দেবপ্রহণ
অর্ধাৎ দেবশান্ত-দেবভাদিগের মাতা। স্বিশেষ রুশাশ্ব
শক্ষেত্রা।

অর্জুন। কৃতবীর্ষ্যের পূজ, ইহাঁর অপর নাম কার্জ-বীর্ষ্য। ইনি দভাত্রেরের প্রসাদে সঞ্চনীপেশর হন, এবং সহস্র বাহ প্রাপ্ত হন। অর্জুন অসাধারণ বীর্ষ্যালী ছিলেন। রাবণ দিখিজয়ে ভ্রমণ করত ইহাঁর রাজধানী মাহেয়তীপুরীতে আসিয়া উপস্থিত হইলে অর্জুন তাহাকে অনায়াসে য়ৃত করিয়া পশুবৎ বদ্ধ করিয়া রাখেন। পরে রাবণ অনেক তোষামদ করাতে অর্জুন তৎপ্রতি প্রসন্ন হইয়া তাহাকে ছাড়িয়া দেন। এই কার্ত্তবীর্য্য অর্জুন পঁচাশী হাজার বংসর রাজ্য করিয়া পরিশেষে পরশুরামের হস্তে নিধন প্রাপ্ত হন।— বিষ্ণুপুরাণ, মহাভারত, ভগবতীভাগবত, হরিবংশ তথা রঘুবংশ। অপর বিষয় কার্ত্তবীর্য্য শব্দে দ্রেষ্টব্য।

অর্জন। তৃতীয় পাওব। পাওুরাজার মহিষী कुछीत गर्द्ध जाउ। इस इंहाँत जमाना। इति वाना-বস্থাতে দ্রোণাচার্য্যের নিকটে ধন্তর্বেদ (অন্তর্বিদ্যা) শিক্ষা করেন, কুপাচার্য্যও অর্জ্জুনের উপাচার্য্য ছিলেন। অর্জুনের বুদ্ধি ও যুদ্ধ-শিক্ষা-নৈপুণ্য দর্শনে দ্রোণাচার্য্য তৎপ্রতি অত্যম্ভ স্মেহ করিতেন, উহাই অর্জুনের প্রতি इर्छाप्यत्तत केवा मक्षात्तत श्रथम कात्र। शत वर्ष्क्न इर्प्याधनामि कूक्रवालकमिरगत अञ्चलिका नमार्थन इटेल ा धार्गानां विश्व विश्व कर्ड् भटकत आरम् एक रिखना भूदत के বালকদিপের পরীকা গ্রহণার্থ একটা রক্ষ্মল নির্মিত হয়। ঐ রঙ্গভূমিতে উক্ত সমস্ত কুরুবালকেরা যুদ্ধ-শিকার পরীকা দিয়াছিল। অর্জুন সেই পরীকাতে সর্বপ্রধান হন। তিনি অন্ত্র প্রয়োগে আপনার অত্যন্ত লমুহস্ততা শুরু-দ্রোণাচার্য্যকে প্রদর্শন করেন। অর্জুনের শিকা-কৌশলে আগ্নেয় অন্তে অগ্নিস্টি, বারুণ অন্তে

জলহুকি, বায়ব্য অন্তে প্রবল বায়ুর উৎপত্তি, পার্জন্য অন্ত্রে মেঘোদয়, এবং পর্ব্বতান্ত্রে পর্ব্বতের আবির্ভাব হইয়াছিল। অর্জুন অন্ত প্রয়োগ করিতে করিতে কথন অন্তর্হিত, কখন পুরোবর্তী, কখন দীর্ঘ, কখন হুস্ব, কখন লঘু কখন গুরু, কণে রথমধ্যন্থ, কণে ভূতলে অৰ-जीर बदः करन करन तरथत मरक्ष अ**नुक हरे**रिक लागिरलन । ওাঁহার এতাদৃশ আশ্চর্য্য শিকা ও যুদ্ধ-কেশিল সন্দর্শনে দর্শক মাত্রই সাধুবাদ প্রদান করিতে লাগিল। অর্জুন একটী স্তম্ভের উপরি স্থাপিত ঘূর্ণায়মান লোহ-নির্মিত-বরাহের মুখ মধ্যে ধহুকের এক-আকর্ষণেই যেন, ৫টা বাণ প্রয়োগ করিলেন। তৎপরে একটা রজ্জুবদ্ধ চঞ্চল গোশৃঙ্গের কোষ वर्थाए हिं मरश किमिक २३ में वांग थारान करोहेरलन। এইরূপ খড়া প্রভৃতি অন্যান্য অস্ত্র চালনে ও গদা-ভ্রামণে विनक्तं भारतम्बिं अपर्मन क्रिलन। भरीका प्रिथिए কুরুকুল-বধুরাও আসিয়াছিল, সকলেই অর্জ্ঞানের ক্ষমতা दिश्वित्र। हमें क्रिक्ट इहें । शूर्वित्र व्यमाधात्र तेन-देनशूना-শिका मन्दर्भात कृषी अठाख आस्तानिक। इरेलन। भन्नी-काम वर्ष्यात्र मर्स्वथाशाना प्रविम्न। इर्त्याशन वादम नेर्मातिक इहेन।

বারণাবতে জতুগৃহ দাহের পর, পঞ্চপাণ্ডব অপ্রকাশে থাকিবার জন্য ভালাণ-বেশে কিছু দিন একচক্রা-নগরীতে অবস্থান করেন। এই সময়ে পাঞ্চালদেশের রাজা ক্রপদের কন্যা দ্রেপদীর বিবাহের আয়োজন হয়। উক্ত দেশাধি-

পতি ক্রপদরাজা অতি উচ্চ শূন্যমাণে একটা ক্লব্রিম শকরী মৎস্য কৌশলে ছাপন করিয়া পণ করেন যে ব্যক্তি ष्याभार्य जल প্রতিবিদ্ব দেখিয়া একবাণে এই শকরী মৎস্যের নয়ন বিদ্ধ করিতে পারিবে তাহাকেই জ্রেপদী প্রদান করিব। দ্রোপদী অতি রূপবতী ও গুণবতী ছিলেন, সুতরাং তাঁহার লাভ-লোভে অনেক রাজলোক ওবীর-পুরুষ দেই ক্রপদের রাজধানী কান্সিল্যে আসিয়া ছিলেন, পঞ্চপাণ্ডবত ত্রাহ্মণবেশে তথায় উপস্থিত হন! সভা-গত বীরপুরুষেরা ঐত্বর্শক্য লক্ষ্য বিদ্ধ করিতে চেন্টা পান কিন্তু কেহই ক্লুতকার্য্য হইতে পারিলেন না। পরি-শেষে অর্জন অগ্রসর হইয়। অনায়াসেই সেই লক্ষ্য ভেদ করিলেন। তাহাতে জ্ঞপদরান্তা অর্জ্ঞনকে কন্যাদান क्रिंट डेमाङ स्ट्रेंटन महीशानग्रंग जाशनामित्रात ज्ञव-मानना रवाट्य क्युम स्ट्रेलन। जामानटक कन्माश्रमान कता ক্ষত্রিয়ধর্মের বিরুদ্ধাচার ইহা বলিয়া সকলে সমবেত ভাবে मशुख क्र भनतां काटक वश कतिए ववश क्रि भनीत्क अ ষায়তে প্রকেপ করিতে উদ্যত হইলেন। পরে ক্রপদ-রাজা ভীমার্জুনের সহায়তায় রাজাদিগের সহিত যোরতর यूष जात्र करतन। जनत्मव क्रूक मिछेनात्का मक्नारक कांस कतितान। व्यनस्त भाषातता त्याभारिक लहेता কুলাল-গৃহে অবস্থিত মাতা কুম্বীর নিকটে উপস্থিত হইয়া कहित्वन मा जला अहै जिक्ना शाहेबाहि। कुछी ना एकि-बाहे कहितन याहा शाहेबाह शांठ छाहेटलहे त्वांश कता

পরে মাতৃ বাক্য পালনার্থ তাঁহার। পঞ্চ ভাতাই জেপদীকে বিবাহ করিলেন এবং নারদের পরামর্শে এই নিয়ম করিলেন এক ভাতা জেপদীসহ নির্জ্জনে অবস্থিত থাকিলে অন্য কোন ভাতা তথার গমন করিবেন না,করিলে তাঁহাকে দ্বাদশ বর্ষ বন-ভ্রমণ করিতে হইবে। এরপ নিয়ম করাতে তাঁহাদিগের কোনরূপে ভাত্তেদ হয় নাই।

কিয়ৎকালের পর ইন্দ্রপ্রছে যথন রাজাযুধিন্তির রাজ্য করেন তথন এক দিন এক ত্রাহ্মণ উর্দ্ধানে দেড়িয়া আসিয়া রোদন করত অজ্পুনকে কহিল, চোরে আমার গোসকল লইয়া পলায়ন করিতেছে, আপনি শীঘ্র আসিয়া तका करून्। अर्ज्जून ভावित्तन, यप्ति आमि छेरणका कति তাহা হইলে আক্ষণের অত্যন্ত ক্তি হয়, কিন্তু অন্ত-शृद्ध ताका (जीशनी मह बक्ज चाह्म, चल चानिएड त्म इंटिन शमन कतित्व निश्चमाञ्चमादत्र आमादिक चामन বর্ষ বনভ্রমণ করিতে হইবে। উপায় কি? ভাল, আমার অদুটে যাহাই হোক, রদ্ধ আলণের চকুর কল নিবারণ করা অত্যাবশ্যক। ইহা ছির করিয়া যুধিন্তিরের গৃহে প্রবিষ্ট হইলেন, তথা হইতে অন্ত গ্রহণ করিয়া গিয়া ভাষণের গাভী দকল প্রত্যাহরণ পূর্বক बाब्यगंदक मित्रा चांत्रितन। शदत त्रांबांदक विनातन মহারাজ | আমি নির্ম লঞ্জন করিয়াছি, আজা করুন্ बामन वर्ष बटन बाहै। यूबिछित धावटम मण्ड इन नाहे, কিছ অৰ্জুনের আগ্রহে অসুমতি দিলে অৰ্জুন ৰন ভামণে

গমন করিলেন। ঐ ভ্রমণকালে তিনি অনেক তীর্থ मम्मर्नन करतन। अवना भन्नारा स्नान कतिराज्यान, अया সময় ঐরাবত বংশীয় কৌরব নামক নাগের কন্যা উলুপী তাঁহাকে আপনার পাণিগ্রহণ করিতে অনুরোধ করেন। অৰ্জুন নাগ-কন্যার সেই অনুরোধ রক্ষাপুর্বাক সেই রাজি তথায় যাপন করিয়া পর প্রত্যুবে তীর্থে পুনর্যাত্রা করেন। ভ্রমণ করত একদিন মণিপুর দেশে উপস্থিত হন। তথাকার রাজা চিত্রবাহনের কন্যা চিত্রাঙ্গদার রূপলাবণ্য मर्गत अर्ब्ध्न मुक्ष इरेश आज्ञाशतिहा श्रमानशृक्वक के कना त्राचात निकटि थार्थना करतन। ताजा कहिलन. महारमरवत वारका आमात वश्य धक धक नि मन्त्रान रेव আর হয় না, আমাদিগের পুরুষাত্মক্মে এইরূপ চলিয়া षांत्रिट्टा, षांभात धरे धक्ती मांज कना, रेहांत शर्द्ध स शूख इरेंदर मिंगे यिन आमारक तनन उद ঐ কন্যাকে বিবাহ করুন। অর্জুন তাহা স্বীকার कतिरल विजाननात महिल जाहात विवाह इहेल। क्षे চিত্রাঙ্গদার গর্ডে বক্রবাহন নামে তাঁহার একটা পুত্রও किया।

অর্জুন মণিপুরে ও বংসর অবস্থান করিয়া পুনর্কার তীর্থবাত্তা করেন। অমণকালে সোতত্ত, আগস্ত্য, পোলম, করিক্ষর ও ভারদ্বাক্ত এই পঞ্চ মহাতীর্বে উপস্থিত হন। ঐ ঐ তীর্ষে বর্গা, সোরভেয়ী, সমীচি, রুদুদাও লতা নামে পাঁচটা অঞ্জার বিপ্রশাপে শতবংসর পর্যান্ত কুন্তীর হইয়া

त्रहिशाहिल अर्ध्कन छाहानिशटक भाग मुक्त क्टतन। भटत প্রভাস তীর্ষে গিয়া ক্লফের সহিত সাক্ষাৎ করিলেন, কুঞ पर्कनरक पछि पांतर दातकार नहेशा गान, उपान অর্জ্জন সারণের স্বেচাদরা ক্লফের ভগিনী স্বভদ্রাকে ক্লফের মন্ত্রণামুসারেই বিবাহ করেন, বলদেব প্রভৃতি আর আর বছবংশীর বীর-পুরুষেরা ইহাতে অর্জ্ঞনের প্রতি क्ष रहेशा युष्पत छेरलांश कतिशाहित्तन, किस कृष्ट সাञ्चना-वाटका मकलटक कांग्र कतिरलन। शरत धकला অৰ্জ্রন ক্ষেত্র সহিত যমুনাতীরে পর্যাটন করিয়া খাওব প্রস্থের সমীপে এক বৃক্তলে উপবিষ্ট আছেন, এমন সময়ে অগ্নি ত্রান্ধণবেশে আসিয়া ভোজন ভিক্লা করিলেন। অৰ্জ্ব ও কৃষ্ণ ভোজন প্ৰদানে স্বীকৃত হইয়া জিজ্ঞাস। করিলেন কি সামগ্রী ভক্ষণ করিলে ভোমার তৃপ্তি হয়। ত্ৰান্ধণবেশী অগ্নি আত্মপরিচয় দিয়া কহিলেন খাওৰ বন সমুদয় ভোজন করিবার আমার মানস, ইন্দ্র সর্বাদা এই ধাওব রক্ষা করিয়া থাকেন, এজন্য আমি ইহা দক্ষ করিতে পারি না, যথনি দগ্ধ করিতে চেষ্টা করি ইন্দ্র রুক্তি করিয়া আমাকে নির্ব্বাণ করিয়া দেন। যদি আপনারা আমার সহায়তা করেন আমি খাওৰ বন ভক্ষণ করিয়া

অর্জুন সৌজ্জভারে দ্বামার্থ নামিলে একটা কুজীর বাঁঘাকে ধরিল। তিনি বলপুর্বাক নেই কুজীরকে তঠে তুলিরা বিদাশ করিলে কুজীররপিণী পৌরতেরী জল্জা শাপমুক্ত হইরা বমুর্ভি প্রাপ্ত হইন, লগর চারি তীর্বেও প্রস্কুল জ্ঞান্ত্রীদ্বাকে শাপমুক্ত হরেন।

ভৃপ্ত হই। অর্জ্জুন কহিলেন যদি আমাকে অন্ত প্রদান কর তাহা হইলে আমি ইল্রের সহিত যুদ্ধ করিতে পারি। তাহাতে অগ্রি অর্জ্জুনকে গাণ্ডীবধস্থ ও অক্ষরতৃণীরাদি প্রদান করিলেন। অনস্তর অর্জ্জুন ও কৃষ্ণ উভয়ে ইল্রের সহিত যুদ্ধ আরম্ভ করেন। কৃষ্ণ স্বদর্শন চক্রে মেঘ ছেদ করিয়া রক্তি নিবারণ করিলেন, অর্জ্জুনও প্রাপ্ত এই সকল অন্তদ্ধার। অগ্রির প্রাপ্তব বন দাহে সাহাব্য করিলেন।

यूथिछिततत ताकन्य कारण वार्क्न मिश्रिकरत विरुक्ठ इरेंग्रा कालकृष्टे ও कृतिम नामक प्रमा, धदः आनर्ड দেশের মহীপতি মওলকে, শাকদীপের অধিপতি প্রতি-বিশ্বকে, ও তত্ত্রত্য অন্যান্য ভূপালগণ্টক জয় করিয়া আয়ন্ত করেন। প্রাগ্রেল্যাতিষ দেশাধিপতি ভগদন্তকেও যুদ্ধে পরচন্ত করিয়া বশীভূত করেন। পরে .উভরে গিয়া অন্তর্গিরি, বহির্গিরি ও উপগিরি সমস্তই জয়পূর্বক **डेन्क्ट्रां** तां जा ब्रह्डट्क शतां छ क्ट्रान, धवर स्मा-विन्कृतक चात्रक कटतन । स्मामाशूत, वामरमव, चूमामा, ত্তুল ও উত্তর উলুক দেশ এবং তত্ততা রাজগণকে অবশে व्यानवन करवन। शिक्षि श्रीव महातथ-मृतवीविष्मरक शता-জয়পূর্বক তথাকার রাজ। বিশ্বগশ্বকে সংগ্রামে সম্পূর্ণ-ক্লপে পরাশ্বর করেন। উৎসব সঙ্গেত নামক সপ্তবিধ মেক্ৰিগকে, কাশ্মীর জাতীর ক্তির্দিগকে,পাঁচ জন কুন্ত রাজার সহিত লোহিত নরপতিকে, ও উরগাবাসী त्त्राष्ट्रमान नामक शोबाटक वनीकुछ क्टबन। जिश्ह्<u>र</u>पूत्र, ৰাজ্ঞীক, কান্ধোজ জয়পূর্বক ঋষিকদিগকে স্বায়ত করিয়া তাহাদিগের নিকট হইতে উত্তম উত্তম আৰু করস্বরূপে গ্রহণ করেন। অন্তর পূর্ব্বোতর দেশবাসী সকল বীর-কেও পরাজয় করিয়া হিমালয়ের নিজুট গিরি অধিকার করিয়া লন।

যুধিষ্ঠির প্রভৃতির সহিত দাদশবর্ষ বনবাস কালে অর্জ্জন সংগ্রামে গক্ষর্জ-দৈন্য জয় করিয়া পরিবার সহ त्राको इर्र्याधनरक तका कतियाहिएलन। अनस्त विनवारमत আদেশে তিনি মহেলাচলে গিয়া বিজয় প্রার্থনায় প্রথমতঃ ইন্দ্রের তপস্যা করেন। পরে তাঁহার নিকটে বর লাভ ও অন্ত লাভ করিয়া ভাঁহার উপদেশক্রমে মহাদেবেরও আরাধনা করেন। মহাদেব সম্ভুষ্ট হইয়া অৰ্জুনের বলবীর্য্য পরীক্ষার্থ কিরাত সেনাপতি-রূপ ধারণ করিয়া সদৈন্যে আগমনপূর্বক ওাঁহার সহিত মৃগয়া-বিবাদ-ছলে যোরতর युद्ध करतन। युद्ध अर्ब्ड्रानत अमाधातन वनवीर्या त्मिश्रा महोटनव महुछ-िटल माकार इहेश वत श्रामान शृक्तक অর্চ্চনকে পাশুপত অস্ত্র দিয়া যান। পরে অর্চ্চ্ন স্বর্গ-লোকে পিয়া নিজ পিতা ইন্দ্রের নিকটে অন্ত্র শিক্ষা করেন, করিয়া পিতৃ-শত্রু নিবাতকবচ ও কালকেয় এই অস্করত্বয়কে वध करतन, धवः यम, वक्रण, ७ कूरवरत्रत्र निकर्णे अस्तक প্রকার অন্ত শত্র প্রাপ্ত হন।

पछाछ-वात्र वर्शाद पर्स्तृत ब्रह्मला नाम श्रह्शपूर्सक क्रीवरदान वित्रांचे त्राकात खबान धारकन, त्राहे तमस्त्र কুরুসেনাপতি সুধন্বা বিরাট রাজার দক্ষিণ গোগৃহ আক্র-मन करतन, जाहारक डेक ताका ममूनव्र रेमना वरः इचरवणी यूधिछित, जीम, नकून, महरमय मकनरक नहेबा उथाव যুদ্ধার্থ গিয়াছিলেন। ইত্যবদরে হুর্য্যোধন,ভীয়া,কর্ণ,দ্রোণ, ক্লতবর্মা প্রভৃতি সকল কুরু-বীরগণ বিরাট রাজার উত্তর পোগৃহ আক্রমণ করিলেন। বিরাটের রাজ্বধানীতে সম্বাদ আসিল, কিন্তু তথায় একটীও সৈন্য ছিল না, কেবল বিরাট রাজার পুত্র উত্তর এবং সেই ক্লীববেশী অর্জ্জুন ছিলেন। উত্তর স্ত্রীলোকদিগের নিকটে আক্ষালন করিয়া কহিলেন কি করি, যদি একজন সার্থি মাত্র পাই একা গিয়া সকল কুরু-বীরগণকে পরাস্ত করিয়া আসিতে পারি। অর্জ্ঞ্ন ইহা শুনিয়া উত্তরের সার**ধ্য স্বীকার করিয়া সেই যুদ্ধে** অগ্রসর হইলেন। গিয়া যখন দেখিলেন বিপক্ষ সৈন্যের সিংহনাদে উত্তর রথে ভয়ে অচৈতন্য হইয়া পড়িলেন,তখন অর্ক্সন আত্মপরিচয় প্রদানপূর্ব্বক উত্তরকে সারধি করিয়া স্বয়ং যুদ্ধ করিতে লাগিলেন। অর্জ্জুন অবিলয়ে একা অ-नहारत्र रमरे ममुमग्न वीतरक পताजन्न कतिन्ना डीहामिरभन অবমানাথ তাঁহাদিগের পরিধেয় বস্ত্র সকল গ্রহণ-পূর্বক সকলকে নগ্ন করিয়া বিরাট রাজধানীতে প্রত্যা-গত হন।

কুরুকেত্র-যুদ্ধে অর্জ্ঞ্নের বীরতা অতি আশ্চর্যারপ বর্ণিত আছে। সেই যুদ্ধে মহাবীর অর্জ্ঞ্ন, অসম্বা কুরু-নৈন্য সংহারপূর্ক্সক ভীয়, জয়দ্রধ, দ্রোণ, কর্ণ, রুপ, ক্বতবর্মা, অশ্বস্থামা প্রভৃতি প্রধান প্রধান বীরগণকে প্রবাজয় করিয়াছিলেন।

ভারত-যুদ্ধের পর রাজা যুধিষ্ঠির জ্ঞাতি-বধ পাপের প্রায়শ্চিত নিমিত্ত যে একটা অশ্বমেধ যজের আরোজন করেন ঐ অখনেধের অশ্ব রক্ষার্থ অর্জ্জ্ন নিযুক্ত হন। তিনি সেই অশ্বের সহিত নানা প্রদেশ পর্য্যটন করত অনেকগুলি রাজাকে যুদ্ধে পরাস্ত করিয়া অশ্ব প্রত্যাহরণ করেন। পরে मिनिशूद्रश्रेद्रत त्रांद्र भागन कतिरल वच्चवाहन विनम्रशृंक्वक পিতা অর্জ্বনের অভ্যর্থনা করিলেন, তাহাতে বক্রবাহনের মাতামহ মণিপুরেশ্বর অসম্ভট হইয়া কহিলেন, অর্জ্বন বীরতা-গর্কে অশ্ব লইয়া যাইবে ইহা ক্তিয় হইয়া দছ করা ষায় না, তুমি অশ্ব হরণ কর, ইত্যাদি ৰাক্যে বক্রবাহনকে युष्क क्रिएं छेৎ मारु श्रमान क्रिएनन । स्मरे मगग्न नाग-কন্যা উলুপীও পাতাল ভেদপূর্বক দেই স্থানে আবির্ভৃতা হয় সপত্নীপুত্র বলবাহনের প্রতি যুদ্ধ করিতে আজ্ঞা দিলেন। স্তরাং বক্রবাহনকে অগত্যা যুদ্ধ করিতে হইল। পিতাপুল্রে খোরতর যুদ্ধ আরম্ভ হয়। বক্রবাহনের ৰীরতা দর্শনে অর্জ্বন চমৎক্রত হইয়া বহু প্রশংসা क्तित्तन। शतिरभरि अर्ज्ज्न वक्तवाहरनत वार्ति विज হইয়া মুর্চ্ছিত ও পতিত হন। তাহা দেখিয়া বজৰাহন সাতিশয় বিষাদে হায় কি করিলাম, পিতৃহত্যা করিলাম, বলিয়া রোদন করত ভূতলে পড়িলেন। ওাঁহার মাতা চিত্রাক্দা আমির বধ-রভাত শুনিয়া রণছলে উন্মতার ন্যায়

আসিয়া বছ বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন।
উল্পী তাঁহাদিগকে প্রবোধ বাক্যে সাজ্বনা করিয়া সত্তর
পাতালে গিয়া কোরব্য নাগের নিকট হইতে সঞ্জীবনী
মণি আনয়ন পূর্বক অর্জ্জুনকে জীবন প্রদান করেন।
তদনস্তর অর্জ্জুন অধ্যমেধের অধ্য লইয়া বক্রবাহনের সহিত
মহা সমারোহে হস্তিনাপুরে প্রত্যাগত হন। পরে মুধিতিরের অধ্যমেধ বক্ত সমাপন হইল।

किছू पिन भरत यहदरण हरम इहेटल कुछ लीला मद्रदन করেন, তাহাতে অর্জুন দ্বারকাতে গিয়া সকলের ঔর্দ্ধ-দেহিক ক্রিয়া সমাপনপূর্ব্বক ক্লফের পত্নীগণকে ও ক্লফের প্রপোত্ত বজ্ঞকে লইয়া মথুরাতে যান। পথিমধ্যে দক্ষ্যরা অর্জ্বনের প্রতি আক্রমণ করিয়া সমুদয় ধন ও ক্লঞ্জের পত্নীদিগকে হরণ করে। অর্জ্জন যুদ্ধ করিয়া রক্ষা করিতে পারিলেন না, গাণ্ডীব ধহুতে বাণ যোগ করিতে আর তাঁহার শক্তি হইল না। পরে তিনি মথুরাতে গিয়া ব্রুকে রাজ্যাভিষিক্ত করিলেন। তথায় ব্যাদের সহিত সাক্ষাৎ হইলে ব্যাস তাঁহাকে হঃখিতভাব দেখিয়া জিজ্ঞাসা করি-লেন অৰ্জ্জুন, এক্ষণে তোমাকে বিমনা দেখিতেছি কেন ? ব্যর্কুন দক্ষ্যর আক্রমণ রভাস্ত বর্ণন করিয়া কহিলেন প্রভো, আমি সেই অর্জুন, আমার সেই হস্ত, সেই গাণ্ডীব, সেই বাণ, সেই সকলই আছে, কিন্তু আমার সে ক্ষমতা কোথা গেল ? লগুড় লইয়া দম্যুৱা আমাকে অনায়াসেই পরান্ত করিয়া প্রিয়াছে, একি আকর্ষ্য ব্যাপার। ব্যাস कहिल्लन जाक्तर्या किंडूहे नय़, काल्ल जक्लहे हय जावात मकलई यात्र, ठितकाल वेकक्र कि कूरे थारक ना। क्रस्कत তেজেই তুমি তেজম্বী ছিলে, তিনি স্বধামে গমন করিয়া-ছেন, তোমার তেজ তোমার বীর্ঘ্য সকলি ওাঁহার সহিত গিয়াছে। উাঁহার যেমন ভূলোকে থাকিবার আর প্রয়ো-জন নাই বলিয়া জিনি ভূলোক ত্যাগ করিয়াছেন, তো-মারও সেইরূপ,ভূলোক পরিত্যাগের সময় উপস্থিত, তুমি একণে সাংসারিক বিষয়ে বিষুধ হও, আত্মতত্ত্বে মনো-যোগ কর, রাজা যুধিস্তিরকেও এই দকল কথা গিয়া বল, हेरा कहिशा देशम ज्ञानास्टरत भगन कतिरातन। व्यर्क्सन হস্তিনাপুরে আসিয়া ব্যাদের কথা যুধিষ্ঠিরকে কহিলেন, তাহাতে যুধিষ্ঠিরাদি পঞ্চল্রাতা দ্রোপদীসহ বিষয়বাসনা পরিত্যাগপূর্বাক তপস্বি-বেশে মহাপ্রস্থানে হিমালয়ে যাত্রা করিলেন। তথায় তাঁহার। একে একে ক্রমে লোকান্তর প্রাপ্ত হন।—মহাভারত, বিষ্ণুপুরাণ তথা কিরাতার্চ্নীয়।

অর্জুন। অর্জ্ন নামে হইটা রক্ষ রন্দাবনে ছিল।
উহারা ক্বেরের পুত্র ওহাক, উহাদিগের নাম নলকুবর
ও মণিগ্রীব, নারদের শাপে রক্ষ হয়। একদা হিমালয়ের
উপবনে ঐ নলকুবর ও মণিগ্রীব মদিরাপানে মত হইয়া
নয়্ম অবস্থায় জ্রীগণের সহিত ক্রীড়া করিয়া বেড়াইতেছে
এমত সময়ে নারদ ঋষি হঠাৎ সে স্থানে আসিয়া উপস্থিত
হইলেন, হইলে যুবতীরা সকলেই লক্জিতভাবে বল্প পরিধানপূর্বক পলায়ন করিল। কিন্তু ঐশ্ব্য ও মদিরাতে মন্ত ও

উন্মন্তপ্রায় দেই কুবের-পুজন্বয় তদবন্থই থাকিল, তাহাতে নারদ তাহাদিগকে এই বলিয়া শাপ দিলেন যে তোমরা বহুদিবস গোকুলে রক্ষ হইয়া অবস্থান কর, তাহা হইলেই তোমাদিগের গর্ব্ব থর্ব্ব হইবে। হরির সালিখ্যে অবস্থান করাতে ভক্তিলাভ করিয়া রব্ধ ও তমোগুণ হইতে পরি-ত্রাণ পাইবে, কুঞ্ই তোমাদিগের শাপ মোচন করিবেন। हेरा कहिशा नात्रम नातांश्रग-अधित आखारम शमन कतिरलन। **म्हें व्यविक्ष केल कृत्यात् इहें भूख व्यर्क्न हक हहे**श গোকুলে অবস্থিত থাকিল। পরে তাহাদিগের উদ্ধার **बहेन्नाट्य इत्र, क्रम्थ मिखकाटन मधिकां ७ उन्न ७ नवनी** ठ চুরি প্রভৃতি নানা অবাধ্যতার কার্য্য করিতেন। একদা যশোদা কুষ্ণের উক্তরূপ দেরিবাত্মা দুষ্টে বিরক্তা হইয়া প্রথমে যটি গ্রহণপূর্ব্বক তাঁহাকে প্রহার করিতে উদ্যত হন, কিন্তু ক্লফের ভীত-ভাব দর্শনে পুল্র-স্নেহে কাতরা হইয়া মারিতে পারিলেন না, উদুখলে বন্ধান করিয়া রাখিতে উদ্যোগ করিলেন। यশোদা यত রজ্জু আনিয়া क्रश्नात वक्षन करतन, उठहे तब्जू इहे चात्रुन चश्रजुन हत्र, কিছুতেই কুলায় না। গৃহে বত দড়ি ছিল ক্রমে সকলি चानितन, उथानि इरे चाकुन चनरेन इरेन, रेशाउ যশোদা ও গোপিকারা সকলেই বিশ্বয়াদ্বিত হইলেন। পরিশেবে ক্লফ বশোদার পরিশ্রমে কাতরতা দেখিয়া यशः वक्रम नरेलन । यत्नामा शूख वद रहेशांद्र मिथेश ওরে হরন্ত সন্তান এখন কি করিতে পারিস্ কর, বলিয়া

কর্মান্তরে চলিয়া গেলেন। ক্লফের হস্ত ও উদর উদ্ধানত বদ্ধান বদ্ধান গৈলেন। ক্লফের হস্ত ও উদর উদ্ধানত বদ্ধান বদ্ধান একাকী পাকিলেন, এই সময় সেই শাপভ্রম্ভ হুইটা অর্জুন রক্ষ উাহার নয়নগাচর হওয়াতে তিনি নারদের বাক্য সভ্য করিতে সেই বদ্ধ অবস্থাতে উদ্ধান টানিতে টানিতে ক্রমে সেই রক্ষয়ের মধ্যে গেলেন। উদ্ধান রক্ষে ঠেকিলে ক্লম্ভ পুন-র্বার তাহা যেমন টানিলেন, অমনি এ হুইটা রক্ষ পতিত হইল, তাহাতে নলকুবর ও মণিগ্রীবের শাপ মোচন হয়।—ভাগবত তথা ভবিষাপুরাণ।

বিষ্ণুপুরাণে নারদ মুনির শাপের কোনই উলেথ
নাই। রক্ষ উৎপাটনের বিষয় এই মাত্র লিখিত আছে বে,
কৃষ্ণ বন্ধন মোচন নিমিত উদুখল টানিতে টানিতে ঐ
অর্জুন রক্ষন্তরের মধ্যে গমন করিলে উদুখল রক্ষে আটক
হইল, পরে কৃষ্ণ বেমন তাহা টানিলেন অমনি ঐ রক্ষদ্বয় উৎপাটিত হইয়া পতিত হইল।

व्यर्क्नायन । प्रभवित्भर।-- नद्राहमर्शहण।

व्यक्क्नी। कत्र त्यात्रा निर्मेत नामान्तर।— त्मिनी। जिका श्रेटकार रेम जावादिनी निर्मेत जेलम बाह्य, तमहे निर्मेश श्रेटका श्रेटका श्रेटका श्रेटका नाम विश्वार । तोश हम्र हिम्मेत स्थान नाम विश्वार ।

অর্থ। ধর্মের পুত্র, দক্ষের কন্যা ক্রিয়ার গর্জাত।-

^{*} এই निवित्त करकत नाम गारमागत रह।

ভাগবত। পরস্ত বিষ্ণুপুরাণ ও অন্যান্য পুরাণের মতে ধর্মের স্ত্রী-ক্রিয়ার গর্ত্তে দণ্ড, নয় ও বিনয় নামে তিনটী পুজ জলো। অর্থের কোন উল্লেখ নাই।

অর্থশান্ত। রাজনীতি শাস্ত। এই শাস্ত রহম্পতি-প্রণীত।—বিষ্ণুরাণ, তথা ব্রহ্মাণ্ড প্রবাণ। ইহার অপর নাম দণ্ডনীতি।

আর্দ্ধকৈতু। রুজবিশেষ, কশ্যপের ঔরসে স্থরতীর গর্ব্তে জাত।—বায়ু, তথা লিঙ্কপুরাণ। পরস্ত ভাগবত, হরি-বংশ, তথা বিষ্ণু ও মৎস্থাপুরাণে একাদশ রুজের মধ্যে অর্দ্ধকেতুর নাম দৃষ্ট হর না।

অর্দ্ধগলা। কাবেরী নদী।—ত্রিকাও শেষ। মহাভারতে তথা নারায়ণসংহিতাতে লিখিত আছে, গদ্ধা জহুমুনিকে বিবাহ করিতে অভিলাষ করিয়া তাঁহার নিকটে অভিপ্রার প্রকাশ করিলে তিনি সমত হইলেন না। তাহাতে গদ্ধা তাঁহার যক্ষবাট প্রাবিত করিলে জহু ক্রোধ করিয়া গদ্ধাকে পান করিয়া কেলিলেন। পরে ভগীরথের আকিঞ্চনে নিজ জজাদেশ বিদীর্ণ করিয়া গদ্ধাকে প্রসব করিয়া দিলেন, এই হেতু গদ্ধার নাম জাহ্বী ও জহুমুতা হয়। পরে গদ্ধা যুবনাথের তপোভদ্ধ করাতে যুবনাথ গদ্ধাকে মানুষী হও বলিয়া শাপ দেন, তাহাতে গদ্ধা অর্দ্ধ শরীরে ঐ যুবনাথেরই কাবেরী নামে কন্যা হন। এই নিমিত কাবেরীর নাম আর্দ্ধ-গদ্ধ। হয়।

व्यक्तात्रीम । भिरवत मुर्खि विरम्य। এই मुर्खि नील-

মণির ন্যায় চিক্কণ, ত্রিনেত্র, চতুর্জ। হত্তে পাশ, রক্ত-পদ্ম, নর-কপাল (মড়ার মাথা) ও শ্ল। নানাবিধ ভূষণে ভূষিত এবং ললাটে অর্দ্ধিচন্দ্র।—তর্মার।

वर्षनातीश्वतः निट्यतं नामास्ततः ।-- निक्रश्रामः।

অর্বসূ । বায়ু, লিক্ষ, তথা মৎস্তপুরাণের মতে পুর্যা হইতে বহুষহজ্ঞ কিরণ নির্গত হয়, তল্পগ্যে পুষুমা, হরিকেশ, বিশ্বকর্মা, বিশ্বকার্য্য, সম্পদ্ম, অর্কবিস্থ এবং প্ররাজ এই সাতটী কিরণ প্রধান। ইহাদিগের দারাই চক্র ও গ্রহ নক্ষত্র তেজঃ প্রাপ্ত হয়।

व्यवंतीयान्। स्विवित्मित्र, शूनरित केतरम मर्कत कना कमात भर्द काछ।—ित्कृशूत्रांग। जागवर हेंगैं त्र नाम वतीशान्। वाशू ७ निक्रशूत्रांग। जागवर हेंगैं त्र नाम वतीशान्। वाशू ७ निक्रशूत्रांग व्यवंतीयात्तत करन स्वित व्यारह। श्वादािष्ठ मन्द्रद्रत स्व मां ज्ञात विक्रशूत्रांग मर्ज्य। विक्रशूत्रांग मर्ज्य अहे मन्द्रस्त व्यविभाग्त नाम जेक्न, खंड, श्वांग, मर्जांन, स्वांग, स्वांग, स्वांग, हेंगिम् स्वांग, वाम केक्न, खंड, कमांश्र, श्वांग, व्रह्मांजि, हायन, वर मर्जान।

অর্থাক্দ্রোত। অউবিধ স্থিমধ্যে অর্থাক্ত্রোত"
অর্থাৎ মনুষ্য-স্থিম।—বিষ্পুরাণ। অপর বিষয় অস্গ্রহ শব্দে দ্রউবা।

অৰুদ ৷ পৰ্বত বিশেষ।—ভাগৰত, পদা, তথা মাৰ্কণ্ডেয়- পুরাণ। এই পৰ্বতে রাজপুতনা অন্তঃপাতি মারাবলী নামক

পর্বত-শ্রেণীভুক্ত, ৫০০০ পাদ উষ্ক, এবং শিরোহী হইতে ৯কোশ অন্তর। অর্ধুদ একণে আরু নামে খ্যাত। বিষ্ণুপুরাণ মতে অর্ধুদ পর্বত প্ররাগ,পুষ্ণর ও কুরুকেত্তের সমত্ল্য পুণ্য তীর্থ। বিষ্ণুপুরাণ পাঠ করিলে কিয়া অশ্বনেধ যজ্ঞ করিলে যে ফল,তাহা অর্কুদ পর্ব্বতে উপবাস করিলে লক্ক হয়। মহাভারতে লিখিত আছে এই পর্ব-তের উপরি বশিষ্ঠের আশ্রম ছিল। অদ্যাপি তথাকার এক স্থপ্রসিদ্ধ সরোবরের নিকটে বশিষ্ঠের একটা মন্দির मुछे इत्र। के शर्कारा व्यानक भिव-मिन्त वद रिजन মন্দিরও আছে। অচলেখর নামক শিবের যে এক প্রসিদ্ধ মন্দির আছে, তাহাতে ৮০৮ লিঙ্গ প্রতিষ্ঠিত। অচলেশ্বর মন্দির সন্মুখে নন্দির এক মূর্ত্তি স্থাপিত রহিয়াছে। আরো চতুর্মুখ নামক একার একটা মন্দির আছে, এতন্তির কণখলেখর,নেমিনাথ,আদিনাথ, ভৈরব প্রভৃতির মন্দিরও मिथिट शाख्या याय, जवः उथाय वर्त्रमाज्यानीत जक কুষ্ণবৰ্ণ মূৰ্ত্তি স্থাপিত আছে।

অর্দ। জাতি বিশেষ।—বিষ্পুরাণ। বোধ হয়, ইহারা মেওয়ারদেশে আরু পর্বত নিকটবাসী ছিল।

আছৎ। (অর্থন্) জৈনদিগের অপর নাম।—বিষ্ণুপুরাণ।
অর্থ্ । রাজা বিশেষ। ইনি কোল, বেল্লট, এবং
কুটকের অধিপতি ছিলেন।—ভাগবত।

আরকনন্দা। গঙ্গা বিজুর চরণ হইতে নিঃস্থত হইয়া চক্রমণ্ডল প্রাবিত করত একলোকে পতিত হন। পরে বৃদ্ধপুরী পরিবেষ্টন করিয়া তাঁহার চারিটা ধারা হয়, ঐ চারিটা ধারা চারিটা নদী, সেই সেই নদীর নাম সীতা; অলকনন্দা, চক্ষু এবং ভদ্রা। অলকনন্দা ভারতবর্ষ অভিমুখে দক্ষিণদিগ্ ব্যাপিয়া সাত ভাগে বিভক্ত হইয়া সমুদ্রে পতিত হইয়াছেন। মহাদেব এই অলকনন্দাকে শত শত বর্ষ মন্তকে ধারণ করিয়া রাখেন। ইনি তথা হইতে ভূমিতে অবতীর্ণ হইয়া সগর সন্তানদিগের নিস্তারের কারণ হন।—বিষ্ণু ও ভবিষাপুরাণ। পত্মপুরাণমতে অলকনন্দা দেবলোকের নদী। গঙ্গা বৃদ্ধলোক হইতে মেরু পর্বতের নিম্নে গঙ্গোভরীতে নামিয়া অধোগঙ্গা, কাছ্বী এবং অলকনন্দা নামে ত্রিধারা হন। অধোগঙ্গা পাতালের নদী, জাহ্বী পৃথিবীর ও অলকনন্দা স্বর্গের নদী।

व्यनका १ कृरवरतत्र नगती।- अमत्रकावः

অলকাধিপ। কুবেরের নামান্তর।—কিরাতার্চ্ছুনীয়, তথা ত্রিকাণ্ডশেষ।

আলমুষ । রাক্ষা বিশেষ। এই রাক্ষা কুরুকেত্রে অভিমন্থার সহিত অনেক প্রকার মায়াযুদ্ধ করিয়াছিল, পরিশেষে পরাস্ত হইয়া পলায়ন করে।—মহাভারত।

অলমুবা। অপারা বিশেষ। ইনি কণাপের প্রধা নামী জীর গর্ভে জাত।—বহাভারত। অলমুবা সুর্যাবংশীর ভূণবিক্তু রাজাকে বিবাহ করেন এবং জাঁহার ঔরসে ইহার পর্ভে বিশাল নামক রাজার জন্ম হর। ঐ বিশাল বৈশালীনগরী স্থাপন করেন।—বিশুপ্রাণ। মহাভারতের মতে অলমুবার তিনটা পুজ্, তাহাদিগের নাম বিশাল, শূন্যবন্ধু এবং ধূমকেজু।

অলর্ক। চন্দ্রবংশীর প্রতর্দনের পুত্র। ইহাঁর বিষয় কথিত আছে বাট হাজার ও বাট শত বংসর অলর্ক ব্যতীত অন্য কোন যুবা রাজা পৃথিবী ভোগ করেন নাই।—বিষ্পুরাণ। বায়ুও ত্রহ্মপুরাণে এবং হরিবংশেও ঐরপ বর্ণন, প্রভ্যুত ইহাও লিখিত আছে, যে লোপামুদ্রার প্রসাদে অলর্ক এমত দীর্ঘজীবী হন। গণেশ কাশীর প্রতি শাপ দিলে দিবোদাস কাশী পরিত্যাগ করেন, সেই সময়ে ক্ষেমক রাক্ষস তথায় গিয়া বাস করে। শাপ অবসানে এই অলর্ক ক্ষেমক রাক্ষসকে সংহার করিয়া ঐন্বর্গীর বাস্যোগ্য করেন।

মার্কণ্ডেয়পুরাণে লিখিত আছে অলর্কের মাতা মদালসা শ্বীয় পুত্তকে ভক্ষবিদ্যা শিক্ষা প্রদানপূর্বক চিরজীবী হও বলিয়া আশীর্কাদ করেন, ইহাতে তিনি অতি দীর্ঘজীবী হইয়াছিলেন।

মহাভারতে অলকের বিষয় এইরপ লিখিত আছে,
আলক রাজা অতি তেজসী ও পরম তপস্বী ছিলেন,
তাঁহার বলবীর্ঘ্য অসাধারণ, তিনি ধলু মাত্র, সহায়ে
সসাগরা পৃথিবী জয় করেন। অলক একনা এক রক্ষমূলে উপবেশন করিয়া চিন্তা করিলেন অন্যান্য শক্র জয় করিলে কি হইবে। মন, আণ, জিহ্বা, ত্ক্, শ্রোত্র,
চক্ষু ও বৃদ্ধি এই সাত্টী আন্তারিক শক্ত জয় করি; ইহা ভাবিয়া ধনুকে বাণ যোগ করিলেন। ইত্যবসরে

ঐ মন প্রভৃতি সকল ক্রমে মুর্জিমান হইয়া অলককৈ
কহিল, অলর্ক এ বাণ আমাদের প্রতি প্রয়োগ করিলে
আমাদের কিছুই হইবে না, বরং ভোমার শরীরই নন্ট
হইবে, অতএব যে বাণে আমরা পরাজিত হইব তাহাই
আমাদের প্রতি ক্ষেপ কর। বুদ্ধিমান অলর্ক তাহা
শ্রবণে বিবেচনা করিয়া যোগ অভ্যাসে প্রবৃত্ত হইলেন,
এবং তাহা অভ্যস্ত হইলে সেই যোগরূপ বাণ দারা সকল
ইন্দ্রিয় শক্র পরাজয় করিলেন।

অলর্ক। দংশ নামক অস্ত্র ভ্রুর শাপে আট পা বিশিষ্ট, অতি তীক্ষ দস্ত, গাত্রের লোম স্থাচর ন্যায়, এইরপ আক্রতি ধারণ করিয়া অলর্ক নামে ধ্যাত হইয়াছিল। পরে সেই অলক্রপী দংশ কর্ণের উরুদেশ বিদীর্ণ করিয়া পরশুরামের নয়নগোচর হওয়াতে শাপ-মুক্ত হইয়া পূর্ব-শরীর প্রাপ্ত হয়।—মহাভারত। অপর বিষয়, কর্ণশব্দে জক্টবা।

অলক্ষী। লক্ষীর জ্যেষ্ঠা। সমুদ্র মন্থনে অথ্যে ইহার উৎপত্তি পরে লক্ষীর উৎপত্তি হয়। অলক্ষী উৎপত্না হইলে তাঁহাকে প্রাপ্তর কেহই গ্রহণ করে নাই। পরে হুঃসহ নামে এক মহাতপা আক্ষণ বিবাহ করিয়া লইরা বান্। অলক্ষী হুঃসহের প্রতি অপ্রক্তা হইলেন, কিছ হুঃসহ বধন দেবালর প্রভৃতিতে বাইতেন তথন সঙ্গে বাইতেন না, ইহাতে হুঃসহ সভাত হুঃবিত হইরা একলা মহামুনি মার্কণ্ডেয়কৈ অনেক স্তুতি বিনতি করিয়া জিজ্ঞাসা করিলেন প্রভো! আমার স্ত্রী সর্ব্বত্র আমার সঙ্গে যায় না কেন। মার্কণ্ডের হাস্ত করিয়া কহিলেন আপনি ইহাঁকে না জানিয়াই বিবাহ করিয়াছেন, ইনি অলক্ষী, ইনি लक्सीत ज्ञांका, इंदांत नाम खाछ।। इनि नर्काव गमन করেন না,তাহা ইহাঁর স্বভাব। যে স্থানে বিঞ্চুভক্ত বা রুদ্র-ভক্ত ব্যক্তি অবস্থান করেন, যথায় শক্তির নাম উচ্চারিত হয়. বেদগান, ৰূপ যজ্ঞ, হোম পূজা প্রভৃতি হয় এবং যে গুহে গো ত্রাহ্মণ ও অতিথির সমাগম, তথায় ইনি কদাচ ষাইবেন না। যে গৃহ হইতে অতিথি বিমুখ, যে গৃহে নিয়ত न्त्री शूक्रदर कलर, विवर्ग। कना। एत फिटबत निन्ता। সৎকার্য্যে স্থান, যে গৃহ গোশুন্য ও ভগ্ন-দশাপন্ন, যাহাতে কন্টকরক্ষ, নিষ্পত্র লতা, ত্রহ্মরক্ষ, অর্ক, বন্ধুজীব, কররীর, মল্লিকা, বকুল, কদলী, পনদ, তাল, তমাল, তেতুল, কদম্ব ও থদির রুক্ষ, যে বাটীতে একটা দাসী, তিনটী গো. পাঁচটা মহিব, ছয়টা অশ্ব ও সাতটা হস্তা, সেই সেই ছানে তুমি এই জ্রীকে লইয়া বাস করিতে পারিবে। বে গুহে প্রেভাসনে বিকটাকার উগ্রচণ্ডা মূর্ত্তি প্রতিষ্ঠিতা এবং বিকটাকার ক্ষেত্রপাল, নম্ম সন্ন্যাসী, থদ্যোত-প্রচার অর্থাৎ জোনাক পোকার সঞ্চার, শধ্যাতে ভোজন, দিবসে, शर्क थवर मक्साकारण विशेष ७ मिवरम भेष्रन, भमन করিতে করিতে ভক্ষণ, মলিনবেশ ধারণ, দেছের সংস্কার नारे, व्यवनिक किथिए ना ताबिजा मकतर जुक्नन, व्यवीक **চরণে শয়ন, সন্ধ্যাকালে শয়ন এবং নিরস্তর দ্যুতক্রীড়া,** সেই গৃহে তুমি मञ्जीक हहेंगा প্রবেশ কর। অধিক কথা কি, যে ছানে সংকাৰ্য্যমাত্ৰ নাই কেবল অসংকাৰ্য্য, সেই তোমাদিগের বাসস্থান। ইহা বলিয়া মার্কণ্ডেয় অন্তর্হিত हरेतन। इः मह जनक्यीत्क शृथिवी मटशा वामकान অবেষণ করিতে কহিয়া আপনি পাতালে প্রবেশ করিতে উদ্যত इहेटनन, अनम्भी कहिटनन, जुमि यनि आमारक পরি-ত্যাগ করিলে, তবে আমাকে কে আশ্রয় দিবে. আমাকে কে পূজা করিবে। হঃসহ কহিলেন জ্রীলোকেই প্রায় তোমাকে পূঞ্জা করিতে পারে, যে পূঞ্জা করিবে তাহা-কেই তুমি আনশ্ৰয় করিয়া থাক, ইহা বলিয়া পাতালে গমন করিলেন। পরে অলক্ষ্মী পৃথিবীতে পর্যাটন করিতে লাগিলেন। একদা লক্ষ্মীসমভিব্যাহারে নারায়ণ-কে দেখিতে পাইয়া জিজ্ঞাসিলেন প্রভো, আমার স্বামী আমাকে পরিত্যাগ করিয়াছেন একণে আমি কোথা যাই। নারায়ণ কহিলেন যে স্থানে বিষ্ণুপৃষ্ধা ব্যতিরেকে শিব-পূজা ও শিবপূজা বিনিশুখে বিষ্ণুপূজা তথায় ভূমি গিয়া वाम कत ।-- निक्शूतान।

পদ্ম পুরাণে কথিত আছে অলক্ষ্মীর স্বামী কলি। সমুদ্র মন্থনে রক্তমাল্য ও রক্তবন্ত্র পরীধানা অলক্ষ্মী উৎপন্ন। হইয়া দেবগণকে জিজ্ঞাসা করিলেন আমাকে কি করিতে হইবে বল। দেবতারা কহিলেন বে গৃহে নিতা কলহ, শবমুগু, অন্থি, কেশ ও চিতাভন্ম সেই গৃহে তৃমি বাস কর। বে ব্যক্তি নিষ্ঠুর বাক্যও মিধ্যা বাক্য ব্যবহার করে, সন্ধ্যাকালে নিদ্রা বায়, চরণ ধেতি না করিয়া শয়ন করে, অথবা তৃণ, অন্ধার, বালুকা, অন্ধি, প্রস্তর, লোহ ও চর্মদ্বারা দন্ত ধাবন করে, কিছা যে ব্যক্তি রাত্রিকালে তিলপিন্ট (তিলকুটো) গাঁজা, শ্রীফল, লাউ, ছাতিম প্রভৃতি ভক্ষণ করে, সেই পুরুষকে তৃমি আশ্রয় করিয়া ধাক।

শ্বতি-সংগ্রহকর্তা আচার্য্যচুড়ামনি অলক্ষ্মী পূজার এইরপ বিধি দিয়াছেন। কার্ত্তিক মাসের অমাবন্থার রাত্রে গোময়ের পুতলিকা নির্মাণ করিয়া বাম হস্তে নির্মাল্য পূজা ও রুঞ্চবর্ণ পূজালারা অলক্ষ্মীকে পূজা করিবে। তাহার মূর্ত্তি রুঞ্চবর্ণ, দিভুজ, রুঞ্চবন্ত্র পরিধান, লেকহের অলঙ্কারে ভূবিত, কাঁকরের চন্দন সর্বান্ধে লিপ্ত, হস্তে ঝাঁটা, পর্দভে আরত এই অলক্ষ্মী, ইনি সর্বাদাই কলহ-প্রিয়। ইয়াকে পূজা করিয়া এইরূপ স্তব করিবে, দেবি, আমার এই পূজা গ্রহণ করিয়া ভূমি এন্থান হইতে প্রস্থান করত আমার শক্রর গৃহে গিয়া অবন্থান কর, নদি আমার পূক্র মিত্র কলত্রা-দিকে তুমি কলাচ আশ্রয় করিও না। এইরূপ স্তব করিয়া স্প্র অর্থাৎ কুলার বাদ্যে ভদ্যাননের সীমান্তে বিসর্জ্জন করিবে!

ত্তক্ষপুরাণে কথিত আছে নিশীথ অর্থাৎ অর্ধ রাত্রি-কালে অলক্ষীকে পূজা করিয়া অমন্ত্র বিসর্জন করিতে হয়। তবিষ্যৎ পুরাণের মতে অর্ধরাত্তি অতীত হইলে নিজা নিমীলিত লোচনে সুর্প ও ডিপ্তিম অর্থাৎ ঢোল বাদ্য দার। হুক্টাস্তঃকরণে স্বগৃহ হইতে অলক্ষীকে বহিষ্কৃত করিবে।

अनक्षीत अभित नाम,कानकर्गी, नतकरम्वण ७ ब्लाकी-(मवी ।—अध्युतान, भक्तकावनी ७ क्रकावत ।

আলিক্ষ । জাতিবিশেষ।— শহাভারত। এই জাতির নাম অনিক্ষও বিধিত আছে।

অবতার। বিশুর দশ অবতার সচরাচর কথিত। পরস্কু ভাগবতে বিশুর চতুর্বিংশতি অবতার বর্ণিত হইরাছে, এবং লিঙ্গপুরাণে শিবের অফাবিংশতি অবতারের উল্লেখ আছে। সেই সেই অবতারের স্বিশেষ শিব ও বিশ্বু শব্দে দ্রুষ্টব্য।

অবর্ত্তন । উপদ্বীপ বিশেষ।—ভাগবত, ভগবতী সান-বত তথা পল্পুরাণ।

व्यवश्चि । मानवरम्म ।--- (इमहत्व छथा मश्यापूरात ।

অবস্তি । জাতি বিশেষ।— মহাভারত। ইহারা মাল-ওয়া দেশ বাসী ছিল।

অবস্তা। বিজ্ঞাদিত্যের রাজধানী। ইহার অপর নাম অবস্তিকা, বিশালা, উজ্জানী, বিশুপাদ ও মহাকাল-পুরী। অবস্তী শিপ্রা নদীর তীরে অবস্থিত। ক্রন্থবৈর্ত্ত-পুরাণে ইহার নাম অবস্তিকা লিখিত আছে, এই পুরী মোক্ষ-দায়িকা সপ্ত পুরীর মধ্যে পরিগণিত। মহাকাল সর্ক্রদাই এই পুরীতে অধিষ্ঠান করেন, তথার স্তৃত্য হইকে মোক্ষ হয়; এই পুরী পাপীদিগের দর্শন স্পর্শনাদিতে ব্দতি চুর্লভ। কন্দপুরাণ মতেও ইহার নাম অবস্তিকা এবং মোকদায়িনী সপ্ত পুরীর মধ্যে গণ্য।

পদ্মপুরাণে লিখিত আছে অবস্থী তিন যোজন বিস্তীর্ণ, উহার উত্তরদিগে শিপ্রা নদী। মহাপাতকী সে স্থানে ৰাস করিলে নিজ্পাপ হইয়া স্বৰ্গ প্ৰাপ্ত হয়। দেবতা, সাধ্য, সিদ্ধ, অপ্সর ও কিম্নরগণ তত্ত্রতা মহাকালেখরকে সর্ববদা দেবা করে। 🔄 শিবপূজার ফলে মহোবল নামে রাজ। স্বর্গ লাভ করিয়াছিলেন। শিবপুরাণে মহো-ৰল রাজার বিষয় এইরূপ লিখিত আছে,—তিনি অগ্রে শিবপুরা করিতেন না, পরে এক দিন এক র্দ্ধাকে শিবপুরু৷ করিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন শিব-পুজাতে কি হয় ? রদ্ধা উত্তর করিল সকল অভিলাষই পূর্ণ হয়। আমি পূর্বে অতি দরিলা ছিলাম, শিবের আরাধনায় আমার সে অবস্থা আর নাই, আমার সকল হঃখ দুর হইয়াছে। তাহাতে রাজা ভাবিলেন चामि चशुल. यनि भिटवत चाताधनात चामात शुल इतं, তাহা হইলে আমারও অভীষ্ট সিদ্ধ হইতে পারে, ইহা আবিয়া শিবের পূজা করিতে আরম্ভ করিলেন, তাহাতে তাঁহার পুত্র হইল ও রাজা চরমে স্বর্গলাভ করিলেন।

নিশ্বরাণে লিখিত আছে, ৭টা মোকদারিকা পুরী মধ্যে ৩০০টা শিবের পুরী, অপর ৩০০টা বিষ্ণুর পুরী। অবস্থিকা, মারা, কাশী ও কাঞ্চীর অর্দ্ধ ইহা শিবের, অবোধ্যা, মধুরা, দারাবতী এবং অপর অর্দ্ধ কাঞ্চী বিষ্ণুর পুরী। প্রসিদ্ধ দাদশ শিবলিক মধ্যে উজ্জাননীতে বৈ লিক আছে তাহার নাম মহাকাল।

শিবপুরাণের মতে উজ্জায়নী পুরীতে মহাকাল শিবের অবস্থিতি প্রযুক্ত ঐ পুরীর নাম মহাকাল পুরী ইইয়াছে।

ভবিষ্যোত্তর লিখিত আছে, বিষ্ণুর মন্তক আবোধ্যা,
নাসা বারণসী, জিহুবামূল মধুরা, হুদর মারাপুরী, নাজি
ঘারাবতী, কটিদেশ কাঞ্চীপুরী, এবং পাদ অবন্তী। এই
হেতু অবস্থীর নামান্তর বিষ্ণুপাদ। বিষ্ণুপাদপুরী বিশ্বকর্মার রচিত। ইহা দীর্ঘে ও বোজন, প্রস্থে ১॥ বোজন।
পূর্বদিনে গোমতী কুণ্ড, তাহার তটে ক্লফের মন্দির,
মহাকালের ঘারদেশে জ্ঞানকুণ্ড, তাহার উত্তরে শিপ্রা
নদী, পুরীতে সিদ্ধেশর নামে এক বট রক্ষ আছে,
সেই ছানেই মঙ্গলেশর প্রতিষ্ঠিত। একদা বেক্ষা, বিষ্ণু ও
কৃদ্র ইতন্তত ভ্রমণ করত নগরীর বিশাল শোভা সন্দর্শন
করিয়া ঐ নগরীর নাম বিশালা রাখিলেন।

ক্ষমপুরাণে অবস্তীর এইরপ মাহাত্ম বর্ণিত আছে। এই পুরী বিকুপদে স্থাপিত বলিয়া ইহার নাম পাদবতী

^{*} নিজপুরাণ মতে এই বাদপ নিজ এই এই ছাবে ছালিত আছে। কথা— পোরাট্রে লোমনাথ, জালৈলে বল্পনার্জুন, উজ্জাননীতে মধানান, নর্বদা-ভটে ও কার, কাজীরে অমরেশ্বর ; মিমালরপুতে কেদার, ডাকিনাতে তীমপকর, বালা-গলীতে বিশ্বেশ্বর, গোত্থী মদার তটে এয়বন, চিতাভূমিতে বৈদ্যনাথ, নালকা-বলে নালেশ, এবং নেতৃবন্ধে রাদেশ্বর।

ও অবন্তী হয়। যুগে যুগে ইহার বিভিন্ন নাম হইরা থাকে; কুলিযুগে ইহার নাম উজ্জ্ঞানী। অবস্তী পুরীতে কলিকালের প্রাহ্রভাব নাই। যমদুত কদাচ ইহাতে প্রবেশ করিতে পারে না, তথার মরিলে শবদেহ হুর্গল্প ও ক্ষীত হয় না। পুরীতে এক সিদ্ধ বটরক্ষ আছে, দেই রক্ষ যে দর্শন ও ক্ষার্শন পার না। পুরীমধ্যে স্থানে স্থানে এক কোটি শিবলিক্ষ আছে, তদ্বাতীত অপর একটা যে শিবলিক্ষ ছাপিত আছে তাহা তিন ভাগ হইরা হাটকেশ্বর, মহাকালেশ্বর ও তারকেশ্বর নামে ত্রিলোক বাপ্ত আছে।

শক্তি-সঙ্গমতন্ত্রে লিখিত আছে, অবস্তী তাত্রপর্ণী
নদীতটে স্থাপিত। ঐ স্থানে এক কালিকা মুর্ত্তি আছে।
মংস্কপুরাণে কথিত হইয়াছে অবস্থীতে মন্ধলগ্রহের
উৎপত্তি হয়।

অবস্তীর আধুনিক যে অবস্থা তাহা উজ্জারনী শব্দে বর্ণিত হইবে।

আবস্তা। নদী বিশেষ ।—ভবিষাপুরাণ। এই নদী পারিপাত্র পর্বত হইতে নিঃস্থতা এবং উচ্জারিনী নিকটে প্রবাহিতা। উইলকোর্ড সাহেব কহেন অবস্থী শিপ্রানদীর অপর নাম, পরস্ত ক্রেমাণ্ডপুরাণ ও ভগবভীভাগবতের মতে শিপ্রাও অবস্থী, দুই ভিন্ন ভিন্ন নদী; এবং উইলসন সাহেবও অবস্থী ও শিপ্রা এই হই বিভিন্ন নদী বলিয়া নির্দেশ ক্রিয়াছেন।

অবস্থা। দশা। বৈদ্যক শাস্ত্রমতে চারি অবস্থা।
বাল্য, ১৫ বংসর পর্যান্ত; কোমার, ৩০ বংসর পর্যান্ত;
যৌবন, ৫০ বংসর পর্যান্ত; তংপরে বার্দ্ধক্য। পরস্তু
স্থাতিমতে ৫ বংসর পর্যান্ত কোমার, ১০ বংসর পর্যান্ত
পোরণ্ড, ১৫ বংসর পর্যান্ত কোমার, ১৬ বংসর
পর্যান্ত বাল্য, ৭০ বংসর পর্যান্ত যৌবন, তাহার পর
বার্দ্ধক্য এবং ১০ বংসরের পর বর্ষায়ান্ অবস্থা।

অবস্থান । সুর্য্যের পথ উত্তর, মধ্যম এবং দক্ষিণ এই তিন অবস্থান অর্থাৎ এই তিন ভাগে বিভক্ত। উত্তর অবস্থানের নাম ঐরাবত, মধ্যমের নাম জারদাব এবং দক্ষিণ অবস্থানের নাম বৈশ্বানর।—ভাগবতের টকা। অপর বিষয় অজবীধি শব্দে দ্রন্থীয়ে ।

অবিদ্যা। তম, মোহ, মহামোহ, তামিত্র ও অন্ধ-তামিত্র এই পাঁচ প্রকার অবিদ্যা।—বিষ্ণুপুরাণ। অপর বিষয় অন্ধতামিত্র শব্দে দ্রুইব্য।

অবিক্রি । (পাঠান্তরে অবিক্রিৎ) ইনি স্থ্যবংশীয় করন্ধনের পূল্ল।—বিষ্ণুপরাণ। মার্কণ্ডেয়পুরাণে লিখিত আছে বৈদিশার অধিপতি বিশাল স্বীয় কন্যা ভামিনীর স্বয়ন্থরের উদ্যোগ করিলে অবিক্রি বলপূর্বাক সেই কন্যাকে হরণ করেন। তাহাতে বিশাল রাজা ও স্বয়ন্থরে সমাগত রাজারা সকলেই অবিক্রির সহিত ঘোরতর মৃদ্ধ করেন, কিন্তু কেহই তাঁহাকে পরাক্ত করিতে পারেন নাই, অব-শেবে সকলেই মিলিয়া একেবারে তাঁহাকে আক্রমণপূর্বাক

वक्षन कतिया नहेशा बान्। व्यविकि व्यवस्युद्ध भेवन्हरस পতিত হইয়া কারাবাদে আবদ্ধ থাকিলেন। পরে রাজা-कंत्रक्षम मद्दान প্রাপ্তে युष्तमञ्जाপুর্বক বিশাল রাজার রাজধানীতে গমন করিয়া তাঁহাকে যুদ্ধে পরান্ত করেন। তখন বিশাল রাজা অবিফিকে কারামুক্ত করিয়া কর-कारमत निकटि जानितन वर श्रीय कन्ता जामिनीत्कल আনিয়া অবিক্রির সহিত বিবাহ দিতে উদ্যত হইলেন। কিন্তু অবিক্ষি অধর্ম যুদ্ধে পরাত্তব ও কারাবন্ধন অপমানে अखिमानी इहेशा कानमाउहे जाहार चीक्र इहेरनन ना, কহিলেন আমি আর বিবাহও করিব না, রাজ্যও করিব না। রাজা করন্ধম অনেক প্রবোধ প্রদান করিলেও অবিক্লির সেই প্রতিজ্ঞা দৃঢ় রহিল এবং তিনি তপস্থার্থ उत्भावत् भमन कतिलन। तांककनां अन्यवत् विमुशी হইয়া, যদি অধিকি ধিবাহ করেন ভাল, নতুবা তপস্তাতে জীবন পরিশেষ করিব এই প্রতিজ্ঞা করিয়া তপোবনে भमन कतिल। পরে দৈৰযোগে তপোবনেই উভয়ের পরস্পর সাক্ষাৎ হওয়াতে তাহাদিগের বিবাহ হয়। অবিকি বিবাহ করিলেন সভ্য, কিন্তু রাজ্য গ্রহণ করিলেন না। কালক্রমে व्यविक्तित क्षेत्ररम जामिनी-भर्ड मक्रल नारम अक शूरखत कब रहा। के शूक्तरक अविकि तांका श्राम कतिरमन, পরিণামে সেই মরুত রাজচক্রবর্তী হন।

ভাষীচি। নরক বিলেষ।—বিষ্কৃত্যাপ ও পদ্মপ্রাণ। অপর বিষয় নরক শব্দে দ্রকীবা। আব্যস্ত্র । তালের নামান্তর।—বিন্ধুপ্রাণ।
আশবি । বজ্জের নামান্তর।—অমরকোষ। সবিশেষ
বজ্জাকে জন্টব্য।

অশোকবর্জন। বিন্দুসারের পুত্র, এবং চন্দ্রগুণেরর পোত্র। — বিষ্ণুপুরাণ, তথা ভাগবত। বারুপুরাণে ইহাঁর নাম অশোক এবং ইহাঁর রাজত্ব কালত ৬ বংসর লিখিত হইরাছে। মংস্থাপুরাণ মতে ইহাঁর নাম শুক, এবং ইহাঁর রাজ্যকাল ২৬ বংসর।

অশোক মগধের প্রসিদ্ধ অধিপতি ছিলেন, রাজ্যা-ভিষেকের কিছু দিন পর বৌদ্ধ মত অবলম্বন করেন। কণিত আছে,ভাঁহার রাজবাটীতে ৬৪০০০বৌদ্ধগুরু প্রতি-পালিত হইতেন। উক্ত রাকা ভারতবর্ষের স্থানে স্থানে ৮৪০০০টী স্তম্ভ স্থাপিত করেন। ঐ স্তম্ভ এখনো কোন कान चारन मुखे रहा। ताक एवत अखीमन वर्गरत ताका অশোক বৌদ্ধদিগের এক মহা সভা করিয়া লক্ষা প্রভৃতি र्पाटम विश्वमे अठातार्थ वह छेलामक श्रीतन करतन। বৌদ্ধদিগের গ্রন্থে লিখিত আছে, বিচ্ফুসারের ১৬টা পত্নীর গর্ব্তে ১০১টা পুত্র জন্মে; অশোক তাহাদিগের এক भेज जनत्क मश्हात करतन। अहे निर्वृत अधर्म कार्याद्रकृ তিনি অশোক নামে খ্যাত হন। পরে তিনি স্বতি ধর্মনিষ্ঠ হওয়াতে তাঁহার নাম (धन्मामाक) ধর্মাশোক হর। বুদ্ধের মৃত্যুর ২১৮ বংগর পরে অপোক রাজ্যাভিবিক रुत ।

আশাক। (পাঠান্তরে অশাল এবং অশাক) জাতি বিশেষ। মহাভারত, রামায়ণ তথা বায়ু, মহস্ত ও মার্কণ্ডেয় পুরাণ মতে অশাক জাতি দক্ষিণ-দেশবাসী ছিল।

আশাক। ছুর্যাবংশীর রাজাবিশেষ, ইনি সোদাসের পুত্র, মদয়ন্তীর গর্ভ্জাত। মদয়ন্তী ঐ পুত্রকে সাত বৎসর গর্ব্ডে ধারণ করেন, পরে ব্যস্ত হইয়া এক তীক্ষ অশ্ম অর্থাৎ প্রস্তুর দ্বারা স্বীয় উদর ছেদন করাতে শিশু ভূমিষ্ঠ হয়। ইহাতে তাহার নাম অশাক হইল।—বিফুপরাণ। পরস্ত মহাভারত তথা ভাগবতের মতে অশাক দ্বাদশবর্ষ গর্ব্ডেছ পাকেন। অপর বিষয় সোদাস অথবা কল্মাষপাদ শক্ষে দেউবা।

অশ্রুত। (পাঠান্তরে অশ্রুত্তরণ) হাতিমানের পুত্র।

— নিজ, বায়ু তথা মার্কণ্ডের পুরাণ। এই এই পুরাণ মতে,

হাতিমানের হই পুত্র, শ্রীবাবন এবং অশ্রুত। পরস্ক

বিষ্ণুপুরাণে হাতিমানের একই পুত্রের উল্লেখ আছে,

তাঁহার নাম রাজবান।

আশুৰা। অশিনী প্ৰভৃতি সাতাশটী নক্ষরের মধ্যে আল্লেষা নবস। উহার আকার চক্রের ন্যায় ।— দীপিকা। এই নক্ষত্রে অন্দের কল র্থা অমণ, চ্ইচিন্ততা এবং স্কান কোষে ও অসন্ভোবে লোককে র্থা কই প্রদান, ইত্যাদি — কোটাপ্রদীশ।

্ অপ্তর । নাগ বিশেষ। কশ্যপের ঔরসে কক্তর গর্বে সহজ সংখ্যক নাগের কর্মা হর, উহারা বহুশিরা, ভ মহাবল পরাক্রান্ত। ইহাদিগের মধ্যে অশ্বতর একজন প্রধান। কাল্গুন মাসে সুর্যারপে যে নাগ যোজিত থাকে, সে এই অশ্বতর নাগ। বাসকি বিষ্ণুপুরাণ প্রাপ্ত হইয়া বৎস্তকে শিখান, বৎস্ত আবার অশ্বতরকে ঐ পুরাণ শিক্ষা দেন।—বিষ্ণুপরাণ, মহাভারত, বায়ু, ব্রহ্ম ও দিক্ষপুরাণ।

অশ্বতীর্থ । তীর্থ বিশেষ। কান্যকৃত্ত প্রদেশে যে স্থানে কালীনদী গঙ্গাতে মিলিত হয়, সেই স্থান অশ্বতীর্থ।

ভৃত্তবংশীর ঋচীক নামক জনৈক ত্রাদ্ধণ গাধি রাজার সত্যবতী নামী কন্যাকে বিবাহ করিতে প্রার্থনা করেন। রাজা তাঁহাকে কন্যা প্রদানে অসমত ছিলেন, কিন্তু অসমতিপ্রকাশ না করিয়া, আমি বে পণ চাহিব ইনি ভাহা কদাচ দিতে পারিবেন না ভাবিয়া, তাঁহার নিকটে সর্বাঙ্গ শ্বেতবর্ণ ও এক এক কর্ণ কৃষ্ণবর্ণ এমন এক সহল্র অশ্ব পণ স্বরূপ চাহিলেন। পরস্ক রাজার সেই মন্ত্রণা সিদ্ধ হইল না, ঋচীক বরুণের প্রসাদে ঐ অশ্ব-তার্ধ হইতে উক্তরূপ সহল্র অশ্ব প্রাপ্ত হইয়া তাহা প্রদানপূর্বক রাজকন্যার পাণিগ্রহণ করেন।—বিশ্বপুরাণ।

অশব্দ । রক্ষ বিশেষ।পদ্মপুরাণে অশ্বশ্বক্ষের উৎ-পত্তি বিষয়ে এইরপ লিখিত আছে,—জলন্ধর নামে এক রাক্ষ্য ইন্দ্রপদ প্রাপ্তি বাসনার ইন্দ্রের সহিত যুদ্ধ করে। সেই যুদ্ধে ইন্দ্র পরান্ত হইয়া শিবের শরণাগত হন, তাহাতে শিব স্বয়ং জলন্ধরের সহিত তুমুল রণে প্রবৃত্ত হইলেন। এ রাক্ষ্যের বিদ্ধা নামী এক পতিব্রতা পদ্ধী ছিল, শিবের সহিত জলন্ধরের যুদ্ধ আরম্ভ হইলে বিস্কা পতির প্রাণরকার্য বিষ্ণুর তপস্থা করিতে লাগিল, ডাহাতে জলজারের বধ কোনরপেই হয় না। ইহা দেখিয়া দেব-তারাও ভরে বিষ্ণুর শরণাগত হইলেন। বিষ্ণু জলন্ধরের রূপ ধারণ করিয়া বিন্দার তপোভঙ্গ করিবার নিমিত তাহার করগ্রহণ করিলেন। ষেমনই তাহার তপোড়ক হইল অমনি জলন্ধর যুদ্ধে শিবকর্ত্ত নিহত হইল। তাহাতে বিন্দা বিষ্ণুর প্রতি শাপ প্রদানে উদ্যত হইলে বিষ্ণু ভীত হইয়া বিন্দাকে সাস্ত্রনা করত কহিলেন, তুমি জলন্ধবের সহস্তা হও, তোমার ভব্মে যে রক্ষ ক্ষমিবে তাহা আমার স্বরূপ इहेरव, के तुक्रांक शृक्षा कतित्व आभात पृष्टि कचिरव। তোমার ভব্মে তুলসী, ধাত্রী, পলাশ ও অশ্বর্থ, এই চারি রক্ষ উৎপন্ন হইবে। জলাশয়ের নিকটে অশ্বত্থ রক্ষ রোপণ করিলে যে ফল হয় তাহা আমি শত মুখেও ব্যাখ্যা করিতে পারি না। পর্ব্ব দিনে ঐ অশ্বথের যত পত্র জলে পতিত হইবে তাহা রোপণকর্তার পিতৃলোকের অক্ষর পিও স্বরূপ इरेट । जनात्थत कल भन्न वर्धाए मार्भ उक्न कतिल রক-রোপণকর্তার অক্ষয় ফল লাভ হইবে। অশ্বমেধ প্রভৃতি যজে যেফল হয়, অশ্বর্থারক রোপণে তাহা লক रहेरत। के तरकत होता भा जायन वर परवजा बालत করিলে রক্ষ-রোপণকর্তার পূর্ব্ব-পুরুষদিগের অক্ষর স্বর্গ व्हेरेय। अम्बिन ७ शृकानि कतिरम, शृख इन्द्रि ७ बायु-इंबि इंदेर । अने बहरकह मूटन विकू, मरश महारमत,

ও অগুভাগে বন্ধার অবস্থান, অতএব সেই রক্ষ জগ-তের পূজ্য। শনিবার অমাবস্থাতে মৌনী হইয়া স্থান পূর্বক অগুণের বন্ধন করিলে সহজ্ঞ গাভী-দানের ফল হইবে।

व्यथामा । त्यानाचार्यात शूख, इसात गर्डशातिनीत নাম রূপী। দ্রোরপুত্র কমিবামাত্র উচ্চৈঃপ্রবা অধ্যের ন্যার শব্দ করিয়াছিলেন বলিয়া ভাঁহার অশ্বশ্বামা এই নাম হয়। অর্থামার অপর নাম দ্রোণি। ইনি কাতিতে তাল্প হইয়াও ক্জিয়-রভি যুদ্ধ শিকা করিয়া শক্তবিদ্যাতে বিল-क्ष रेनश्रुवा 'लाख करतन। वालाकारल व्यर्क्त इर्रवा-धनामि कुक्र-रालकशर्णत महिल हेहाँत अञ्चलिका हता। महाशाशी विनशा अर्ज्य ७ इट्याधन हेराँटक नथा मटमाधन পরস্ক পরিশেষে চিত্তচরিত্রের সাম্য প্রযুক্ত করিতেন। হুর্ব্যোধনেরই সহিত ইহাঁর অত্যন্ত প্রণয় হইয়াছিল। ভারত যুদ্ধে মহাবল অখ্থামা অসাধারণ পরাক্রম প্রকাশ করিয়া शंखिद-शक्तीय विख्य रिमना मश्हांत विदः चरनक महा-বীরকে পরাস্ত করিয়াছিলেন। ঘটোৎকচের পুত্র অঞ্জন-शक्तांटक भमन ममत्न तथात्रण करत्रन, शरत घटिंगे एकत्वत्र সক্তেও ঘোরতর যুদ্ধ করিয়াছিলেন। স্থারো ধৃউছ্যন্ন, সাত্যকি, এবং অর্জুন, নকুন প্রভৃতির সহিতও সংগ্রাম একদা মহাৰীর অশ্বামা ভয়ানক সংগ্রামে প্রবৃত হইয়া ঘটোৎকচ, মৃউছ্যয়, ভীম, নকুল, মহদেব, यूधिकित अवर नाछाकित नमृत्य जनश्या रखी, जन, সার্থি ও রথ সমেত এক অক্টেহিণী রাক্দী-সেনা সংহার করেন।

युष्कृत अक्षोविश्भ मिवटम कुक्र-कून विनाभ श्रेटन युद्ध शतिरागर इस। कूक-शक्तीय वीतश्रुक्त मर्था कृश, ক্লতবর্ঘা ও অশ্বথামা এই তিনজন মাত্র অবশিষ্ট ছিলেন, ভাঁহার। পলায়নপূর্বক আত্মরকা করেন। ছর্য্যোধন ভীমের সহিত গদাযুদ্ধে উরু ভঙ্গ হওয়াতে রণশায়ী षाहिन, तकनी সমাগত, এমত সময় অশ্বামা कृপ ও ক্লুতবর্ম্মা সমজিব্যাহারে হুর্যোধনের নিকটে আসিয়া বিস্তর শোক করিলেন। পরে অশ্বর্থামা পাগুর-শিবির আক্রমণ পুর্ব্বক পঞ্চ পাগুবকে সদৈন্যে সংহার করিতে অনুমতি প্রার্থনা করিলেন। হুর্য্যোধন অনুমতি দিলে তাঁহারা তিন জনে পাণ্ডব-শিবির অভিমুখে যাত্রা করিলেন। রাত্রি অন্ধকারারত, পথাপথ কিছুই লক্ষ্য হয় না, উহাঁরা আসিতে আসিতে পরিপ্রান্ত হইয়া এক রক্ষতলে কিঞ্চিৎ काल विलामार्थ छेशरवनन कतिरतन। शतकरागेरे कूश छ ক্লতবর্ষা দেই রক্ষতলেই নিদ্রাভিত্নত হইয়া পড়িলেন। ष्यश्रीमात्र नद्रान निजा नारे, किन्नार्श शास्त्र छ পাঞ্চালকুল নির্দান করি ইহা ভাবিতেছেন, এমত সময় দেখিলেন 🖢 রক্ষে আশ্রয় করিয়া অনেক শুলি কাক নিত্ৰা বাইতেছে। ইতিমধ্যে একটা পেচক হঠাৎ আসিয়া নিশেমে এক এক করিয়া ঐ নিদ্রিত কাক সকলকেই दश कतिल। जन्मित अर्थवामा मत्न मत्न किन्न कतितनन,

এই পেচক আমাকে উত্তম উপদেশ দিয়াছে, এইরপেই
আমি এই নিশীপ সময়ে গিয়া নিজিত শক্তদিগকে বিনা
কলহে বিনাশ করিব। পরে ক্লপ ও ক্লতবর্মাকে জাগাইয়া সেই মন্ত্রণা জিজ্ঞানা করিলে ক্লপ ও ক্লতবর্মা উভয়েই
তাঁহাকে দৃঢ় প্রতিষেধ করিয়া কহিলেন, এমত কলাচ
করিবে না, নিজ্ঞাভিভূত ও নিরস্ত্র শক্তকে আক্রমণ করা
অতি অসৎকার্য্য। কিন্তু অশ্বপামা তাঁহাদিগের নিষেধ না
শুনিয়া কহিলেন, অদ্যরাত্রে যদি পিতৃহস্তা শক্তদিগকে
প্রতিফল না দিই তবে বৈরনির্যাতনের আর উপার পাকিবে
না। ইহা কহিয়া পাগুব-শিবিরের দিগে গমন করিলেন।
ক্লপ এবং ক্লতবর্মাও পশ্চাৎ পশ্চাৎ চলিলেন।

এদিগে, যুদ্ধ পরিশেষে যুখিন্ঠির প্রভৃতি পাওবেরা কুরুশিবির হস্তগত করিয়া তথার রাজি মাপন করিতেছেন। পরস্ক পাওব-পদ্দীর ধৃউছায় এবং অপরাপর বীরপুরুষ পাওব-শিবিরে অবস্থিত আছেন; জৌপদীও পঞ্চপাওবের পাঁচটা সন্তানের সহিত সেই শিবিরে রহিয়াছেন। সৈন্য সামস্ত সকলেই রণ-পরিশ্রম জনিত নিজার অভিভৃত হইয়াছে। এমত সমরে অশ্বধামা শিবির দারে শৃভৃতিলেন, শৃভৃতিয়া দেখেন, এক অসত্তব বিকটাকার তেজঃপুঞ্জ দিবা পুরুষ দাররক্ষা করিতেছেন। অশ্বধামা তাঁহাকে চিনিতে না পারিয়া তাঁহার প্রতি অন্ত প্রয়োগ করিলেন, কিন্তু অন্ত তাঁহার শরীর প্রাপ্তমাত্র তথ্য হইল। তিনি পুনর্কার অত্তশেপ করিলে তাহাও তথ্য হইলা গেল।

এইরপে ক্রমে ক্রমে সমস্ত অন্ত নিঃশেষিত হইল। অখখামা তথন জানিতে পারিলেন কালাস্ত্রক মহাদেবই স্বয়ং
পাণ্ডব-শিবির রক্ষা করিতেছেন, অতএব বৈরনির্যাতন
আর তাঁহার অদৃষ্টে ঘটিবে না ভাবিয়া নিজপ্রাণ আছতি
প্রদান করিতে একাস্ত মানস করিলেন, ও মহাদেবের
প্রতি অনেক স্তৃতি বিনতি করিতে লাগিলেন। মহাদেব
ভাঁহার স্তবে তুই হইয়া তাঁহার ভক্তি পারীক্ষা করিতে
সমুধে একটা অগ্নিকুণ্ডের আবির্ভাব করিয়া দিলেন।
অশ্বখামা আত্মজীবন ত্ণতুল্য জ্ঞান করিয়া সেই অগ্নিমধ্যে প্রবেশ করিলেন। মহাদেব তথন সাতিশয় সম্ভই
ইইয়া আপনার তেজ ও থজা তাঁহাকে প্রদান পূর্বক
তথা হইতে অস্তর্জান করিলেন। অশ্বখামা মহাদেবের
তেজে সাতিশয় তেজেশ্বী হইয়া ক্রপ ও ক্রতবর্মাকে দার
রক্ষা করিতে বলিয়া সয়ং শিবিরমধ্যে প্রবেশ করিলেন।

ভারতযুদ্ধের পঞ্চম দিবসে অশ্বধামার পিতা দ্রোন
ধৃষ্টবৃদ্ধার কর্তৃক নিহত হইয়াছিলেন তাহাতে অশ্বধামা এই
প্রতিজ্ঞা করেন,আমি বদি ধৃষ্টবৃদ্ধকে বিনাশ না করি আমি
দ্রোণের পুত্র নহি, জীবন থাকিতে পাণ্ডবদিগের সহিত
যুদ্ধ করিতে কদাচ কান্ত হইব না। এই প্রতিজ্ঞা প্রতিপালনার্থ অশ্বধামা পাণ্ডব-শিবিরে প্রবেশ করিয়া ধৃষ্টবৃদ্ধ
বে গৃহে শন্তন করিয়া আছেন তথার প্রথমে সত্তর গমনপূর্বেক নিদ্রিত ধৃষ্টবৃদ্ধের মন্তকে পদাঘাত করিয়া তাহার
নিদ্রা ভক্ষ করিলেন। পরে তাহারকেশ ওপলকেশ গ্রহণ-

পূর্বক ভূতলে নিষ্পেষিত করিতে লাগিলেন। খৃষ্টছান্ন অকুট ৰচনে কহিলেন, আচার্য্যপুত্র। অন্তে মারিলে আমার স্বর্গ হইবে, অতএব অন্ত্র প্রহারেই আমাকে সংহার কর; পরস্তু অশ্বতামা তাহা না করিয়া তাঁহাকে পশুর ন্যায় বধ করিলেন।

এই ছৰ্ঘটনাতে ধৃষ্টহ্যমের শয়নগৃহে অবস্থিত স্ত্রীগণ চীৎকার করিয়া উঠিল। তাহাদিগের রোদন-ধনিতে ধৃঊ-দ্যুয়ের সৈন্যগণ গাজোখান করিয়া অন্ত শস্ত্র গ্রহণপূর্বক बर्টिडि वहिर्ड्ड हरेन, बदः अञ्जशाती बक शूक्रव धृष्टे-হ্যুদ্ধের শয়নাগীর হইতে বাহিরে যাইতেছে দেখিয়া তাহার পশ্চাৎ ধাবমান হইল। অশ্বত্থামা তাহাদিগের সহিত তুমুল যুদ্ধ করিয়া অনেককেই রণশয্যায় শায়িত করিলেন। পরে অ্ধাম্ক্র্য ও উত্তমোজাকে বিনাশ করিয়া অবশিষ্ট মহারথ-शनरक मःशत कतिराम । इंशांट निवित्रमाश क्रजूमिरभ মহা আর্ত্তনাদ ও হাহাকার ধনি উঠিল, এই গোলবোগে প্রতিবিশ্বা, স্বতদোম, শতানীক, শ্রুতকর্মা,ও শ্রুতকীর্ত্তি নামে দ্রোপনীর পাঁচটা পুত্র জাগৃত হয়। মাতৃল শত্রু-কর্ত্তক হত হইয়াছে ইহা শুনিয়া তাহারাও অক্তধারণ পূর্ব্বক অশ্বশামার সহিত খোরতর যুদ্ধ আরম্ভ করে, কিন্তু অশ্বশামা কিয়ৎকাল মধ্যেই খড়গদারা তাহাদিদের পঞ্ क्रानंत्रहे मलक हिमन कतिलान। शात निर्थाश्वरक व्यवः **ज्यामिक शांखव-रेमनामिश्रांक मश्रांत कतिया शिज्यापत्र** শোক শান্তি ক্রিলেন। অনন্তর অশ্বস্থাসা পাণ্ডব-তনমু-

দিনের পাঁচটা মুশু লইরা শিবিরের বহির্গত হইলে, ডং-পরে ক্প ও কৃতবর্মার সহিত মিলিয়া হর্ষ্যোধনের নিকটে চলিলেন। রাজা হুর্যোধনের তথন মুমূর্ অবস্থা, অশ্বশামা তাঁহার নিকটে গিয়া রাজির সমস্ত রভান্ত বর্ণন করিলে হুর্যোধন সেই মুমূর্ব দশাতেও অত্যন্ত সন্তোষ প্রকাশ-পূর্বেক কহিলেন, আচার্য্যপুত্র! যে কার্য্য জীয় ও কর্ণ করিতে পারেন নাই, তোমার পিতাও করিতে পারেন নাই, একা তোমাহইতে সেই চিরকালের অভিলম্বিত কার্য্য নির্বাহ হইল, ইহা বলিয়া তাহাকে আলিঙ্গন করিলেন, পরক্ষণেই রাজা হুর্যোধনের স্থ্য হয়।

পরদিবস প্রাতঃকালে পাণ্ডবেরা অধ্রথামার সেই
নির্চুর কার্য্য প্রবণ করিয়া পুজ-শোকে সাতিশয় কাতর
হইলেন। জোপদী অশেষ বিলাপ ও পরিতাপ করিয়া অব্দুদ্দেব ভীমকে কহিলেন, পুজহন্তা অধ্রথামার মন্তকচ্ছেদন
করিয়া তাহার মন্তকে বে সহজ মণি আছে তাহা আমাকে
আনিয়া দেও। ভীম তৎক্ষণাৎ সশস্ত হইয়া অধ্রথামার
পশ্চাৎ ধাবিত হইলেন। পরে ক্লম্ম ও অর্জুন উভয়ে
ভীমের সাহাধ্যে চলিলেন। ভীম ভাগীরথীতীরে অধ্রথামাকে দেখিতে পাইয়া যেমন তাঁহার বিনাশার্থ অন্তক্ষেপ
করিবেন অমনি অধ্রথামা তাঁহার প্রতি বেক্ষণির অন্তর্জ্ব

[°] ক্লব্ৰামূলে নিৰ্বিত আহৈ বাহার। সংক্ষমণি প্রাপ্ত হর, তাহাদের অন্তড়র পাকে বা এবং কুষাভুক্তা ও হর বা। অপর বিষয় সংক্ষমণি শব্দে ডাইব্য।

আসিয়া পঁত্ছিলেন, অখথামা ত্রন্ধার বাণ নিকেপ করি-রাছেন, কৃষ্ণ ইহা দেখিয়া তাহা প্রতিকারার্থ অর্জুনকে তৎক্ষণাৎ ভ্রকান্ত প্রয়োগ করিতে মন্ত্রণা দিলেন। অর্জ্বন তাহাই করিলেন। উভয় অন্ত্রের তেজে লগতের দাহ সম্ভাবনার বেদব্যাস সম্ভর তথায় আসিয়া উপস্থিত হই-লৈন, এবং অৰ্দ্ধন ও অশ্বশ্বামা উভয়কেই অন্ত্র সংহার করিতে আদেশ করিলেন। ব্যাস-বাক্যে অর্জ্ঞ্বন অন্ত্র সম্বরণ করিলেন ; অশ্বধামা কহিলেন অন্ত সংহার তুরিতে আমি জানি না, অতএব এই অস্ত্র অভিমন্থ্যুর পত্নী উত্তরার গর্ডে পতিত হউৰ্ক। অশ্বৰ্থামা এই কথা কহিলে অন্ত্ৰ সেই দিকে চলিল, তাহাতে রুফ অর্থপামাকে বিস্তর তিরস্কার করিয়া স্বয়ং উত্তরার গর্ম্ভ রক্ষা করিলেন। ভীম ও অর্জ্জুন ব্যাদের কথায় অশ্বত্থামাকে বধনা করিয়া উাঁহার মস্তক্ষণি গ্রহণপূর্বক ভাঁহাকে ছাড়িয়া দিলেন, দিলে অখথামা তপোবনে প্রবেশ করিলেন। অনন্তর ভীম ঐ সণি আনিয়া क्तिश्मीत्क अमान करत्ने।-महाजात्र ।

ভাগবতের মতে অশ্বত্থামারাত্রিকালে একাকী পাওবশিবিরে প্রবেশপূর্ব্ধক দ্রোপদীর নিদ্রিত পাঁচটা শিশুসন্ধানের মন্তক ছেদন করিয়া পলায়ন করেন। পরে অর্জুন
পুদ্রশোকে কাতরা দ্রোপদীকে আখাস প্রদানপূর্ব্ধক
অশ্বত্থামার পশ্চাৎ ধাবিত হন, ও ওাঁহাকে বন্ধনপূর্ব্ধক
দ্রোপদীর নিকটে উপস্থিত করেন। দ্রোপদী দ্রোণপুদ্ধকে
পশুর নায় পাশবদ্ধ এবং লক্ষার অধাসুধ দেখিয়।

দয়াপৃধ্বক কহিলেন, আমি বেমন পুত্রশোকে কাঁদিতেছি ইহাকে বধ করিলে ইহার জননীকেও দেইরূপ কাঁদিতে হইবে, অতএব বধ না করিয়া ইহাকে ছাড়িয়া দিন। পরে অর্জুন থড়াদ্বারা অথথামার মন্তক্মণি কেশের সহিত ছেদন করিয়া লইয়া তাঁহাকে বিমোচনপৃধ্বক তাড়াইয়া দিলেন।

পুস্তক বিশেষে দৃষ্ট হয়, অশ্বত্থামা মস্তক্ষণি প্রদান করিলে ভাঁছার মন্তকে কত হয়। বেদব্যাস কহিলেন যেমন তুমি কুকার্য্য করিরাছ তেমনি নহল বংসর পর্যান্ত তোমার এই মন্তকের ক্ষত থাকিবে। পরে বেদব্যাস অশ্বত্থামার মন্তক ক্ষলনির ্ঃথ দেখিয়া এই বর দেন, লোকেরা তৈল মাথিবার অথ্যে অপুলিতে করিয়া তোমাকে তিন বার তৈল-বিন্দু প্রদান করিবে, তাহাতেই তোমার মন্তকের ক্ষালা শান্তি হইবে; যে ব্যক্তি তোমার নামে অথ্যে তৈল প্রক্রেপ না ভরিয়া স্বয়ং তৈল মাথিবে, তাহার ক্রমহত্যার পাণ হইবে। সেই ব্যাস-বাক্যে লোকেরা ক্ষাণি তৈল মাথিবার সমন্ত্র অপ্রথামাকে তিনবার তৈল দিয়া থাকে।

অশ্বত্থামা শিবের ববে চিরজীবী হন। চিরজীবী বলিয়া লোকের জন্ম-তিথিতে অশ্বত্থামার পূজা করিবার বিশ্বি আছে।—শৃতি।

অশ্বভাষা। সাবর্ণি মনুর পূজা—ত্রকপুরাণ। অশ্বভাষি। মজদেশের রাজা। ইনি অশ্বপুজ নামক রাজার পুত্র। ইহাঁর পুত্রের নাম সত্যবান্ ও পুত্রবধূর নাম সাবিত্রী। অশপতি অল্প হওয়াতে জ্রাতিগোত্র সকলে একত্রিত হইয়া তাঁহাকে রাজ্যচ্যুত করে। তিনি কিছু দিন বনে পর্ণকূটীর করিয়া অতি হৃংথে জ্রীপুত্র সহ বাস করিয়াছিলেন। পরে ইহার পুত্রের বিবাহ হয়, সেই পুত্রবধূ সাবিত্রী যমের নিকটে বর প্রাপ্ত হন, ঐ বরে অশপতি পুনর্বার দিবা চকুলাভ করেন এবং স্বরাজ্যও প্রাপ্ত হন।—মহাভারত, তথা ব্রক্ষাওপুরাণ। অপর বিবরু সাবিত্রীশব্দে দ্রুইবা।

অশ্বেষ। বজ্জবিশেষ। মহাভারত মতে এই বজ্জের অশ্ব ছই প্রকার হইতে পারে। এক প্রকার, দর্বে শরীর স্থামবর্ণ, ও চিক্কণ, মনোহর স্বর্ণবর্ণ মুখ, ও খেতবর্ণ কর্ণ। অন্য প্রকার,দর্বাঙ্গ হৃত্ধকেনের ন্যায় শ্বেত ও শ্বামবর্ণ কর্ণ।

বোগবাশিষ্ঠ মতে অশ্বের এই এই লক্ষণ, অব বায়ুত্ল্য বেগবান, উটেচঃ প্রবার ন্যায় উন্নত, নবজলধরের ন্যায় স্থামবর্ণ ও বলবান, মুথ স্বর্গবর্ণ, পার্ম্বর মনোহর অর্ধ-চক্রাকার, পুচ্ছ বিহ্যতের ন্যায় চঞ্চল, উদর কুম্পপুষ্ণোর ন্যায় খেত, চরণ হরিদ্বর্ণ, কর্ণ সিম্পুরের ন্যায় রক্তবর্ণ, জিহ্বা জ্বলিত অগ্নির ন্যায় দেনীপ্রধান, চক্কুর্ম স্থ্যত্ল্য উজ্জ্বল, শরীর অস্থলাম এবং বিলোম ভাবে লোমনাজিতে বিরাজিত, গাত্রে বিচিত্রবর্ণ রজত-বিন্দু। এবং তাহার এতাদৃশ গাত্রপক্ষ বাহাতে গক্ষব্রও মুক্ষ হয়।

चर्यात्र विश्व।—रेग्ज मास्त्रत পूर्निमारक चर्च-

মেধ যক্ত আরম্ভ করিবে। যে পর্যান্ত যক্ত সমাপদ না হয় যক্তকর্জাকে কুতপ কাল অর্থাৎ বেলা ছই প্রহর একদণ্ড অতীত হইলে ভোজন করিতে ও জিতেন্দ্রিয় থাকিতে হইবে। রাত্রিকালে সন্ত্রীক ভূমিতে শয়ন করিবে, মধ্যে একথানি খড়া রাথিবে। স্থলয়ে অর্থাকে পূজা করিয়া তাহার ললাটে একথানি স্থর্গপৃত্ত-যুক্ত জয়পত্র লাধিয়া দিবে। তাহার রক্ষার্থ কোন প্রধান বীর পুরুষ সেনাসহ নিযুক্ত থাকিবে। অর্থের যথা ইচ্ছা গমন করুক্ তাহার প্রতিষেধ নাই, অরুচরদিগকে ভাহার সঙ্গে সক্ষে বাইতে হইবে। অর্থ যে স্থানে শয়ন করিবে, অরুচরেরা তথায় বিশ্রাম করিবে। ঐ ভ্রমণ কালে যদি কেহ অর্থ ধরে তাহাকে যুদ্ধে জয় করিয়া অর্থ প্রত্যাহরণ করিতে হইবে। সংবৎসরের পর অর্থ কিরিয়া আসিলে বেদমন্ত্রে তাহাকে পুনর্কার পূজা করিবে।

অখনেধ যজের অপরাপর বিষয় যুধিষ্ঠির ও সগর শব্দে দ্রষ্টব্য।

অশ্বমেধজ। চক্রবংশীর রাজা বিশেষ। ইনি রাজা জনমেজয়ের প্রপৌজ। অশ্বমেধজ ৮১ বৎসর পর্যান্ত নির্ব্বিরোধে রাজ্য করেন।—রাজাবদী।

আশ্বেশ্ব । বছবংশীর পতানীকের পুত্র।—বিকু-পুরাণ। ভাগবতে ইহাঁর নাম অশ্বেশ্বজ লিখিত হইরাছে। আশ্বেন। সর্প বিশেষ, তক্ষকের পুত্র। খাওব-বন নাহ কালে, তক্ষক কুরুক্তের গিরাছিল, অশ্বেন সাতার

সহিত এ বনে ছিল, সে আত্মরকার্থ অনেক যত্ন করিল, किस अर्जुत्नत वात्व क्रम हहेश द्वान क्राप्तहे भनावन করিতে পারিল না। তাহার জননী ইহা দেখিয়া খীয় পুত্রের প্রাণরকার্থ তাহার মন্তক অবধি পুক্ত পর্যান্ত প্রাস করিয়া আকাশ-পথে পলায়ন করিতে উদ্যোগ করিয়া-'ছিল, কিন্তু অর্জুন তীক্ষ বাণদারা তাহার মন্তক ছেদন क्तिरलन। े नमरत्र रेख अर्थरमरनत तका निमिष्ठ अर्ध्युनरक বাত-র্ফিছারা মোহিত করেন, তাহাতে অশ্বনেন মাতার জঠর হইতে নির্গত হইয়া পলায়ন করে। তদবধি অর্জ্ঞানের সহিত অশ্বসেনের অত্যন্ত শত্রুতা জম্মে। অশ্বসেন ভারত-যুদ্ধে আসিয়া ঐ মাতৃহস্তা অর্জ্ঞানের সংহার অভিপ্রায়ে কর্ণের সর্পবাণের সহিত মিশ্রিত হইয়া তাঁহার তুণমধ্যে থাকে। কর্ণ, অর্জ্জুনের কণ্ঠ লক্ষ্য করিয়া দেই বাণ কেপণ कैतित्वन। अश्वरमन करर्गत वाग रहेश अर्ज्जूनरक विनाम করিতে আসিতেছে, কৃষ্ণ ইহা জানিয়া তৎক্ষণাৎ অৰ্জুনের রথ কিঞ্চিৎ নমিত করিয়া দিলেন,তাহাতে ঐ বাণ অর্জনের কণ্ঠদেশে না লাগিয়া মস্তকের কিরীট ছেদন করিয়া চলিয়া शिल। अन्यरमन करर्नत्र निकटि शूनर्सात्र आगित्रा करिन. মহাশয়, আমি আপনকার অন্য কোন বাণের সহিত মিলিত হই, আপনি সেই বাণ অর্জুনের কণ্ঠ লক্ষ্য করিয়া পুনর্কার ক্ষেপ করুন্, আমি অর্জুনের মন্তক ছেদন করিয়া কেলিব। কৰ্ণ তাহাকে পরিচয় জিজ্ঞাস। করিলে দে কহিল আমি অধ্যেন নাগ, তক্ষকের পুত্র, থাওব-দাহে অর্জুন সামার

মাতাকে বিনাশ করিয়াছে, আমি ঐ মাতৃহন্তার প্রাণনাশ করিয়া প্রতিশোধ দিব। কর্ণ অভিমান-ভরে কহিলেন শক্তকে জয় করিতে অন্যের সাহায্য প্রতীক্ষা করা কা-পুরুষের কার্য্য, অতএব তোমার সাহায্য লইয়া শক্ত জয় করিলে লোকে আমার অযশ করিবে, তাহা অপেকা মরণও শ্রেয়ঃ। তোমার যথা ইচ্ছা গমন,কর, আমি সহা-য়তা প্রার্থনা করি না। এই কথা শুনিয়া অধ্যমেন স্বন্থানে প্রস্থান করিল।—মহাভারত।

অশাসু। পুরোরবার পুত্র।— মংস্ম তথা পদ্মপুরাণ। পরস্ক মহাভারত, ভাগবত, তথা বিষ্ণু ও অগ্নিপুরাণে পুরোরবার পুত্রগণ মধ্যে অশ্বায়ুর নাম দৃষ্ট হয় না।

অশ্বিনী। দক্ষপ্রজাপতির কন্যা, চন্দ্রের পত্নী।
সপ্তবিংশতি নক্ষরের মধ্যে অশ্বিনী প্রথম। ঘোটকের
মুখের ন্যায় ইহার আরুতি। এই অশ্বিনী নক্ষত্রে জন্ম
হইলে লোক সর্বপ্রকার সম্পতি প্রাপ্ত হয়, এবং বিনীত,
সংস্কৃতাব ও স্ত্রীবাধ্য হয়।—মহাভারত, জ্যোতিষ, তথা
কোপ্তিপ্রদীন। অশ্বিনী নাগবীধি অবস্থানের নক্ষত্ররাশি।—
ভাগবতের দীক।।

অখিনীকুমার। সুর্য্যের ষমজ সন্থান, বিশ্বকর্মার কন্যা সংজ্ঞার গর্ম্ভে জাত। ইহাঁদের অপর নাম আখিন, দশ্র, নাসত্য এবং আখিনের। অখিনীকুমারের জন্ম-রন্তান্ত এই,—সংজ্ঞা সুর্য্যের তাপ সন্থ করিতেন। পারিয়া আপনার সদৃশ ছায়া নামে এক কামিনীকে নিজ শরীর

হইতে বহিগত করিয়া তাহাকে কহিলেন, তুমি আমার প্রতিনিধি স্বরূপ এখানে ধাক, আমি কিছুকাল পিতৃগুহে চলিলাম। ছায়া তাহা স্বীকার করিয়া সুর্যাকে সেবা করিতে লাগিলেন। পরে ছায়ার পর্ত্তে শনি ও সাবর্ণি নামে চুইটা পুত্র এবং তপতী নামে একটা কন্যা জিখিল। ছায়া আপনার নেই সন্তানদিগকে এবং সংজ্ঞার গর্ভজ্ঞাত रिववश्रक ও यम वह इंहेंगे शूख ववः यमूना नारम वकि कना। मकनटकरे जुनाजार প্রতিপালন করিতে লাগিলেন। কিছু দিনের পর ছায়া দেখিলেন সুর্য্য সংজ্ঞার সন্তানের প্রতি যেমন ক্রেহবান তাহার সম্বানের প্রতি তেমন নন, ইহাতে সংজ্ঞার সন্থানের প্রতি ছায়ারও স্নেহ-শৈধিলা হইল। একদা যম অনাদর পূর্বক ঐ মাতৃরূপা ছারাকে পুদাস্থাত করিতে উদ্যত হইয়া চরণ উন্তোলন করিলেন, ছায়া তদ্ধটে ভাঁহাকে এই শাপ দিল, ভোমার চরণে ल्लीभन वाधि अर्थाए शाम इरेटा। उरक्नार जाराहे হইল। যম তাহা দেখিয়া আশ্চর্য্য চিত্তে পিতার নিকটে গিয়া কহিলেন, পিতঃ ! গর্ভধারিণী পুত্তকে কর্বনই শাপ প্রদান করেন না, অতএব আমাদের সূহে যিনি অবস্থান করিতেছেন ইনি মাতা না হইবেন। পরে পরা ঐ

^{*} অপর থেছে দৃষ্ট হর, ছারা বদকে এইরপ লাপ দেন, ভোষার পা কতন্ত্র এবং কৃমি পরিপূর্ণ হউক। বদের চরণ ঐরপ হইলে ভাষা আরোগ্য করিবার নিমিত প্রা ওাঁহাকে একটা কুক্ট প্রদান করেন। দেই কুক্ট ঐ কৃমি সকল এবং কত হইতে নির্গত পূঁজ তক্ষণ করিবা কেলিত।

ছায়াকে সত্য করিয়া পরিচয় দিতে কহিলে ছায়া শাপ ভয়ে যথার্থ কথা কহিলেন, প্রভো! আমি সংজ্ঞানহি, ওাঁহার প্রতিনিধি স্বরূপে আছি, তিনি আমাকে নিজ শরীর হইতে উৎপন্না করিয়া এন্থানে রাখিয়া পিতৃ-গৃহে গিয়া-ছেন। সুর্য্য তাহা শুনিয়া বিশ্বকর্মার বাটীতে চলি-লেন। সংজ্ঞা যথন পূর্য্যকে পরিত্যাগ করিয়া পিতার বাটীতে যান, তখন ভাঁহার পিতা বিশ্বকর্মা ভাঁহার প্রতি ক্রদ্ধ হইয়া কহিয়াছিলেন, তুমি পতিদেবা পরিত্যাগ করিয়া স্বেচ্ছাচারিণী হইয়া আসিয়াছ, আমি তোমার মুখাবলোকন করিতে চাহি না। সংস্ঞা পিতার কথা শুনিয়া অভিমানে সে স্থান পরিত্যাগ করিলেন, এবং উত্তর-কুরু-বর্ষে গিয়া অশ্বিনীরূপ ধারণপূর্ব্বক ভ্রমণ করিতে লাগিলেন। সুর্য্য বিশ্বকর্মার আলয়ে সংজ্ঞাকে না পাইয়া যোগদার। জানিলেন তিনি উত্তরকুরু-বর্ষে অশ্ব-শরীর ধারণ করিয়া প্রচ্ছন্না আছেন, অতএব সূর্য্যও অশ্বরূপ थात्रार्श्वक त्म ছात्न शयन कतित्तन। उथात्र किहू मिन ঐ অধিনী সহ একত্র অবস্থান করায় তাহার গর্ভে সুর্য্যের यमज इन्हों शूल बत्य, उांहानिरागत्रे नाम अधिनीकूमात হইল। ইহাঁরা ছুইটা একাক্কতি, এবং নিয়ত একত্র অবস্থান করিতেন, কথনই পৃথক কোপায় থাকিতেন না। ইহাঁরা চিকিৎসা বিদ্যার অভ্যন্ত সুপণ্ডিত, স্বর্গে ইহাঁরা চিকিৎসা क्ताटङ चर्रेका अहे छेनावि आश्वहन।- महानावछ। विकू-পুরাণমতে উত্তর-কুক্ল-প্রদেশে সংজ্ঞার গর্ভে হুইজন ষ্ণাখিন এবং রেবস্ত এই তিন পুত্র জম্মে। পরে সুর্য্য সংজ্ঞাকে নিজালয়ে স্থানয়ন করেন।

ভাগবত-মতে দংজ্ঞা ও ছায়। উভয়েই বিশ্বকর্মার কন্যা ছিলেন। মথস্থপুরাণে লিখিত আছে বিবস্থানের (সুর্যোর) তিনটা স্ত্রী.—রাজ্ঞী, প্রভা ও সংজ্ঞা। রাজ্ঞীর গর্ব্তে রেবন্ধ, প্রভার গর্ব্তে প্রভাত, এবং সংজ্ঞার গর্ব্তে মন্তু, যম ও যমুনার জন্ম হয়।

অপর বিষয় আশ্বিন শব্দে দ্রম্ভব্য।

অষ্টক। সুর্য্যবংশীয় বিকুক্ষির পুত্র। রাজা বিকুক্ষি স্বীয় পিতৃ-শ্রাদ্ধের উদ্যোগ করিয়া নিজপুত্র অইককে হগ-মাংসু আহরণ করিতে কহিলেন। অন্টক পিতার আজ্ঞায় বনে গিয়া মৃগ, বরাহ ও শশক মৃগয়া করেন। 🕝 পরি-শ্রিমে ভাঁহার অত্যন্ত কুধা হইলে তিনি আদ্ধের বিষয় ৰিস্মৃত হইয়া কিঞ্জিং শশক মাংদ ভক্ষণ করিলেন। পরে অবশিষ্ট সমুদয় মাংস আনিয়া পিতাকে দিলেন। বিকু-ক্ষির পুরোহিত বশিষ্ঠ অউকের শশক মাংস ভক্ষণ বিষয় ক্লানিতে পারিয়া রাজাকে কহিলেন, মহারাজ ! আপনার পুত্র প্রাদ্ধের নিমিত্ত উচ্ছিষ্ট দ্রব্য আনিয়াছে। রাজা তচ্ছৰণে প্রকুপিত হইয়া স্বীয় পুত্রকে দেশ বহিষ্কৃত করিয়া मिलान। शांत विकृषि शिक्-आफ लाश हरेन मिथेश পরিতাপে রাজ্য পরিত্যাগ পৃর্বীক তপোবনে গমন করেন। অন্টক তাহা শুনিয়া স্বদেশে প্রত্যাগমনপূর্বক স্বয়ং রাজ্য করিতে লাগিলেন। 'অউক শশক ভক্ষণ করাতে ভদবধি

উঁহার নাম শশাদ হয়।—ভবিষাপুরাণ, ভগবতীভাগবত, তথা হরিবংশ।

অষ্টক ! ঋষি বিশেষ। ইনি বিশ্বামিত্রের পুত্র,
দৃষদ্বতীর গর্ব্জে জাত। ইহাঁর অপর নাম বৈশ্বামিত্র।—
হরিবংশ তথা ব্রহ্মপুরাণ।—মহাভারতে কথিত আছে অফক
শ্বিষ যযাতি রাজার দেহিত্র এবং অত্যক্ত তপস্বী ছিলেন।
রাজা যযাতি ইন্দ্র সমীপেন্থীয় পুণ্য স্বমুখে কীর্ত্তন করাতে
অর্গ-ভ্রন্থ হন। পরে নিজ্প দেহিত্র এই অন্টকের তপস্থার
অংশে স্বর্গলোক পুনঃপ্রাপ্ত হইয়াছিলেন।

অষ্টকা। শ্রাদ্ধ বিশেষ। ইহা তিন প্রকার, পূপা-উকা, মাংসাউকা, এবং শাকাউকা। পোষমাদের রুঞ্জ-পক্ষের অউমীতে পূপাউকা, মাঘমাদের রুঞ্জাউমীতে মাংসাউকা, এবং ফাল্গুনমাদের রুঞ্জাউমীতে শাকাউক্প করিতে হয়।—ব্রহ্ম ও বাযুপুরাণ তথা বিশ্বুধর্মোত্তর।

অন্তমুর্ত্তি। শিবের নামান্তর।—শিবপুরাণ, রঘুবংশ তথা কিরাডার্জুনীয়। শিবের ৮টী মৃতি আছে। যথা সর্বনামে কিতি-মৃতি, ভবনামে জল-মৃতি, রুদ্রনামে আমি-মৃতি, উত্যনামে বায়ু-মৃতি, ভীমনামে আকাশ-মৃতি, পশুপতি নামে জয়মান-মৃতি, মহাদেব নামে চক্র-মৃতি, এবং ঈশান নামে পূর্য্য-মৃতি।—ভক্রদার। পরস্ক ক্রন্দপুরাণের টীকাকার লেখেন, পঞ্চভুত এবং চক্র, সূর্য্য ও আমি এই আটটী শিবের মৃতি।

अडेत्रथ। तीका विरमेश। इतिवर्तम विधिष्ठ जारह

ইনি ভীমরথের পুজ্ঞ।—পরস্ত বিষ্ণুপুরাণ ও ত্রহ্মপুরাণ মতে ভীমরথের পুত্রের নাম দিবোদাস।

অষ্টাকপাল। যাগ বিশেষ।—শ্ৰুতি।

অষ্টাঙ্গযোগ। যম, নিয়ম, প্রাণায়াম, আসন, ধ্যান, ধারণা, প্রত্যাহার ও সমাধি এই অফবিধ যোগ।—সাঝা।

অষ্টাবক্র । अधिविद्यात्र । ইনি ক্ছোড়ের পুত্র, সুমতির গর্ত্তে জাত। ইহাঁর মাতামহের ন'ম উদ্দালক। অফাবক্রের অঙ্গ আট স্থানে বক্র হওয়াতে তাঁহার এই নাম হয়। একদ। কহোড় বেদাধ্যয়ন করিতেছিলেন, সুমতি তথায় ছিল। পুত্র মাতৃগর্ভ হইতে কহিল, পিতঃ তোমার বেদাধায়ন **জশুদ্ধ হইতেছে। কংহাড় তাহাতে অপ্রস্তুত হইয়া গর্ভস্থ** পুত্রকে এই বলিয়া শাপ প্রদান করিলেন, তোমার মন এমন বক্র, পিতাকে অপমান করিলে, অতএব তুমি অফাকে বক্র হইয়া জন্মিবে। পরে এক দিন কহোড়ের পত্নী নিজস্বামীকে কহিল, আমার প্রস্বকাল উপস্থিত, বিঞ্চিৎ ধন না হইলে কিরপে ব্যয় সঙ্কুলান হয়। কহোড় তাহা শুনিয়া জনক রাজার যজ্জন্থানে ধন প্রার্থনায় গমন করিলেন। সেই যজ্জ-সভাতে বত্নণের পুত্র বন্দী আপমন করিয়া এই প্রতিজ্ঞায় বেদশান্ত্রের বিচার করিতেছিলেন.— আমার নিকটে যিনি বিচারে পরাস্ত হইবেন, তাঁহাকে জলে নিমগ্ন করিয়া দিব। এইরূপ প্রতিজ্ঞার কারণ, বরুণ সেই নময়েই যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন, ওাঁছার যজ্ঞে পুরোহিত প্রয়োজন, অত্এব তাঁহার পুত্র বন্দী বিচারে পরাজর

রূপ ছল করিয়া বেদজ্ঞ ত্রান্ধণদিগকে জল নিমগ্প করিয়া বরুণালয়ে প্রেরণ করিতেছিলেন। কহোড় জনক রাজার याख्य के वन्तीत निकार विघारत शताख इहाल वन्ती তাঁহাকে জল-নিমগ্ন করিয়া স্বীয় পিতা বরুণের যজে প্রেরণ করিলেন। এদিকে তাঁহার গর্ভবতী পত্নী অনু-পারে পিতার আলয়ে গিয়া অন্টাবক্রকে প্রসব করেন। অন্তাবক্র দেই মাতামহ উদ্ধালকের নিক্টে প্রতিপালিত इरेट नागितन। आठ वरमत वस्क्रम इरेल रेमवरल সর্ব্বশাস্ত্রে স্থাশিকত হইয়া উঠিলেন। অন্টাবক্র মাতা-মহকেই পিতা বলিয়া জানিতেন। এক দিবপ উদ্দালকের পুত্র শ্বেতকেতু নিজ পিতার ক্রোড়ে বসিয়া আছেন, অন্তাবক্র মেই ক্রোড়ে বসিতে ইচ্ছা করিয়া কহিলেন পিতঃ আমাকেও কোলে করিয়া নিন। তাহাতে শ্বেতকেতৃ কহিল ইনি তো তোমার পিতা নন, মাভামহ। এ কোর্লে তোমার অধিকার নাই, আমি ইহাতে বদিব। অন্টাবক্র তাহা শুনিয়া অভিমানে রোদন করিতে করিতে মাতার মিকটে গিয়া জিজ্ঞাসা করিলেন যা। আমার পিতা কোথায় ? মাতা সজল নয়নে কহিলেন, তুমি যথন গর্ভস্থ তখন তিনি ধনের নিমিত্ত জনক রাজার যজ্ঞে গমন করেন এবং তথায় বেদ-বিচারে পরাস্ত হইয়া জলে প্রবেশ করি য়াছেন। অভাবক মাতার নিকটে ইহা শুনিয়া পিতার উদ্দেশে জনকের রাজধানীতে গমন করিলেন। তথায় উপ-ছিত হইয়া প্রথমতঃ জনক রাজাকে বেদ-বিচারে পরাস্ত করিলেন। পরে সভাতে গিয়া বন্দীকেও পরাভব করিয়া তাঁহাকে জলনিময় করিতে উদ্যত হইলেন। তথান বন্দী কহিলেন আমি বরুণ পুজ, জলে ময় হওয়া আমার ক্লেশ-কর হইবে না, তুমি বাহার নিমিত্ত আসিয়াছ অবিলম্বেই সেই ফল সিদ্ধি হইবে, ইহা বলিয়া বন্দী আপনিই জলময় হইলেন। পর, দিবস বন্দী কহোড়কে প্রচুর বন্তালকার প্রদানপূর্বক সম্মানিত করিয়া অন্তাবকের সম্মিধানে আনয়ন করিয়া দিলেন। কহোড় পুজ্রমুথ সন্দর্শনে পরমপ্রীত হইয়া পুজ্রকে কহিলেন, বৎস তুমি বন্দীকে জয় করিয়া আমাকৈ উদ্ধার করিলে, অতএব আমি তোমার প্রতি অত্যন্ত সম্ভূষ্ট হইয়াছি। পরে অন্তাবক্র পিতার আদেশে প্রক্ষা নদীতে স্কান করেন, তাহাতে তাঁহার বক্রভাব দুরীভূত হইল।—মহাভারত, তথা ভবিষাপুরাণ।

বিষ্ণুপুরাণে লিখিত আছে,— দেবাসুর যুদ্ধে দেবতাদিগের জয় লাভ হইলে তহুদেশে সুমেরু পর্বতের উপরে
একটা মহোৎসব হয়। সেই মহোৎসবে রয়া, তিলোভমা
প্রভৃতি অনেক অপ্সরা যাইতেছিল। পথিমধ্যে অকীবক্রকে
আকণ্ঠ জলমগ্র হইয়া তপস্যা করিতে দেখিয়া ভক্তিপুর্বক
প্রণাম করত নানা প্রকার স্তব করিতে লাগিল। অকীবক্র
ভূষ্ট হইয়া তাহাদিগকে বর প্রার্থনা করিতে কহিলেন।
ক্রকটা অপ্সরা কহিল,আপনি ভূষ্ট হইয়াছেন ইহা অপেকা
আমাদিগের অভিলবিত বর কি আছে। অপর অপ্যরাগণ
কহিল, প্রভাে! যদি আপনি প্রশন্ন হইয়া থাকেন ভবে,

পুরুষোত্তম আমাদিণের স্বামী হন, এই বর প্রদান করুন্।
ঋষি তথাস্ত বলিয়া জল হইতে উঠিলে অপ্সরারা তাঁহাকে
অন্ত অঙ্গে বক্ত দেখিয়া হাস্ত করিয়া উঠিল। তাহাতে
অন্তাবক কুদ্ধ হইয়া কহিলেন, আমি তোমাদিগকে বর
দিয়াছি, দে বর অন্যথা হইবেনা, কিন্তু আমার বিরূপ অঙ্গ দেখিয়া তোমরা পরিহাদ করিলে, অতএর আমার বরে
তোমরা পুরুষোত্তমের পত্নী হইয়াও দম্ভেন্ত-গতা হইবে।

যহ্বংশধ্বংস হইলে অর্জুন ক্ষেরে পত্নী এই অপ্সরা-দিগকে সঙ্গে লইয়া মধুরাতে ঘাইতেছিলেন, অফাবক্রের ঐ শাপপ্রযুক্ত সেই কৃষ্ণপত্নীদিগকে পথিমধ্যে দম্যুতে হুরণ করে।

অস্টাবক্র সংহিতা। বোগশান্ত বিশেষ। অফীবক্র ঋষি জনক রাজাকে মোক্ষর্যে যে উপদেশ দেন তাহা এই এন্থে লিখিত আছে।

অসম। চক্রবংশীর যুযুধানের পুত্র। যুযুধানের অপর নাম সাতাকি। অসম অতি প্রতাপবান, পুণ্য-শীল এবং বলবান্ ছিলেন।—বিষ্ণু তথা পদ্মপুরাণ।

অসমঞ্জা। সুর্য্যবংশীয় সগর-রাজার পুত্র,কেশিনীর গর্ভজাত:—বিষ্ণুপুরাণ তথা ভাগবত। ত্রহ্মপুরাণে অসমঞ্চার পরিবর্ত্তে পঞ্চজন লিখিত আছে।

সমস্থা বাল্যকালাবধি প্রকাদিগের অহিতকার্য্যে রত ছিলেন। যে বালকদিগের সহিত ক্রীড়া করিতেন ভাহা-দিগের কাহাকে ধ্রিয়া প্রস্তুরে প্রকেপ, কাহাকে সরষূ নদীতে নিক্ষেপ, কাহাকে বা বিষমিশ্রিত দ্রব্য ভক্ষণ করাইয়া বিনাশ করিতেন। প্রজাদিগেরও কাহার গৃহে জার্মি দিতেন, কাহাকে বা বিনাশ করিয়া ফেলিতেন। অসমঞ্চার এইরপ দৌরাত্ম্য ক্রমে রজি পাইলে রাজার কর্ণগোচর হইল, তিনি পুল্রের এই সকল ব্যাপার শুনিয়া অত্যন্ত ক্রোধে তাঁহাকে দেশ হইতে বহিছ্নত করিয়া দিলেন। অসমগ্রার তাহাই মনোগত ছিল। তিনি ক্রমান্তরে যোগীছিলেন, কোন কারণবশতঃ যোগভ্রুই হওয়াতে প্র্যবংশে জন্মগ্রহণ করেন। পরস্ক তপস্থাপ্রভাবে কাতিমার হওয়াতে ভাবিলেন, যদি আমি শাস্ত-প্রকৃতি হই তাহা হইলে পিতা আমাকে রাজ্য দিয়া বিষয়ে আবদ্ধ করিবেন। এই নিমিত্তই তিনি উক্ত প্রকার হুরস্ত হন, তাহাতে পিতা তাঁহাকে দেশ বহিছ্নত করিয়া দিলে তিনি ক্বতকার্য্য জ্ঞানে তপস্থা

অসিকু । বীরণ প্রজাপতির কন্যা, দক্ষ প্রজাপতির পত্নী। ইহার অপর নাম বৈরণী। ইনি মহা তপঃসম্পন্না ছিলেন। এই পত্নীতে দক্ষ প্রথমে পাঁচ সহজ্র বীর্যাবান্ পুত্র উৎপাদন করেন, ইহারা হর্যাশ্বগণ নামে বিশ্ব্যাত। হর্যাশ্বগণ নারদের বাক্যে পৃথিবী পরিভ্রমণ করিতে গিরা আর প্রত্যার্ভ হইলেন না। তাহাতে দক্ষ ঐ অসিকুনতে শ্ববলাশ নামে ব্যাত আরও এক সহজ্র সন্তান উৎপন্ন করিলেন। তাহারাও পরিভ্রমণ করিতে গিরা আর কিরিল না। অনন্তর ঐ অসিকুনির গর্মে দক্ষপ্রজাপতির ৬০টী কন্যার

জন্ম হয়। দক্ষ দেই কন্যাদিগের ১০টা ধর্মকে, ১৩টা কশ্যপকে, ২৭টা চন্দ্রকে, ৪টা অরিষ্টনেমিকে, ২টা বহু-পুত্রকে, ২টা অঙ্গীরাকে এবং ২টা ক্লশাশ্বকে দান করেন।—বিষ্ণু তথা ভবিষাপুরাণ। অপরাপর বিষয় হর্মাশ্ব ও স্ববলাশ্ব শব্দে দুইব্য।

व्यक्ति । नहीं वित्यव। - महाबादक।

অসিলোমা। দানব বিশেষ, দমুর গর্ত্তে কশ্মপের কুরসে জাত। এই দানব মহাকায় ও মহাবল পরাক্রান্ত ছিল। একার বরে বল-দর্পিত হইয়া সাগরান্ত সমস্ত ভুমণ্ডল পরাজয় পূর্বক একচ্ছত্র রাজ। হয়। পরে বরুণ-লোকে গিয়া বরুণের সহিত ৫০ দিবদ পর্যান্ত ঘোরতর যুদ্ধ করিয়া ভাঁহাকে পরাস্ত করে। তৎপরে দেবলোকে যুদ্ধার্থ যাত্রা করিলে সমস্ত দেবগণ ভীত হইয়া পলায়ন পূর্ব্বক গিরি-গুহাতে লুকায়িত হইলেন। অনম্তর দেবতার। ত্রহ্মা ও শিবের সহিত মিলিত হইয়া বৈকুঠে গমন পূর্ব্বক বিষ্ণুর শরণাগত হন। বিষ্ণু সহাস্ত বদনে কহিলেন, আমি শ্বয়ং সেই অসিলোমার সহিত যুদ্ধ করিয়া তাহাকে পরাস্ত করিতে পারি নাই, তাহার বিনাশের নিমিত একটা স্ত্রী নির্মাণ করিয়াছি। এই কথা বলিলে বিষ্ণুর শরীর হইতে মহালক্ষ্মী আৰিৰ্ভূতা হইলেন। তাঁহার অফাদশ ভুজ, প্রত্যেক ভুজে অন্ত্র, সর্ব্ব শরীর নানা অলঙ্কারে বিভূষিত। দেবতারা তদ্দর্শনে বিশ্বয়ান্বিত হইয়া তাঁহাকে স্তব করিতে नांत्रितन। े जिनि खर्व श्रेमन्ना हरेग्ना अमिरलाभारक বধ করিবেন ইহা স্বীকার পূর্ব্বক সিংহার ছ হইয়া রণছলে গমন করিলেন। অসিলোমা তৎক্ষণাৎ সংগ্রামে প্রবৃত্ত হইয়া গদাদারা অগ্রেসিংহকে পরে ঐ মহালক্ষ্মীকে প্রহার করে, তাহাতে মহালক্ষ্মী খড়াাঘাতে তাহার মন্তকভেদন করিয়া তাহাকে নিধন করিলেন।—ভগবতীভাগবত।

মার্কণ্ডের পুরাণে লিখিত আছে, অসিলোমা মহিধা-সুরের একজন প্রধান দেনাপতি ছিল। ভগবতীর সহিত মহিধাসুরের যুদ্ধ উপস্থিত হইলে সেই যুদ্ধে অসিলোমা পঞ্চাশৎ নিযুত সৈন্যের অধ্যক্ষ থাকিয়া যুদ্ধ করে।

অসিপত্তবন। নরক বিশেষ। এই নরকন্থ রক্ষের পত্র সকল থজাকার। যে ব্যক্তি শাস্ত্র-মর্যাদ। লজ্জন করিয়া স্বেচ্ছাত্রসারে কুপথগামী হয় সে এই নরকে যায়, ঐ নরকন্থ রক্ষের থজাকার পত্র নিয়ত তাহার গাত্র-চ্ছেদন করিতে থাকে।—ভাগবত তথা ভবিষ্যপুরাণ।

বিষ্ণুপুরাণে লিখিত আছে যাহার। অকারণে রক্ষ-চ্ছেদন করে তাহারা এই অদিপত্রবন নরকে যায়।

অসী। নদী বিশেষ।—শহাতারত। এই নদী বরণা নদীর
দক্ষিণদিগে গঙ্গাতে সংমিলিত হয়, পরে উত্তরমুখী হইয়া
বরণাতে সঙ্গতা হইয়াছে। কাশী এই হই নদীর মধ্যন্থিত
হওয়াতে তাহার অপর নাম বারাণসী হয়।—এক্টবৈর্ত্ত
ও পল্পরাণ। ক্ষন্পপুরাণে আরো লিখিত আছে অসীনদীর
সহিত যে ছানে গঙ্গার সঙ্গম সেই ছানে স্থান করিলে
মুক্তি হয়। অসীর সঙ্গমের কোণ গঙ্গার দার স্বর্ত্তা, ঐ

স্থানে আসঙ্গমেশ্ব নামে এক শিবলিঙ্গ প্রতিষ্ঠিত আছে।

নারদ সংহিতাতে কথিত হইয়াছে, অঁসী কৈলাসের নদী। শিব ঐ নদীকে কৈলাসপর্বত হইতে আকর্ষণ করিয়া গঙ্গাতে মিলিত করিয়া দেন।

অসীমকৃষ্ণ। চক্রবংশীয় রাজাবিশেষ, ইনি অশ্বমেধ-দত্তের পুত্র।—বিষ্ণুপুরাণ।

বায়ুপুরাণে অসীমক্ষের পরিবর্ত্তে অধিদামকৃষ্ণ, এবং মংস্থাপুরাণে অধিদোমকৃষ্ণ লিখিত হুইয়াছে। রাজা-বলীতে বর্ণিত আছে অসীমকৃষ্ণ ৭৫ বংদর নির্বিরোধে রাজ্য করিয়াছিলেন।

অসুর। ব্রদ্ধা অন্তোনামে বিখ্যাত চতুর্বিধ স্ফিতে প্রবৃত্ত হইলেপূর্ব্বসংস্কার বশতঃ তমোগুণ তাঁহাকে আশ্রয় করে, সেই সময় তাঁহার জঘনহইতে অস্তরগণ উৎপন্ন হয়। ইহারা স্থরা অর্থাৎ বারুণীকে অগ্রাহ্ম করাতে ইহাদিগের নাম অস্তর হয়। অস্তরেরা ব্রদ্ধার কন্যা সন্ধ্যাকে বিবাহ করে।—ভাগবত, তথা বিষ্ণুপুরাণ। বিশেষ বিশেষ অস্তরের রৃত্যন্ত তত্তৎ শব্দে দ্রুইব্যা।

অসুর। ময় নামক দানবের পুত্র। এই দানব অত্যন্ত বলবান্ ও পরাক্রমশালী ছিল। তাহার জ্ঞ অর্থাৎ হাই উঠিলে ইক্রজাল বিদ্যা প্রভাবে তিনটী পুংশ্চলী স্ত্রী তাহার মুখ হইতে নির্গত হইয়া ত্রিলোকে ভ্রমণ করিত।
—ভগবতীভাগবত। অস্তাচল। পশ্চিম পর্বত। ইহার অপর নাম অস্ত-গিরি।—হেমাজি।

অন্তি। মর্গধ দেশাধিপতি জরাসন্ত্রের কন্যা, কংশের পত্নী। জরাসন্ধ রাজার অন্তি ও প্রাপ্তি নামে হুইটা কন্যা জন্মিরাছিল, কুংশ উভয়েরই পাণিগ্রহণ করেন।—বিষ্ণুগুরাণ।

অস্থিমালী। শিবের নামান্তর।—হেমচন্দ্র।

অহঙ্কার । মহথহইতে উৎপন্ন। অহকার তিন প্রকার, বৈকারিক, তৈজস, এবং ভূতাদি। ভূতাদি অহকার হইতে আকাশের উৎপত্তি।—মহাভারত,বায়ু ও বিফুপুরাণ।

সাংখ্যকারিকা তথা সাংখ্যকে মুদীর মতেও মহৎ হইতে অহঙ্কারের উৎপত্তি। উহা সাত্মিক, রাজ্যদিক, ও তামসিক এই ত্রিবিধ।

অহংযাতি ৷ পুরু বংশীয় সংযাতির পুত্র।—বিষ্ণুপুরাণ। মৎস্ঠাপুরাণে ইহাঁর নাম বহুবাদী লিখিত হইয়াছে।

অহঃ 1 ত্রন্ধার চারি প্রকার শরীর, যথা,— জ্যোৎস্না, রাত্তি,অহঃ, ও সন্ধ্যা।—বিষ্ণু, পদ্ম ও লিঙ্গপুরাণ তথা ভাগবত।

অহল্যা। র্দ্ধধ্বের কন্যা, গোত্তমের পত্নী। র্দ্ধশ্বের একটা পুত্র ও একটা কন্যা এই হুইটা যমজ সন্থান হয়,পুত্রের নাম দিবোদাস কন্যার নাম অহল্যা। গোত্স ঋষি একদ্যা স্থানে গমন করিয়াছেন, ইত্যবসরে দেবরাজ ইন্দ্র গোত্তমের রূপ ধারণ করিয়া অহল্যার নিক্টে আগমনপূর্বক স্থীয় অভিলাব প্রকাশ করেন। অহল্যা তাঁহাকে দেবরাজ জানি-য়াও তাঁহার প্রার্থনায় সন্মতা হন। ইন্দ্র গোত্সাপ্রম হুইতে ৰহিৰ্গত না হইতে হইতেই ঋষি আদিয়া উপস্থিত হইলেন। গোতম ইন্দ্রকে আপনার বেশধারী দেখিয়া সবিশেষ জানিতে পারিয়া ক্রোধে তাঁহাকে তইক্ষণাৎ শাপ* দিলেন৷ পরে স্বীয় পত্নী অহল্যাকেও এই বলিয়া শাপ দেন, পাপীয়দি তুই যেমন হুক্ষার্য্য করিলি এই আশ্রেম বহুসহস্র বৎসর ভস্মের উপর অবস্থিতিপূর্ব্বক্ নিরাহারে বায়ু ভক্ষণ করিয়া অন্যের অদৃষ্ঠা হইয়া প্রস্তরভাবে থাক্, দিবারাত্র কেবল আপনার হৃষ্কর্মের অনুতাপ করিস্, রাম এই আশ্রামে আগমন করিলে তোর শাপ মোচন হইবে, उथन जुरे शूनर्सात जाभन एन था थ रहेवि। धरे कथा কহিয়া ঋষি হিমালয়ে তপদ্যার্থ গমন করিলেন। অহল্যা ভব্মে আচ্ছাদিত অগ্নিকণার ন্যায় লোকের অদুশ্যা হইয়া তদ্রপেই সেই আশ্রমে থাকিলেন। বহুকালের পর বিশ্বা মিত্র ও লক্ষ্মণের সহিত রাম্মিথিলা গমনকালে বিশ্বা-গিতের আদেশে সেই গোতম**ঋষির আ**শ্রমে প্রবেশ করেন। তাহাতেই অহল্যার শাপ মোচন হয় এবং তিনি পবিত্রা হইয়া পুর্বে শরীর প্রাপ্ত হন। অহল্যার শাপ মোচনে স্বর্গে ব্রুক্তভিশ্বনি ও পুষ্পার্টি হইতে লাগিল এবং গৌতমখাবি আসিয়া ভাঁছাকে পুনর্গ্রহণ করিলেন। --- রামায়ণ তথা ব্রহ্মাণ্ডপুরাণ।

ভগবতীভাগবতে অহল্যা অফাদশ ধর্ম-কামিনীদিগের

^{*} ইন্জের প্রতি গোড়ম যে শাপ দেন ভাহা রামায়ণে লিখিত আছে কিন্ত উহা প্রকাশারোগ্য।

মধ্যে সর্ব্বাথ্যে পরিগণিতা। মহাভারতে লিখিত আছে অহল্যার নিত্যব্যরণে মহাপাতক নাশ হয়।

অহল্যা। রাজা ইন্দ্রহানের পত্নী। উক্ত রাজার রাজ্যে ইন্দ্র নামে একব্যক্তি কামুক বাস করিত। রাজপত্নী এই অহল্যা পুরাণে অহল্যা ও ইন্দ্রের উপাধ্যান শুনিয়া ঐ কামুক ইন্দ্রের প্রতি অত্যাসক্তা হয়। রাজা কোনরূপেই তাহাদিগের প্রণয় ভঙ্গ করিতে পারিলেন না, তাহাদিগকে হস্তিপদে বন্ধন পর্যায়ও করিয়াছিলেন, তাহাতেও কিছু হইল না, অবশেষে তাহাদিগকে দেশ-বহিদ্ধৃত করিয়াদিলেন।—বোগবাশিষ্ঠ।

অহিচ্ছত্র। (পাঠান্তরে অহিচ্চেত্র। পঞ্চাল রাজ্যের উত্তর-অর্ধাংশ প্রদেশের নাম অহিচ্ছত্র। — মহাভারত। পঞ্চাল রাজ্য প্রথমে দিল্লী নগরীর উত্তর ও পশ্চিম-দিগে হিমালর পর্বত অবধি চয়ল নদী পর্যান্ত বিস্তৃত ছিল। পরে দোণাচার্য্য অর্জুনের সহায়তার পঞ্চালের রাজা ক্রপদকৈ পরাজয় করিয়া ঐ রাজ্য হুই অংশে বিভাগ করেন। গঙ্গার উত্তরকুলবর্তী অর্জাংশ স্বীয় অধীনে রাখিয়া গঙ্গার দক্ষিণ অর্দ্ধাংশ চম্বলনদী পর্যান্ত ক্রপদ রাজাকে পুনঃ প্রদান করেন। ঐ উত্তর অর্জাংশের নাম অহিচ্ছত্র এবং তাহার রাজধানীর নাম অহিচ্ছত্র।

্ অহিবুধু। রুজ বিশেষ। ভূতের পুজ, সরপার গর্জে জাত।—ভাগৰত। বায়ুও ত্রহ্মপুরাণ মতে অহিত্রগ্নামক রুজ ক্ষাপের পুত্র, সুরভীর গর্জ জাত। পরস্ত বিষ্ণু- পুরাণে যে একাদশ রুদ্রের নাম লিখিত হইয়াছে তন্মধ্যে অহিত্রপ্পের নাম দৃষ্ট হয় না। এই পুরাণ মতে অহিত্রপ্প বিশ্বকশ্বার পুত্র।

অহীনগু। স্থ্যবংশীয় রাজাবিশেষ। ইনি দেবা-নীকের পুত্র।—বিষ্ণু, ভগ্নি, লিঙ্গ, ব্রহ্ম ও কুর্মপুরাণ। রঘু-বংশে লিখিত আছে, অহীনগু সদা সৎসংস্থা কালযাপন করত প্রবল প্রতাপে রাজত্ব করিয়াছিলেন।

আহীনর । চক্রবংশীয় রাজাবিশেষ। ইনি উদয়নের পুত্র — বিষ্ণুপুরাণ। ভাগবতে ইহাঁর নাম বহিনর লিখিত আছে।

অক্ষকুমার। রাবণের পুত্র। রামদূত হনুমান লঙ্কাতে দীতার অনেষণে গমন করিয়া রাবণের মধুবন ভঙ্গ করে, তাহাতে রাবণ হনুমানকে ধরিয়া আনিতে নিজপুত্র অক্ষকুমারের প্রতি আদেশ করিলেন। অক্ষুমার হনুমানকে ধরিতে গেলে তাহার সহিত যুদ্ধ উপস্থিত হয়, দেই যুদ্ধে হনুমান অক্ষুমারকে নিধন করে।—রামারণ।

অক্ষপাদ। গেতিমের নামান্তর *।—ভারত টাকা। গোতমের প্রণীত দর্শনশান্তের নাম অক্ষপাদ-দর্শন। গোতমশব্দে অপর বিষয় দুষ্টব্য।

অক্ষোহিণী। সেনাগত সংখ্যা বিশেষ। হস্তী ২১৮৭০, রথ ২১৮৭০, অশ্ব ৬৫৬১০, পদাতিক ১০৯৩৫০, সমষ্টি

[°] গোতমের চরণে ছুইটা চক্ষু হইয়াছিল বলিয়া তাঁহার নাম অক্ষপাদ হয়, এইরূপ লোকপ্রবাদ।

২১৮৭০০, ইহাতে এক অক্ষেহিণী হয়।—অন্যকোষ।
মহাভারতে লিখিত আছে, ১রথ, ১ হস্তী, ৫পদাতিক,
৩ অশ্ব, ইহাতে এক পত্তি হয়। পত্তি ত্রিগুণ করিলে এক
সেনামুখ হয়। ৩ দেনামুখে এক গুলা, ৩ গুলো এক গণ,
৩ গণে এক বাহিনী, ৩ বাহিনীতে এক পৃতনা, ৩ পৃতনায়
এক চমু, ৩ চমুতে এক অনীকিনী, ১০ অনীকিনীতে এক
অক্ষেহিণী হয়।

ভারতযুদ্ধে ১৮ অক্ষেহিণী দৈন্য সমবেত হয়, তন্মধ্যে যুধিষ্ঠিরের ৭ অক্ষোহিণী, এবং হুর্য্যোধনের ১১ অক্ষোহিণী







